# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Kartik 26, 1431 Bangla, November 11, 2024, Monday, No. 316, 54th year

# H I G H L I G H T S

Chief Adviser Prof. Muhammad Yunus urges Singapore to assist in recovering billions of dollars laundered from Bangladesh & to help minimize the cost of migration from Bangladesh. (BBC: 08)

Law, Justice & Parliamentary Affairs adviser says, interim govt. is set to urge Interpol to issue a red notice to bring back fugitives including Sheikh Hasina for trial at ICT in July-August genocide case. (BBC: 06)

BNP Standing Committee Member Maj (Retd) Hafiz Uddin Ahmed comments that former PM Sheikh Hasina who is staying in India now wants to live by using Donald Trump's picture. (Jago FM: 19)

Field politics suddenly heated up centering AL program at zero point of Gulistan, anti-discrimination student movement held a rally there. About half 50 people were beaten up & handed over to police on suspicion of Awami League activists. (DW: 13)

Police arrested 10 individuals in raids in Dhaka over allegations of implementing Sheikh Hasina's order to tarnish US-BD relationship & recovered a large amount of posters, placards & cash. (BBC: 07)

There has been no arrest or crackdown on supporters of newly elected US President Donald Trump in BD. Interim govt.'s press wing Facts has claimed such news published in an Indian media as fake. (Jago FM: 19)

A case has been filed against 19 individuals, including former Grameen Bank Chairman Dr AKM Saiful Majid, on allegations of forcibly occupying & attacking Grameen Telecom. (BBC: 05)

Garment workers demanding overdue wages have blocked Dhaka-Mymensingh highway in Gazipur for over 24 hours, bringing traffic to a standstill on highway, causing commuters to suffer greatly.(BBC: 06)

The body of six-year-old Muntaha, who went missing from her house on 3 November, was recovered from a pond in Sylhet's Kanaighat upazila. 5 people have been arrested in this incident. (BBC: 06)

BJP's national president JP Nadda says, once BJP government is voted to power in Jharkhand, every Bangladeshi will be thrown out of the state. (Jago FM: 27)

5 more deaths were reported from dengue & 1337 more patients were hospitalized yesterday. The death toll rose to 355 so far this year. (Jago FM: 34)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**কার্তিক ২৬, বাংলা ১৪৩১, নভেম্বর ১১, ২০২৪, সোমবার, নং- ৩১৬, ৫৪তম বছর**

# শিরোনাম

বাংলাদেশ থেকে পাচার হওয়া বিলিয়ন ডলার পুনরুদ্ধার এবং অভিবাসনের ব্যয় কমাতে সহায়তা করার জন্য সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। (বিবিসি: ০৮)

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দায়ের করা জুলাই-আগস্ট গণহত্যা মামলায় শেখ হাসিনাসহ পলাতক আসামিদের বিচারের মুখোমুখি করতে অন্তর্বর্তী সরকার শীঘ্রই ইন্টারপোলের মাধ্যমে রেড অ্যালার্ট জারি করতে যাচ্ছে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। (বিবিসি: ০৬)

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন অন্য দেশে বসে যুক্তরাষ্ট্রের সদ্য নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছবি আশ্রয় করে বাঁচতে চান বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ। (জাগো এফএম: ১৯)

শহীদ নূর হোসেন দিবসে ঢাকার গুলিস্তানের জিরো পয়েন্টে আওয়ামী লীগের কর্মসূচিকে কেন্দ্র করে হঠাৎ মাঠের রাজনীতি উত্তপ্ত হলেও সেখানে সমাবেশ করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। তবে আওয়ামী লীগ সন্দেহে ওই এলাকায় প্রায় অর্ধশত ব্যাক্তিকে মারধরের পর তাদের পুলিশের হাতে তুলে দেয়া হয়েছে। (ডয়চে ভেলে: ১৩)

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক নষ্ট করার জন্য হাসিনার নির্দেশ বাস্তবায়ন চেষ্টার অভিযোগে ঢাকায় অভিযান চালিয়ে পুলিশ ১০ জনকে গ্রেপ্তার করেছে এবং বিপুল পরিমাণ পোস্টার, প্ল্যাকার্ড ও নগদ টাকা উদ্ধার করেছে। (বিবিসি: ০৭)

বাংলাদেশে যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমর্থকদের কোনো গ্রেফতার বা দমন অভিযানের ঘটনা ঘটেনি। ভারতীয় একটি গণমাধ্যমে এ ধরনের প্রকাশিত সংবাদকে জাল বলে দাবি করেছে অন্তর্বর্তী সরকারের প্রেস উইং ফ্যাকটস। (জাগো এফএম: ১৯)

গ্রামীণ টেলিকম ভবনে হামলা ও দখলের অভিযোগে গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদসহ ১৯ জনকে আসামি করে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেস্ট আদালতে মামলা দায়ের করা হয়েছে। (বিবিসি: ০৫)

তিন মাসের বকেয়া বেতন ও কারখানা খোলার দাবিতে গাজীপুরে টানা প্রায় ২৪ ঘণ্টারও বেশি সময় ধরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রেখেছেন পোশাক শ্রমিকরা। এতে মহাসড়কের দুই পাশে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। অবরোধে মহাসড়কে চলাচলকারী যাত্রীরা চরম ভোগান্তিতে পড়েছেন। (বিবিসি: ০৬)

নিখোঁজের সাত দিন পর সিলেটের কানাইঘাট থেকে শিশু মুনতাহা আক্তার জেরিনের লাশ উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় শিশুটির প্রতিবেশী মা, মেয়ে ও নাতনিসহ পাঁচ জনকে আটক করা হয়েছে। (বিবিসি: ০৬)

ভারতীয় জনতা পার্টির (বিজেপি) জাতীয় সভাপতি জেপি নাড্ডা বলেছেন, ঝাড়খণ্ডে বিজেপি ক্ষমতায় এলে প্রত্যেক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে বের করে দেওয়া হবে। (জাগো এফএম: ২৭)

ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে গতকাল মারা গেছেন ৫ জন এবং ১৩৩৭ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছরে ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫৫। (জাগো এফএম: ৩৪)

# বিবিসি

## মাঠেই নামতে পারেনি আওয়ামী লীগ, জিরো পয়েন্ট এলাকার যে চিত্র দেখা গেল

রাজধানী ঢাকার বঙ্গবন্ধু অ্যাভিনিউতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের গেটেই দেখা গেল বিএনপি নেতাকর্মীদের অবস্থান। তাই ক্ষমতাচ্যুত হওয়ার তিন মাস পর নূর হোসেন দিবসে বিক্ষোভ কর্মসূচি ডাক দিয়েও এদিন মাঠে নামতে পারেনি আওয়ামী লীগ। কয়েকজন আওয়ামী লীগ নেতাকর্মী সেখানে আসলেও তাদের মারধরের শিকার হতে হয় বিএনপি নেতাকর্মীদের হাতে। মারধরের শিকার এমন কয়েকজন আওয়ামী লীগ নেতাকর্মীকে আটক করে নিয়ে যেতেও দেখা গেছে আইনশৃঙ্খলা বাহিনীকে। রোববার সকাল থেকেই গুলিস্তান, বঙ্গবন্ধু এভিনিউ ও জিরো পয়েন্ট এলাকায় হকিস্টিক, ক্রিকেট খেলার স্টাম্প, লাঠিসোঁটা-সহ মিছিল শোডাউন ও মিছিল করতে দেখা যায় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের। আত্মগোপনে থাকা আওয়ামী লীগ শনিবার তাদের ভেরিফাইড ফেসবুক পেইজে নূর হোসেন দিবসে কর্মসূচি পালনে দলীয় নেতাকর্মীদের অংশ নেওয়ার আহ্বান জানায়। এরপরই তা প্রতিহত করার ঘোষণা দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন-সহ আওয়ামী লীগ-বিরোধী বিভিন্ন সংগঠন।

শনিবার রাত থেকে জিরো পয়েন্টের নূর হোসেন চত্বরে অবস্থান নেওয়ার পর রোববার জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের উত্তর গেটে সংগঠনটি গণজমায়েত কর্মসূচি পালন করে। এই কর্মসূচিতে অংশ নিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ বলেন, "আওয়ামী লীগ গণহত্যার সাথে যারা জড়িত, যতদিন তাদের বিচার নিশ্চিত না হবে ততদিন দলটির জনসম্মুখে আসার কোনো অধিকার নেই।"

এদিকে নূর হোসেন দিবসে গুলিস্তানের জিরো পয়েন্ট চত্বরে ফুল দিতে আসে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীরা। তাদেরও কেউ কেউ এসময় গণহত্যায় জড়িত থাকার অভিযোগ এনে আওয়ামী লীগের বিচার ও রাজনৈতিক দল হিসেবে তাদের নিষিদ্ধের দাবিও জানায়। দুপুর সাড়ে এগারোটার দিকে আমরা যখন বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের কার্যালয়ের সামনে যাই তখন সেখানে ছোট ছোট জটলা করে অবস্থান করছিল বিএনপি ও তাদের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। তাদের কারো কারো হাতে ছিল লাঠি, স্টাম্প। অনেকেই আবার মাথায় পতাকা বেঁধে বঙ্গবন্ধু এভিনিউয়ের আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে স্লোগান দিচ্ছিলেন। দুপুর দেড়টার দিকে শাহবাগ, রমনা থানাসহ বিভিন্ন জায়গা থেকে বিএনপির নেতাকর্মীরা একে একে মিছিল নিয়ে আওয়ামী লীগ কার্যালয়ের সামনে অবস্থান নেয়। তাদের কারো কারো মাথায় যুবদল কিংবা বিএনপি লেখা ব্যান্ড বাঁধা থাকতেও দেখা গিয়েছে। বিপ্লবী নামের বিএনপির এক নারী সংগঠক ক্রিকেট খেলার স্টাম্প হাতে নিয়ে স্লোগান দিচ্ছিলেন আওয়ামী লীগ কার্যালয়ের ঠিক গেটে। বিবিসি বাংলাকে তিনি বলছিলেন, "এই স্টাম্প নিয়ে এসেছি, আওয়ামী লীগ তো বলছে আসবে। সাহস থাকে তো তারা আসুক। আমরা তাদের "আপ্যায়ন, করব।„

বেলা দুইটার দিকে রাস্তার ওপর অবস্থান নিয়ে স্লোগান দিতে শুরু করে বিএনপি নেতাকর্মীরা। রমনা থানার এক বিএনপি কর্মী এসময় বিবিসি বাংলাকে বলেন, "জুলাইয়ে আওয়ামী লীগের হাতে কত মানুষ মারা গেলো, হাজার হাজার মানুষ চোখ হারাল, পঙ্গু হলো। অথচ দলটির কোন অনুশোচনা নেই। এখন তারা আবার ছাত্রদের রক্তের ওপর কীভাবে রাজনীতিতে ফিরতে চায়?„ বঙ্গবন্ধু এভিনিউয়ের আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়টি পুড়িয়ে দেয়া হয় গত পাঁচই আগস্ট। সেটি কার্যত এখন একটি পোড়া ধ্বংসস্তূপ। কর্মসূচিতে অংশ নিতে এসে বিএনপি নেতাকর্মীদের অনেককেই সেখানে এসে সেলফি তুলতেও দেখা যায়। গুলিস্তানের বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে যখন বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা এই কর্মসূচি পালন করছিল তখন কিছুক্ষণ পরপরই হৈচৈ ও জটলা দেখা যায়। দুপুর আড়াইটা। হঠাৎই পঞ্চাশোর্ধ্ব এক ব্যক্তি সেখানে আসলে বিএনপি নেতাকর্মীরা তাকে মারধর করতে শুরু করে। তখন তিনি নিজেকে বিএনপি সমর্থক বলে দাবি করেন। কিন্তু সেখানে উপস্থিত বিএনপির কয়েকজন তাকে আওয়ামী লীগের কর্মী বলে মারধর শুরু করে। ওই ব্যক্তির মোবাইল ফোনটিও চেক করা হয়। পরে তাকে উদ্ধার করে নিয়ে যায় পুলিশ সদস্যরা। ঠিক তার কয়েক মিনিটের মাথায় সেখানে যুব মহিলা লীগের এক কর্মীকে ধাওয়া দেয় বিএনপির কয়েকজন নারী কর্মী। সেখানে বিপ্লবী নামে ওই বিএনপি কর্মীও ছিলেন। নিজেকে বাঁচাতে যুব মহিলা লীগের ওই কর্মী বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ের দোকানে আশ্রয় নিতে চেষ্টা করলে তাকে ধরে এনে পুলিশে দেওয়া হয়।

একই সময় ঠিক আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের ঠিক সামনে থেকে আরেক নারী কর্মীকে মারধর করে পুলিশে দেয় বিএনপি নেতাকর্মীরা।

এর আগে সকালে ওই এলাকায় জয় বাংলা স্লোগান দিয়ে আওয়ামী লীগের কয়েকজন মারধরের শিকার হয়েছেন বলে স্থানীয় কয়েকজন দোকানদার বিবিসি বাংলাকে জানিয়েছে। বিকাল সাড়ে তিনটার দিকে গুলিস্তানের বঙ্গবন্ধু স্টেডিয়ামের গেটে দুইজনকে মারধর করা হয়। তাদের একজন গলায় প্রেস লেখা কার্ডও ঝুলিয়ে রেখেছিলেন। তার কাছে পরিচয় জিজ্ঞেস করা হলেও বিবিসি বাংলাকে কিছু জানাননি তিনি। তবে এদিন আওয়ামী লীগের আরো দুয়েকজন

নেতাকে 'প্রেস' লেখা কার্ড ও মুখে মাস্ক দিয়ে বঙ্গবন্ধু অ্যাভিনিউ এলাকায় অবস্থান করতে দেখা গেছে। কিন্তু তারা কোনও ধরনের মিছিল বা স্লোগানে অংশ নেয়নি। শনিবার রাতে ভাবী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছবি-সহ কয়েকজন আওয়ামী লীগ কর্মীকে রাজধানীর বিভিন্ন এলাকা থেকে আটক করা হয়েছিল। তবে রোববার বঙ্গবন্ধু এভিনিউতে যাদের আওয়ামী লীগ সন্দেহে মারধর ও আটক করা হয়েছে তাদের কারো হাতে এধরনের কোন ছবি বা প্ল্যাকার্ড দেখা যায়নি। শনিবার আওয়ামী লীগ নূর হোসেন দিবসে বিক্ষোভ কর্মসূচি ঘোষণার পর ওইদিন রাতেই তা প্রতিহত করতে গুলিস্তানের জিরো পয়েন্ট এলাকায় গণজমায়েতের ডাক দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। এর আগে শনিবার রাত থেকেই তারা ওই এলাকায় অবস্থান নেয়।

রোববার দুপুর সাড়ে ১২টার দিকে `ফ্যাসিবাদ প্রতিরোধ মঞ্চ,-র ব্যানারে অনুষ্ঠান শুরু করে সংগঠনটি। সেখান থেকে সংগঠনটির নেতারা আওয়ামী লীগের বিচার ও তাদের রাজনীতি বন্ধে সরকারের কাছে দাবিও জানায়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সংগঠক ও সমন্বয়ক সারজিস আলম এসময় বলেন, "রাজনৈতিক বিভাজন ভুলে আওয়ামী লীগকে ঠেকাতে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে„। তিনি বলেন, এখন কেউ কেউ বিগত ১৬ বছরের দুঃশাসনকে ভুলে গত ৩ মাসের পেছনে লেগেছে। গণমাধ্যমকে এ ব্যাপারে সজাগ থাকারও আহ্বান জানান তিনি। এই গণজমায়েত কর্মসূচিতে কেন্দ্রীয় সমন্বয়ক ছাড়াও গণঅভ্যুত্থানে আহত ও নিহতদের পরিবারের সদস্যরাও উপস্থিত ছিলেন। সন্ধ্যায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ বলেন, "আওয়ামী লীগ ফিরবে, অবশ্যই ফিরবে, তবে, সেটি হচ্ছে বিচারের জন্য, ফাঁসির কাষ্ঠে ঝোলার জন্য। গণহত্যার বিচার না হওয়া পর্যন্ত তারা রাজনীতি করতে পারবে না।„এই কর্মসূচি ঘিরে ওই এলাকায় বেশ তৎপর ছিল আইনশৃঙ্খলা বাহিনীও।

সকালে গুলিস্তানের জিরো পয়েন্টের দিকে যেতেই সচিবালয়ের সামনে চোখে পড়ে সেনাবাহিনীর দুটি এপিসি গাড়ি ও তল্লাশি চৌকি। সামনে এগিয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে গিয়ে দেখা যায় সেনাবাহিনী ও পুলিশের কড়া পাহারা। কিছুক্ষণ পরপর বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবির টহল টিমের টহলও লক্ষ্য করা যায়। বঙ্গবন্ধু স্টেডিয়াম ও গুলিস্তানের বিভিন্ন পয়েন্টে সেনাবাহিনীর সদস্যদের একেকটি দলকে টহল দিতে দেখা যায়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ওই এলাকায় আওয়ামী লীগ সন্দেহে যারাই মারধরের শিকার হয়েছেন তাদেরকে উদ্ধার করতে বেশ তৎপর ছিল পুলিশ। এর মধ্যেই সকাল থেকে জিরো পয়েন্টে নূর হোসেন চত্বরে ফুল দিতে আসে বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতাকর্মীরা। সেখানে ফুল দিয়ে তাদের অনেককেই আওয়ামী লীগ বিরোধী স্লোগান দিতেও দেখা যায়। এই এলাকা ঘিরে বিক্ষোভ মিছিল করে ছাত্র শিবির, গণঅধিকার পরিষদসহ বিভিন্ন দল ও সংগঠন।

(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## মন্ত্রণালয় বরাদ্দ পেলেন নতুন দুই উপদেষ্টা, পুনর্বণ্টন করা হয়েছে মন্ত্রণালয়

নতুন তিনজন উপদেষ্টার মধ্যে দু,জনকে মন্ত্রণালয় বরাদ্দ দিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। এছাড়া অন্যান্য উপদেষ্টাদেরও মন্ত্রণালয় পুনর্বণ্টন করা হয়েছে। মন্ত্রিপরিষদ সচিব ড. শেখ আব্দুর রশীদ স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে। অবিলম্বে এ আদেশ কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে। নতুন উপদেষ্টা মোস্তফা সরোয়ার ফারুকীকে সংস্কৃতি মন্ত্রণালয় বরাদ্দ দেওয়া হয়েছে। শেখ বশিরউদ্দীনকে বাণিজ্য মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাদ্দ দেওয়া হয়েছে। এখনও মন্ত্রণালয় দেওয়া হয়নি নতুন উপদেষ্টা মাহফুজ আলমকে। এছাড়া আসিফ মাহমুদ সজীব ভুঁইয়ার মন্ত্রণালয় পুনর্বণ্টন করা হয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পরিবর্তে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাদ্দ দেওয়া হয়েছে তাকে। পাশাপাশি আগে থেকেই রয়েছে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

ব্রিগেডিয়ার জেনারেল (অব:) ড. এম সাখাওয়াত হোসেনকে নৌ-পরিবহন মন্ত্রণালয়ের পাশাপাশি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পরিবর্তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত উপদেষ্টা আলী ইমাম মজুমদারকে খাদ্য মন্ত্রণালয় বরাদ্দ দেয়া হয়েছে। এছাড়া প্রধান উপদেষ্টা তার নিজের দায়িত্বে ছয়টি মন্ত্রণালয়ের পরিবর্তে চারটি মন্ত্রণালয় রেখেছেন। উপদেষ্টা সালেহ উদ্দিন আহমেদ, আসিফ নজরুল এবং হাসান আরিফের মন্ত্রণালয়ও পুনর্বণ্টন করে দিয়েছেন প্রধান উপদেষ্টা। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## ডেঙ্গুতে এ বছর এখনও পর্যন্ত ৩৫৫ জনের মৃত্যু

ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘন্টায় আরো পাঁচ জন মারা গেছেন। বাংলাদেশে এ বছর এখনও পর্যন্ত ডেঙ্গুতে মারা গেছেন মোট ৩৫৫ জন। এছাড়া গত এক দিনে ডেঙ্গু আক্রান্ত হয়ে এক হাজার ৩৩৭ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭২ হাজার ৩৯৩ জনে। স্বাস্থ্য অধিদপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রোববার সকাল পর্যন্ত ২৪ ঘণ্টায় হাসপাতালে ভর্তি ডেঙ্গু রোগীদের মধ্যে ঢাকার দুই সিটি করপোরেশন এলাকায় ৪৪৩ জন, ঢাকা বিভাগে ৩৩৭ জন, ময়মনসিংহে ৪৮ জন, চট্টগ্রামে ১৬২ জন। এছাড়া খুলনায় ১৩৯ জন, রাজশাহী বিভাগে ৬৯ জন, রংপুর বিভাগে ৩৩ জন, বরিশাল বিভাগে ১০১ জন এবং সিলেট বিভাগে পাঁচ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। যারা মারা গেছেন তাদের মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এবং ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় চারজন মারা গেছে। ঢাকা বিভাগের হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় একজনের মৃত্যু হয়েছে। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## সেখ বশির উদ্দিন, মোস্তফা সরোয়ার ফারুকী এবং মাহফুজ আলম নতুন উপদেষ্টা

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে নতুন আরও তিন জন শপথ নিয়েছেন। তারা হলেন ব্যবসায়ী সেখ বশির উদ্দিন, চলচ্চিত্র পরিচালক মোস্তফা সরোয়ার ফারুকী এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মো. মাহফুজ আলম। সন্ধ্যা সাড়ে সাতটায় বঙ্গভবনে তাদের শপথ পাঠ করান রাষ্ট্রপতি মোহাম্মদ সাহাবুদ্দীন। দেশের শীর্ষস্থানীয় শিল্প গোষ্ঠী আকিজ-বশির গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সেখ বশির উদ্দিন। নতুন উপদেষ্টা-সহ এখন উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা ২৪ জনে দাঁড়িয়েছে। সকাল থেকেই জল্পনা ছিল পাঁচজন নতুন উপদেষ্টা হতে পারেন। একই সাথে তাদের জন্য গাড়িও প্রস্তুত রাখার খবর জানা যায়। কিন্তু সন্ধ্যায় মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি তিনজন উপদেষ্টার শপথ নেয়ার কথা জানান।

ছাত্র-জনতার অভ্যুত্থানে গত পাঁচই আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর আটই আগস্ট অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার শপথ নেয়। প্রথম দফায় প্রধান উপদেষ্টার সঙ্গে ১৬ জন এবং দ্বিতীয় দফায় আরও চারজন উপদেষ্টা সরকারে যুক্ত হয়েছেন। প্রধান উপদেষ্টাকে নিয়ে এতদিন উপদেষ্টা পরিষদে ছিলেন ২১ জন।
(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## তিনজন নতুন উপদেষ্টা আজ শপথ নেবেন

তিনজন নতুন উপদেষ্টা আজ (রোববার) শপথ নেবেন বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদ। সন্ধ্যায় সচিবালয়ে সাংবাদিকদের এ কথা জানান তিনি। মি. রশীদ বলেন, ”কয়েকজন নতুন উপদেষ্টার শপথ গ্রহণ করাবেন মহামান্য রাষ্ট্রপতি। আমরা প্রস্তুত আছি। বঙ্গভবনে যাব আমরা। এখন পর্যন্ত যতটুকু বুঝেছি তিন জনের শপথ হতে পারে। এখন পর্যন্ত তিন জনের শপথ গ্রহণের কথা জানতে পেরেছি। কাকে কোন দপ্তর দেয়া হবে এটা প্রধান উপদেষ্টার অধিকার”, বলেন মি. রশীদ। শপথ নেওয়ার পর প্রধান উপদেষ্টার সম্মতি মিললে দপ্তর পুনর্বণ্টনও হয়ে যেতে পারে বলে আভাস দেন মন্ত্রিপরিষদ সচিব। তিনি বলেন, ”সাড়ে সাতটায় তিন জন শপথ নিতে পারেন। নামগুলো জিজ্ঞেস না করাটাই ভালো। দপ্তরবণ্টন মাননীয় প্রধান উপদেষ্টার অধিকার। তিনি কাকে কোন দপ্তর দেবেন আজকে নির্দেশ করলে আজকেই নোটিফাই করে দেব। আমরা রেডি আছি।„
(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## উপদেষ্টা পরিষদে যুক্ত হতে যাচ্ছেন আরও পাঁচ উপদেষ্টা, সন্ধ্যায় শপথ

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে নতুন আরও পাঁচ জন উপদেষ্টা যুক্ত হতে যাচ্ছেন। সন্ধ্যা সাড়ে সাতটায় বঙ্গভবনে তাদের শপথ অনুষ্ঠিত হবে বলে নিশ্চিত করেছেন বঙ্গভবনের প্রেস সচিব মো. জয়নাল আবেদীন। স্থানীয় গণমাধ্যমের খবরে জানা যাচ্ছে, এরই মধ্যে নতুন উপদেষ্টাদের জন্য পাঁচটি গাড়ি প্রস্তুত রাখতে বলা হয়েছে। গত পাঁচই আগস্ট শেখ হাসিনার সরকার পতনের তিনদিন পর আটই আগস্ট অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকার গঠিত হয়। প্রধান উপদেষ্টাসহ উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা এখন ২১ জন।
(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## গ্রামীণ টেলিকম ভবনে হামলা ও দখলের অভিযোগে মামলা

গ্রামীণ টেলিকম ভবনে হামলা ও দখলের অভিযোগে গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদসহ ১৯ জনকে আসামি করে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়ের করা হয়েছে। রোববার ঢাকা মেট্রোপলিটন আদালতের বিচারক পার্থ প্রতিম মামলাটি গ্রহণ করেন। রাজধানীর শাহআলী থানাকে মামলাটি তদন্ত করে এফআইআর দায়ের করতে নির্দেশ দিয়েছে আদালত। মামলায় অভিযোগ করা হয়, নোবেল জয়ী অর্থনীতিবিদ ড. ইউনূসের গড়া প্রতিষ্ঠান গ্রামীণ টেলিকমের প্রধান কার্যালয়ে হামলা ও দখল করার উদ্দেশে চলতি বছরে ১২ই ফেব্রুয়ারি হামলা চালানো হয়। এই হামলার নেপথ্যে ছিলেন গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদ এবং ব্যারিস্টার মাসুদ আকতারসহ অনেকে বলে মামলায় উল্লেখ করা হয়েছে। তাদের বিরুদ্ধে দখল, ভাংচুর, লুটপাট ও প্রতারণার অভিযোগ আনা হয়েছে। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## 'শেখ হাসিনাকে ফেরাতে ইন্টারপোলে রেড অ্যালার্ট জারি করবে সরকার'

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দায়ের করা জুলাই-আগস্ট গণহত্যা মামলায় শেখ হাসিনাসহ পলাতক আসামিদের ফিরিয়ে আনতে সব ধরনের পদক্ষেপ নেবে সরকার। এজন্য শেখ হাসিনাসহ পলাতক আসামিদের বিচারের মুখোমুখি করতে অন্তর্বর্তী সরকার শীঘ্রই ইন্টারপোলের মাধ্যমে রেড অ্যালার্ট জারি করতে যাচ্ছে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। রোববার তিনি সাংবাদিকদের এ কথা বলেছেন। এ সময় আন্তর্জাতিক অপরাধ আদালত আইসিসিতে দেয়া আওয়ামী লীগের অভিযোগ সরকার আমলে নিচ্ছে না জানিয়ে আইন উপদেষ্টা বলেন, দেশের মর্যাদা ক্ষুণ্ণ করতেই সরকারের বিরুদ্ধে আইসিসিতে অভিযোগ দিয়েছে আওয়ামী লীগ। "অভিযোগটি কোনোভাবেই গৃহীত হওয়ার কারণ নেই," বলে মন্তব্য করেন তিনি।

আসিফ নজরুল বলেন, "এটা কোনো মামলা না, এটা আইসিসির প্রসিকিউশন অফিসকে একটা পিটিশন লেখে জানানো। এটা পৃথিবীর যে কোনো মানুষ করতে পারে। এটা এতই একটা অবিশ্বাস্য ও বস্তুনিষ্টহীনতামূলক মামলা কোনোভাবেই এটার রিট হওয়ার কোনো কারণ নাই।" ইন্টারপোল বা ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশন হল এমন একটি আন্তর্জাতিক সংস্থা, যেটি সারা বিশ্বের পুলিশ এবং অপরাধ বিশেষজ্ঞদের একটি নেটওয়ার্কে সংযুক্ত ও সমন্বয় করে। এর প্রধান কাজ অপরাধীদের ধরতে আন্তর্জাতিক পুলিশকে সহায়তা করা, যেন বিশ্বের সব পুলিশ অপরাধের বিরুদ্ধে এক হয়ে কাজ করতে পারে। যদি একটি দেশের আসামি সেখানে অপরাধ করার পর অন্য দেশে চলে যায়, তখন সেই আসামীকে ধরতে ইন্টারপোলের সহায়তা লাগে। সংস্থাটি অপরাধের তদন্ত, ফরেনসিক ডেটা বিশ্লেষণ সেইসাথে পলাতকদের খুঁজে করতে সহায়তা করে। এক্ষেত্রে ওই দেশকে সন্দেহভাজন অপরাধীর যাবতীয় তথ্য দিয়ে রেড নোটিশ জারির জন্য আবেদন করতে হয়। তবে ইন্টারপোল কোন আসামীকে ধরিয়ে দেয়ার আবেদন পেলেই তার বিরুদ্ধে রেড নোটিশ জারি করতে পারে না বলে জানিয়েছেন পুলিশের সাবেক কর্মকর্তারা।

(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক ২৪ ঘণ্টা ধরে অবরোধ, চরম দুর্ভোগে যাত্রীরা

তিন মাসের বকেয়া বেতন ও কারখানা খোলার দাবিতে গাজীপুরে টানা প্রায় ২৪ ঘণ্টারও বেশি সময় ধরে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রেখেছেন পোশাক শ্রমিকরা। এতে মহাসড়কের দুই পাশে প্রায় ৩০ কিলোমিটার এলাকা জুড়ে ব্যাপক যানজটের সৃষ্টি হয়। অবরোধে মহাসড়কে চলাচলকারী যাত্রীরা চরম ভোগান্তিতে পড়েছেন। বেশিরভাগ বিকল্প পথে চলাচল করছেন। রোববার বেলা ১২টায়ও মহাসড়ক থেকে সরেননি শ্রমিকরা। শনিবার সকাল নয়টা থেকে শ্রমিকরা মহাসড়ক দখল করে অবরোধ শুরু হয়। পুলিশ, প্রশাসন, সেনাবাহিনীসহ আইনশৃঙ্খলা রক্ষাবাহিনীর সদস্যরা তাদের বুঝিয়েও সড়ক থেকে সরাতে পারেনি। শ্রমিকরা মহাসড়কেই নির্ঘুম রাত কাটান। দাবি পূরণ না হওয়া পর্যন্ত সড়কেই অবস্থানের কথা জানান তারা। পাঁচটি কারখানার অন্তত ১২০০ শ্রমিকের তিন মাসের বেতন বকেয়া রয়েছে। এ নিয়ে কর্তৃপক্ষ নানা টালবাহানা করছে বলে অভিযোগ শ্রমিকদের।

(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## নিখোঁজের ৭ দিন পর শিশু মুনতাহার লাশ উদ্ধার, আটক ৫

নিখোঁজের সাত দিন পর সিলেটের কানাইঘাট থেকে শিশু মুনতাহা আক্তার জেরিনের লাশ উদ্ধার করেছে পুলিশ। শিশুটির সন্ধানের দাবিতে গত কয়েকদিন ধরে সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্ট অসংখ্যবার শেয়ার হতে দেখা যায়। পরে রোববার ভোরে নিজ বাড়ির পাশের পুকুর থেকে গলায় ফাঁস দেয়া অবস্থায় শিশুটির মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় শিশুটির প্রতিবেশী মা, মেয়ে ও নাতনিসহ পাঁচ জনকে আটক করা হয়েছে। পুলিশ জানায়, মুনতাহাকে অপহরণের দিনই তাকে শ্বাসরোধে হত্যা করে মরদেহ ঘরের পাশের একটি খালে কাদামাটিতে পুঁতে রাখে ঘাতকরা। পরে রোববার ভোরে মরদেহ সরানোর চেষ্টাকালে স্থানীয়রা দেখে ফেলেন। কানাইঘাট থানার ওসি আব্দুল আউয়াল জানান, শিশুটির মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। উল্লেখ্য, গত তেসরা নভেম্বর পাশের বাড়িতে খেলা করতে গিয়ে নিখোঁজ হয় ছয় বছর বয়সী শিশু মুনতাহা। পরদিন পরিবার কানাইঘাট থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করে। গত কয়েকদিন শিশুটির সন্ধানের দাবিতে পোস্ট সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ ভাইরাল হয়। এখন তার হত্যার খবরে ক্ষোভ প্রকাশ করে জড়িতদের কঠোর শাস্তি দাবি করেছেন নেটিজেনরা। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## জিরো পয়েন্ট পাল্টা বিক্ষোভ, সতর্ক অবস্থানে পুলিশ

গুলিস্তানের জিরো পয়েন্টে আওয়ামী লীগ মিছিলের ডাক দেওয়ার পর পাল্টা জমায়েত করছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনসহ বেশ কয়েকটি সংগঠন। শনিবার রাত থেকেই গুলিস্তানের জিরো পয়েন্টে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার

ব্যানারে অনেকে জড়ো হয়েছেন। বিবিসির সংবাদদাতা মুকিমুল আহসান জানিয়েছেন, সকাল থেকে জিরো পয়েন্টে বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা আসতে শুরু করেন। বেলা সাড়ে ১১টার দিকে তিনি জানান, জিরো পয়েন্ট ঘিরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ছাড়াও গণঅধিকার পরিষদ, স্বেচ্ছাসেবক দলসহ বিভিন্ন সংগঠনের নেতাকর্মীদের অবস্থান নিতে দেখা গেছে। তাদের স্লোগানে সেসময় মুখরিত হয়ে ওঠে নূর হোসেন চত্বর। এ সময় বিক্ষোভকারীরা আওয়ামী লীগের যেকোন কর্মসূচি প্রতিহত করার ঘোষণা দেয়। এর আগে সকালে শহীদ নূর হোসেনের স্মরণে অনেক সংগঠন ফুল দিয়ে শ্রদ্ধা জানায়। তবে সকাল থেকে কোথাও আওয়ামী লীগের কোনো নেতাকর্মীকে দেখা যায়নি। শনিবার নিজেদের ভ্যারিফায়েড ফেসবুক পেইজে রোববার বেলা তিনটায় বিক্ষোভ কর্মসূচির ঘোষণা দিয়েছিল দলটি। এদিকে সমাবেশ ঘিরে সতর্ক অবস্থানে দেখা গেছে পুলিশ। সচিবালয়ের সামের সড়কে উল্লেখযোগ্য পরিমাণে পুলিশ ও সেনাবাহিনীর উপস্থিতি দেখা গেছে। এমন অবস্থায় জিরো পয়েন্ট ও এর আশেপাশের এলাকায় থমথমে অবস্থা বিরাজ করছে। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## ঢাকায় নিরাপত্তা বাড়ানো হয়েছে, ১৯১ প্লাটুন বিজিবি মোতায়েন সারাদেশে

আওয়ামী লীগ সরকারের পতন ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশ ছেড়ে পালানোর তিন মাস পরে ঢাকায় আওয়ামী লীগের কর্মসূচির ডাক দেয়ার পর বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে শনিবার রাত থেকেই নিরাপত্তা বাড়ানো হয়েছে। বিভিন্ন জায়গায় পুলিশ সেনাবাহিনীর টহল বাড়ানো হয়েছে। কোনও কোনও জায়গায় চেক পয়েন্ট বসানো হয়েছে। ঢাকায় সচিবালয়সহ গুরুত্বপূর্ণ স্থাপনার সামনে সেনাবাহিনীর পাহারা বসানো হয়েছে। এদিকে, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সারা দেশে ১৯১ প্লাটুন বিজিবি মোতায়েন করার কথা জানিয়েছে বিজিবি সদর দফতর। জিরো পয়েন্ট এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে। ঢাকায় যানবাহনের সংখ্যা অন্যান্য দিনের তুলনায় এখন পর্যন্ত কম দেখা যাচ্ছে। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## আওয়ামী লীগের সমাবেশের ডাক, বিভিন্ন সংগঠনের অবস্থান জিরো পয়েন্টে

১০ই নভেম্বর শহীদ নূর হোসেন দিবসকে ঘিরে আওয়ামী লীগের বিভিন্ন অঙ্গ সংগঠনের পক্ষ থেকে ঢাকায় বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা দেয়ার পর তাদের ঠেকাতে পাল্টা অবস্থান নেয়ার কথা জানিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনসহ বিভিন্ন সংগঠন। এদিকে, শনিবার অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এক ফেসবুক পোস্টে জানিয়েছেন, আওয়ামী লীগকে রোববার বিক্ষোভ করার অনুমতি দেওয়ার কোনো সুযোগ নেই। শনিবার সন্ধ্যায় আওয়ামী লীগ তাদের ভেরিফায়েড ফেসবুক পেজে দেয়া এক পোস্টে, রোববার বেলা তিনটায় 'গণতান্ত্রিক ব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠার দাবি'তে ঢাকায় গুলিস্তানের জিরো পয়েন্টে বিক্ষোভ মিছিলের ডাক দেয়। সেখানে বলা হয়, `সেনাবাহিনী ও পুলিশ কোনো ঝামেলা সৃষ্টি করবে না, আন্তর্জাতিকভাবে তারা এমনিতেই অনেক চাপে আছে। সবাই নির্ভয়ে আসুন।,

তবে, আওয়ামী লীগের কর্মী-সমর্থকদের কোন অবস্থাতে জড়ো হতে বা কর্মসূচি পালন করতে না দেওয়া হবে না বলে সরকারের বিভিন্ন মহল থেকে হুঁশিয়ারি করা হয়েছে। নিজের ভেরিফাইড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে শ্রম ও কর্মসংস্থান এবং যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া লিখেছেন, "গণহত্যাকারী ও নিষিদ্ধ সংগঠনের কেউ কর্মসূচি করার চেষ্টা করলে কঠোর ব্যবস্থা নেবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।" এদিকে, প্রতিবাদ জানাতে রোববার সকাল থেকে ঢাকার বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগ অফিসের সামনে জড়ো হয়ে বিক্ষোভ করছেন বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা। আওয়ামী লীগ বিক্ষোভ মিছিল কর্মসূচির প্রতিবাদে রোববার বেলা ১২টায় একইস্থানে পাল্টা গণজমায়েতের ঘোষণা দিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। যদিও শনিবার রাত থেকেই খণ্ড খণ্ড মিছিল নিয়ে বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা জিরো পয়েন্টে অবস্থান নেন। এ ব্যাপারে ডিএমপির গণমাধ্যম বিভাগের উপকমিশনার তালেবুর রহমান জানান, আওয়ামী লীগ সমাবেশ বা গণজমায়েত করার জন্য এখন পর্যন্ত পুলিশের কাছে কোনো ধরনের অনুমতি নেয়নি। অনুমতির বাইরে যেকোনো দল বেআইনিভাবে সমাবেশ করলে পুলিশ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## ডোনাল্ড ট্রাম্পের ছবিসহ প্ল্যাকার্ড নিয়ে আওয়ামী লীগ কর্মী গ্রেফতার

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) জানিয়েছে, শনিবার অন্তত ১০ জনকে গ্রেফতার করা হয়েছে, যাদের মধ্যে সম্প্রতি আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ভাইরাল হওয়া কথিত অডিও ক্লিপের নির্দেশনা বাস্তবায়নকারীসহ বেশ কয়েকজন আওয়ামী লীগ কর্মী রয়েছেন। গ্রেফতারের সময় তাদের কাছ থেকে উসকানিমূলক পোস্টার, ছবিসহ প্ল্যাকার্ড এবং নগদ অর্থসহ বিপুল পরিমাণ আলামত উদ্ধার করা হয়েছে বলে পুলিশ দাবি করেছে। ডিএমপির গণমাধ্যম বিভাগের উপকমিশনার তালেবুর রহমান রোববার এ তথ্য জানিয়েছেন। শনিবার গোয়েন্দা তথ্যের ভিত্তিতে ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ওই ১০ জনকে গ্রেফতার করে পুলিশ। এসব অপকর্মের

উস্কানিদাতা, অর্থ যোগানদাতা ও জড়িতদের গ্রেফতারে অভিযান অব্যাহত রয়েছে বলে জানানো হয়। মি. রহমান বলেছেন, সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া অডিও ক্লিপে শেখ হাসিনা তার দলের নেতা-কর্মীদের দিয়ে যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্টের ছবি ও যুক্তরাষ্ট্রের পতাকা ব্যবহার করে মিছিল সমাবেশের মাধ্যমে সেই ছবি ও প্ল্যাকার্ড ঢাল হিসেবে ব্যবহার করার নির্দেশ দেন। পুলিশ বলছে, বাংলাদেশের বন্ধু প্রতিম রাষ্ট্র যুক্তরাষ্ট্রের সুসম্পর্ক বিনষ্টের অপচেষ্টার অংশ হিসেবে তারা এই অপতৎপরতার পরিকল্পনা করেছে।
(বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## বাংলাদেশ থেকে শ্রমিক ও পেশাজীবীদের নিতে চায় লিবিয়া

বাংলাদেশ থেকে আরও শ্রমিক নেওয়ার পাশাপাশি ডাক্তার, ইঞ্জিনিয়ারদের মতো পেশাজীবীদেরও নিতে আগ্রহ প্রকাশ করেছে লিবিয়া। লিবিয়ার শীর্ষস্থানীয় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশি শিক্ষার্থীদের ভর্তি হতে আহ্বানও জানিয়েছে লিবিয়া। রোববার রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে তার সাথে সাক্ষাতের সময় বাংলাদেশে নিযুক্ত লিবিয়ার রাষ্ট্রদূত আব্দুল মোতালিব এসএম সালিমান এই আগ্রহ প্রকাশ করেন। লিবিয়ার কৃষিক্ষেত্রে বাংলাদেশি শ্রমিকদের অবদানের কথা স্বীকার করেন রাষ্ট্রদূত সালিমান। বর্তমানে লিবিয়ায় কর্মরত কিছু বাংলাদেশি চিকিৎসক বেতন সংক্রান্ত সমস্যার সম্মুখীন হচ্ছেন বলে স্বীকার করেন রাষ্ট্রদূত সালিমান। আফ্রিকান দেশটিতে চলমান সংস্কার সম্পন্ন হলে দ্রুত বিষয়টির সমাধান হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস অবৈধ অভিবাসন ও মানব পাচার বন্ধে বাংলাদেশ ও লিবিয়া একসঙ্গে কাজ করতে পারে বলে জোর দেন। "আমরা মানব পাচারকে সমর্থন করি না। অনেক মানুষ এতে ভোগান্তির শিকার হচ্ছে। এটা বন্ধ করার জন্য আমাদের একসাথে কাজ করা উচিত„ বলেন প্রধান উপদেষ্টা। বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধিতে কাজ করার জন্যও রাষ্ট্রদূতকে আহ্বান জানান প্রধান উপদেষ্টা। পারস্পরিক সুবিধার জন্য লিবিয়া থেকে বাংলাদেশ তেল আমদানি করতে পারে কি না, তাও জানতে চান প্রধান উপদেষ্টা। দুই দেশের মধ্যে বিমান যোগাযোগ পুনরায় চালু করার জন্য বাংলাদেশি কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেন রাষ্ট্রদূত সালিমান। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## "যতদিন গণহত্যার বিচার না হবে, ততদিন আওয়ামী লীগের জনসম্মুখে আসার অধিকার নেই"

যতদিন গণহত্যার বিচার না হবে ততদিন আওয়ামী লীগের জনসম্মুখে আসার অধিকার নেই বলে মন্তব্য করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ। গুলিস্তানের জিরো পয়েন্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের গণজমায়েতে তিনি এ কথা বলেন। মি. আব্দুল্লাহ বলেন, "গণহত্যার সাথে যারা জড়িত, যতদিন পর্যন্ত তাদের বিচার নিশ্চিত না হয় ততদিন তাদের জনসম্মুখে আসার কোনো অধিকার নেই। আওয়ামী লীগের বিচার লগি বৈঠা থেকে শুরু হতে হবে। তাদের নৃশংসতা দেখেছি পিলখানা হত্যাকাণ্ডে, শাপলা চত্বরে আলেম সমাজের ওপর তাদের নৃশংসতা দেখেছি"।

আওয়ামী লীগ বাংলাদেশে অবশ্যই ফিরবে উল্লেখ করে মি. আব্দুল্লাহ বলেন, "আওয়ামী লীগ ফিরবে, অবশ্যই ফিরবে, তবে, সেটি হচ্ছে বিচারের জন্য, ফাঁসির কাষ্ঠে ঝোলার জন্য। সুতরাং গণহত্যার বিচার না হওয়া পর্যন্ত আওয়ামী লীগ এবং তার অঙ্গ সংগঠনের দোসরদের বাংলাদেশে রাজনীতি করার কোনো অধিকার নেই"। দুই হাজার শহীদের রক্তের ওপর দিয়ে আওয়ামী লীগকে পুনর্বাসন করার চেষ্টা যারা করবে তাদেরকেও প্রতিহত করা হবে বলে হুঁশিয়ারি দেন মি. আব্দুল্লাহ। জেনেভায় আইন উপদেষ্টা আসিফ নজরুলের ওপর হামলা নিয়ে মি. আব্দুল্লাহ বলেন, জালেমদের ওপর উদারতা দেখানোর সুযোগ নেই। (বিবিসি ওয়েব পেজ: ১০.১১.২০২৪ রিহাব)

## পাচারকৃত অর্থ ফেরত আনতে সিঙ্গাপুরের সহায়তা চান প্রধান উপদেষ্টা

বাংলাদেশ থেকে পাচার হওয়া বিলিয়ন ডলার পুনরুদ্ধার এবং অভিবাসনের ব্যয় কমাতে সহায়তা করার জন্য সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। রোববার বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লো ঢাকায় তেজগাঁও কার্যালয়ে প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন। প্রায় ঘণ্টাব্যাপী আলোচনায় অধ্যাপক ইউনূস রাষ্ট্রদূতকে বলেছেন, "বাংলাদেশ থেকে সিঙ্গাপুরসহ অনেক দেশে প্রচুর অর্থ পাচার করা হয়েছে। সিঙ্গাপুরের কাছ থেকে পূর্ণ সহযোগিতা প্রয়োজন আমাদের"। সিঙ্গাপুরের রাষ্ট্রদূত লো সহযোগিতা করার প্রতিশ্রুতি দেন।

অধ্যাপক ইউনূস বাংলাদেশ থেকে কর্মী নিয়োগের খরচ উল্লেখযোগ্যভাবে কমানোর লক্ষ্যে ঢাকার সঙ্গে কাজ করার জন্য সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানান। প্রবাসীরা যেন তাদের পরিবারের কাছে আরও বেশি অর্থ পাঠাতে পারে সে লক্ষ্যে অন্তর্বর্তীকালীন সরকার অভিবাসনের ব্যয় কমিয়ে আনতে চায় বলে জানান প্রধান উপদেষ্টা। হাইকমিশনার

সহায়তার আশ্বাস দিয়ে বাংলাদেশকে বৈদেশিক নিয়োগ ব্যবস্থাকে ডিজিটালাইজ করার পরামর্শ দেন যাতে করে মানব পাচার ও শ্রমিক শোষণের আশঙ্কা কমে যায়।

দ্বিপাক্ষিক বৈঠকে বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা, অন্তর্বর্তীকালীন সরকারের পররাষ্ট্রনীতি, শিপিং, শিক্ষা এবং নিজ নিজ জনগণের স্বাস্থ্যসেবা নিয়েও আলোচনা হয়েছে বলে প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে জানানো হয়েছে। অধ্যাপক ইউনূস বলেন, স্বৈরাচারী সরকার পতনের মাত্র তিন মাসের মাথায় অর্থনীতি ভালোভাবে পুনরুদ্ধার করে বাংলাদেশ এখন ব্যবসার জন্য প্রস্তুত। এখন এদেশে ব্যবসা করার উপযুক্ত সময়। আসিয়ানের সেক্টরাল ডায়ালগ পার্টনার হিসেবে বাংলাদেশের অন্তর্ভুক্তির জন্য সিঙ্গাপুরের সমর্থন চান প্রধান উপদেষ্টা। এ ব্যাপারে সিঙ্গাপুর ইতিবাচক রয়েছে বলে জানান রাষ্ট্রদূত। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## আওয়ামী লীগের বেশ কয়েকজন নেতা-কর্মীকে মারধর, পুলিশে সোপর্দ

বঙ্গবন্ধু এভিনিউতে একজন নারীসহ আওয়ামী লীগের অন্তত তিনজন কর্মীকে মারধর করা হয়েছে। সেখানে আগে থেকেই অবস্থান নিয়েছিল বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা। বিবিসি বাংলার সংবাদদাতা মুকিমুল আহসান জানিয়েছেন, মারধর হেনস্থার পরে পুলিশ এসে তাদেরকে নিয়ে যায়। রমনা জোনের পুলিশের সহকারী কমিশনার আব্দুল্লাহ আল মামুন বিবিসি বাংলাকে বলেছেন, এখন পর্যন্ত জিরো পয়েন্ট থেকে একজনকে আটক করা হয়েছে। ”তাকে প্রাথমিক চিকিৎসা দিয়ে পরে কী কারণে তাকে মারধর করা হচ্ছিল সে বিষয়ে জিজ্ঞাসা করা হবে।”

রোববার পূর্বঘোষণা অনুযায়ী আওয়ামী লীগের বিক্ষোভ মিছিল হওয়ার কথা ছিল। ওই কর্মসূচি প্রতিহত করতে মধ্যরাত থেকেই রাজধানীর নূর হোসেন চত্বর ও আওয়ামী লীগ পার্টি অফিসের আশপাশে অবস্থান নেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা। সকাল থেকে তাতে যোগ দেয় বিএনপি, গণঅধিকার পরিষদসহ আরো কয়েকটি সংগঠনের কর্মীরা। বিক্ষোভ মিছিল করতে আসা আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মীদের কয়েকজনকে পুলিশের হাতে তুলে দিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সদস্যরা। (বিবিসি ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## শেখ হাসিনাকে ফিরিয়ে আনতে 'ইন্টারপোলের সহায়তা নেবে সরকার'

বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দায়ের করা জুলাই-আগস্ট `গণহত্যা, মামলায় শেখ হাসিনাসহ পলাতক আসামিদের ফিরিয়ে আনতে সব ধরনের পদক্ষেপ নেবে সরকার, বলেছেন অন্তর্বর্তীকালীন সরকারের আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল। রবিবার (১০ই নভেম্বর) তিনি সাংবাদিকদের বলেন, শেখ হাসিনাসহ পলাতক আসামিদের বিচারের মুখোমুখি করতে অন্তর্বর্তী সরকার শীঘ্রই ইন্টারপোলের মাধ্যমে রেড অ্যালার্ট জারি করতে যাচ্ছে। অক্টোবরের ১৭ তারিখ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারকাজ শুরু হওয়ার পর শেখ হাসিনা ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ ৪৫ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে ট্রাইব্যুনাল। শেখ হাসিনাকে ১৮ নভেম্বরের মধ্যে গ্রেফতার করে এই ট্রাইব্যুনালে উপস্থিত করার জন্য নির্দেশ দেয় আদালত। স্থানীয় গণমাধ্যম বলছে, ৫ই আগস্ট দেশত্যাগ করার পর বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে বিভন্ন আদালতে ২৩৭টি মামলা হয়েছে এখন পর্যন্ত।

অন্য দিকে গত শুক্রবার (৮ নভেম্বর) লন্ডনে অবস্থিত একজন আওয়ামী লীগ নেতা, অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসসহ ৬২ জনের বিরুদ্ধে আন্তর্জাতিক ক্রিমিনাল কোর্টে (আইসিসি) অভিযোগ দায়ের করেছেন। নেদারল্যান্ডের হেগে অবস্থিত এই আদালতে রোম সংবিধির ১৫ অনুচ্ছেদ অনুযায়ী অভিযোগটি করা হয়। সিলেট সিটি করপোরেশনের সাবেক মেয়র আনোয়ারুজ্জামান চৌধুরী অভিযোগটি দায়ের করেন। ব্যারিস্টার ও সলিসিটর নিঝুম মজুমদার, ব্যারিস্টার মনিরুল ইসলাম মঞ্জু, গভ ওয়াইজ লিমিটেডের চেয়ারম্যান এস শাকির উদ্দিনের পক্ষ থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। আন্তর্জাতিক ক্রিমিনাল কোর্ট- আইসিসিতে দেয়া আওয়ামী লীগের অভিযোগ সরকার আমলে নিচ্ছে না জানিয়ে আইন উপদেষ্টা বলেন, দেশের মর্যাদা ক্ষুণ্ন করতেই সরকারের বিরুদ্ধে আইসিসিতে অভিযোগ দিয়েছে আওয়ামী লীগ।

আসিফ নজরুল বলেন, ”এটা কোনো মামলা না, এটা আইসিসির প্রসিকিউশন অফিসকে একটা পিটিশন লেখে জানানো।„ নভেম্বরের শুরুতে লন্ডনের এক আইনজীবী বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধেও দ্য হেগ-এ অবস্থিত আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) একটি অভিযোগ দায়ের করেন। এই মামলায় শেখ হাসিনা ছাড়াও তার মন্ত্রিসভার সদস্য এবং কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ আনা হয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## খাগড়াছড়িতে ইউপিডিএফ নেতা গুলিতে নিহত

বাংলাদেশের পার্বত্য জেলা খাগড়াছড়িতে রবিবার (১০ই নভেম্বর) এক ইউপিডিএফ নেতা দুর্বৃত্তদের হাতে খুন হয়েছে বলে সংগঠনটি জানিয়েছে। ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট বা ইউপিডিএফের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা বিভাগের প্রধান নিরণ চাকমা এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, পানছড়ি বাবুরপাড়া এলাকায় দুপুরের দিকে মিটন চাকমাকে গুলি করে হত্যা করা হয় । মিটন চাকমা ইউপিডিএফ-এর একজন সংগঠক ছিলেন। তিনি দীঘিনালা উপজেলাধীন উদোলবাগান গ্রামের সুশান্ত চাকমার ছেলে। তিনি পাহাড়ি ছাত্র পরিষদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হিসেবে দায়িত্ব পালন শেষে ২০২২ সালের নভেম্বরে ইউপিডিএফে যোগ দেন। ইউপিডিএফের বিবৃতিতে এই হত্যাকাণ্ডের নিন্দা জানানো হয়।

এর আগে ৩০শে অক্টোবর পানছড়ির লতিবান ইউনিয়নে দুর্বৃত্তের গুলিতে তিন ইউপিডিএফ কর্মী মারা যায়। বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় পাহাড়ি এলাকার প্রধান দল পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি (পিসিজেএসএস) ১৯৯৭ সালে সরকারের সাথে শান্তি চুক্তি সাক্ষর করার পর ২৪ বছরের সংঘাতের অবসান হয়। কিন্তু জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা ওরফে সন্তু লারমার নেতৃত্বাধীন পিসিজেএসএস থেকে বেরিয়ে একদল তরুণ ১৯৯৮ সালের ২৬ জুন ইউপিডিএফ গঠন করে। ইউপিডিএফ শুরু থেকেই শান্তি চুক্তির বিরোধিতা করে আসছে। তবে ২০১৭ সালে দলটি উপদলীয় কোন্দলের শিকার হয় এবং একটি গ্রুপ মূল্য সংগঠন থেকে বেরিয়ে যায়।

(ভোয়া ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## আওয়ামী লীগের কর্মসূচি; ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক 'নষ্টের চেষ্টার' অভিযোগে গ্রেফতার ১০

ঢাকায় পুলিশ বলছে, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে 'সম্পর্ক নষ্ট করার চেষ্টা' করার অভিযোগে তারা রাজধানীর বিভিন্ন স্থান থেকে ১০ জনকে গ্রেপ্তার করেছে। সম্প্রতি আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনা যুক্তরাষ্ট্রের পতাকা ও প্রেসিডেন্ট-নির্বাচিত ডনাল্ড ট্রাম্পের ছবি নিয়ে নেতা-কর্মীদের মিছিল করার নির্দেশ দিয়েছেন বলে জানায় স্থানীয় গণমাধ্যম। একটি ফাঁস হওয়া কথিত ফোনালাপের বরাত দিয়ে এখবর প্রচার করা হয়। এর পরিপ্রেক্ষিতে পুলিশের এই গ্রেপ্তার অভিযান চালানো হয়। "শনিবার রাতে গোয়েন্দা প্রতিবেদন অনুযায়ী অভিযান চালানো হয় এবং ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে ১০ জনকে গ্রেপ্তার করা হয়েছে," ঢাকা মেট্রোপলিটন পুলিশের বিবৃতিতে জানানো হয়। এতে আরও বলা হয়, রাষ্ট্রবিরোধী যেকোনো ষড়যন্ত্র প্রতিরোধে সতর্ক রয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। গত ৫ আগস্ট ছাত্র নেতৃত্বাধীন গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার পতনের পর থেকে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ভারতে অবস্থান করছেন।

সরকারি সূত্র জানায়, "ফোনে শেখ হাসিনার এই নির্দেশনা দেওয়া ষড়যন্ত্রের অংশ। মূলত দেশের স্থিতিশীলতা নষ্ট এবং ঢাকা-ওয়াশিংটন সম্পর্ক ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে এ নির্দেশ দেওয়া হয়েছে।" এর আগে ৬ই নভেম্বর যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় ডনাল্ড ট্রাম্পকে অভিনন্দন জানান বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বাংলাদেশের বিভিন্ন রাজনৈতিক দলও অভিযোগ করছে যে আওয়ামী লীগ আবার মঞ্চে ফেরার চেষ্টা করছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ও হাফিজ উদ্দিন আহমেদ বলেছেন, ডনাল্ড ট্রাম্পের ছবি ব্যবহারসহ নানা 'গোপন উপায়ে' ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ দেশের রাজনৈতিক মঞ্চে ফেরার চেষ্টা করছে। রবিবার (১০ই নভেম্বর) ঢাকায় পৃথক দুটি অনুষ্ঠানে তারা আরও অভিযোগ করেন, 'আওয়ামী লীগ তার রাজনৈতিক অবস্থান হারিয়েছে বলেই এ ধরনের চক্রান্তে মেতেছে।' এর আগে ডনাল্ড ট্রাম্প বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের উপর নির্যাতনের অভিযোগ এনেছিলেন।

সামাজিক মাধ্যম এক্স ও ট্রুথ সোশ্যাল-এ অক্টোবর ৩১-এ এক পোস্টে তিনি লেখেন, "আমি হিন্দু, খ্রিষ্টান এবং অন্যান্য সংখ্যালঘুদের বিরুদ্ধে বর্বর সহিংসতার তীব্র নিন্দা জানাই যারা বাংলাদেশে মব দ্বারা আক্রমণ ও লুটপাটের শিকার হচ্ছে, দেশটি সম্পূর্ণ বিশৃঙ্খলার মধ্যে রয়েছে।" তিনি পোস্টে হিন্দুদের সুরক্ষা দিতে ব্যর্থ হওয়ায় বাইডেন-হ্যারিস প্রশাসনের সমালোচনা করেন। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন ২৬ সেপ্টেম্বর, জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনের এক বিরতিতে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সাথে সাক্ষাৎ করেন। ওই সাক্ষাৎ শেষে যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট-এর মুখপাত্র ম্যাথিউ মিলার জানান, দুই নেতা সংবাদমাধ্যমের স্বাধীনতা, দুর্নীতি রোধ, শ্রম অধিকারের প্রতি সম্মান এবং রোহিঙ্গা শরণার্থী ও সংখ্যালঘু সম্প্রদায়ের সদস্যসহ বাংলাদেশের সকলের জন্য মানবাধিকার সুরক্ষার গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

(ভোয়া ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## আওয়ামী লীগের কর্মসূচী প্রতিহত করতে গুলিস্তানে ছাত্র আন্দোলনের পাল্টা বিক্ষোভ

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের একটি ঘোষিত কর্মসূচি প্রতিহত করার লক্ষ্যে রবিবার (১০ই নভেম্বর)। ভোর থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা রাজধানী ঢাকার গুলিস্তানের জিরো পয়েন্টে জড়ো হয়েছেন নূর হোসেন চত্বর নামে পরিচিত জিরো পয়েন্টে সমাবেশ থেকে ছাত্র আন্দোলনের সমর্থকদের "ফ্যাসিবাদী আওয়ামী লীগ" বিরোধী স্লোগান দিতে শোনা গেছে। শনিবার আওয়ামী লীগ তাদের ভেরিফায়েড ফেসবুক পেইজে 'শহীদ নূর হোসেন দিবস, পালনের ঘোষণা দিয়ে দলীয় নেতা কর্মীদের জিরো পয়েন্টে আসার আহ্বান জানায়। আওয়ামী লীগের এই কর্মসূচী প্রতিহত করতে পাল্টা সমাবেশ ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। জুলাই-আগস্ট আন্দোলনে শত শত মানুষ হত্যার দায়ে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের বিচারের দাবি জানান তারা। আন্দোলনের মুখে ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয় এরপর উত্তেজনা বাড়তে থাকে।

'শহীদ নূর হোসেন দিবসে, আইনশৃঙ্খলা রক্ষায় সারাদেশে ১৯১ প্লাটুন বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করেছে কর্তৃপক্ষ। বিজিবির পাশাপাশি পুলিশ, র্যাবসহ অন্যান্য বাহিনীর সদস্যদের সারাদেশে সতর্ক অবস্থায় রাখা হয়েছে। রাজধানীতে সচিবালয়ের আশেপাশে এবং বঙ্গবন্ধু এভিনিউয়ের আওয়ামী লীগের কেন্দ্রীয় অফিসের আশেপাশে নিরাপত্তা জোরদার করা হয়েছে আওয়ামী লীগ অফিসের সামনে পুলিশকে কিছু ব্যক্তিকে মারধর করতে দেখা গেছে। তারা আওয়ামী লীগের সঙ্গে সম্পৃক্ত বলে ধারণা করা হচ্ছে। সেখানে কর্তব্যরত একজন পুলিশ কর্মকর্তা বলেন, "সন্দেহভাজন কয়েকজনকে আটক করা হয়েছে। তবে, সুনির্দিষ্ট সংখ্যা বলা সম্ভব নয়।"

(ভোয়া ওয়েব পেজ:১০.১১.২০২৪ আসাদ)

## মোস্তফা সরোয়ার ফারুকীসহ আরও তিনজনকে উপদেষ্টা পরিষদে নিয়োগ

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসেবে রবিবার (১০ই নভেম্বর) চলচ্চিত্র পরিচালক মোস্তফা সরয়ার ফারুকীসহ আরও তিনজন শপথ নিয়েছেন অন্য উপদেষ্টারা হলেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম এবং ব্যবসায়ী সেখ বশির উদ্দিন। এ নিয়ে এই সরকারের উপদেষ্টার সংখ্যা দাঁড়িয়েছে ২৪ জনে সন্ধ্যায় বঙ্গভবনের দরবার হলে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসসহ উর্ধ্বতন সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে এ শপথ অনুষ্ঠিত হয়। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাদের শপথ বাক্য পাঠ করান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদ। গত ৫ আগস্ট প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতন হবার পর রাষ্ট্রপতি মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা নিয়োগ করে অন্তর্বর্তীকালীন সরকার গঠন করেন। ইউনূস সহ ১৭ সদস্যের উপদেষ্টা পরিষদ ৮ আগস্ট শপথ গ্রহণ করেন। পরে আরও চারজনকে উপদেষ্টা পরিষদে অন্তর্ভুক্ত করা হয়।

(ভোয়া ওয়েব পেজ:১০.১১.২০২৪ আসাদ)

## সিলেটের কানাইঘাটে শিশু মুনতাহাকে হত্যার ঘটনায় তিন নারীকে আটক করেছে পুলিশ

সিলেটের কানাইঘাটে নিখোঁজ শিশু মুনতাহার লাশ উদ্ধারের ঘটনায় গৃহশিক্ষিকাসহ ৩ নারীকে আটক করেছে পুলিশ রবিবার (১০ই নভেম্বর) মুনতাহার বাড়ির পাশের পুকুর থেকে লাশটি উদ্ধার করা হয়। এর আগে, গত সপ্তাহের রবিবার (৩রা নভেম্বর) বিকাল ৩টার দিকে নিখোঁজ হয় শিশুটি কানাইঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. আব্দুল আওয়াল বলেন, "সাত দিন নিখোঁজ থাকার পর রবিবার মুনতাহারের পুঁতে ফেলা লাশ তুলে পুকুরের পানিতে ফেলার সময় স্থানীয়রা মার্জিয়ার মা আলিফজানকে হাতেনাতে আটক করেন।" "এ ঘটনায় গৃহশিক্ষিকা শামীমা বেগম মার্জিয়া, তার মা আলিফজান বিবি ও আলিফজানের মা কুতুবজান বিবিকে আটক করা হয়েছে।," তিনি জানান।

নিহত মুনতাহা কানাইঘাট উপজেলার সদর ইউনিয়নের বীরদল গ্রামের ভাড়ারিফৌদ গ্রামের শামীম আহমদের মেয়ে স্থানীয়দের দাবি, মুনতাহাকে তার গৃহশিক্ষিকা মার্জিয়া হত্যা করেছেন। এতে তাকে সহযোগিতা করেন তার মা আলিফজান। এই ঘটনার পর বিক্ষুব্ধ জনতা মার্জিয়ার বড়িঘর গুড়িয়ে দিয়েছে বলে জানান ওসি মো. আব্দুল আওয়াল।

(ভোয়া ওয়েব পেজ:১০.১১.২০২৪ আসাদ)

# রেডিও তেহরান

## অন্তর্বর্তী সরকারে শপথ নিলেন নতুন ৩ উপদেষ্টা

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের সদস্য হিসেবে শপথ নিয়েছেন আরও তিনজন। তারা হলেন- মাহফুজ আলম, মোস্তফা সরয়ার ফারুকী ও শেখ বশির উদ্দিন। আজ (রোববার) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বঙ্গভবনে তারা শপথ নেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাদের শপথ বাক্য পাঠ করান। মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদের সঞ্চালনায় শপথগ্রহণ অনুষ্ঠানের শুরুতে জাতীয় সংগীত বাজানো হয়। পরে মুক্তিযুদ্ধে শহীদ এবং এ বছর ছাত্র-

জনতার অভ্যুত্থানে শহীদদের স্মরণে নীরবতা পালন করা হয়। নতুন তিন উপদেষ্টা শপথগ্রহণ করলেও, তাদের মন্ত্রণালয় বন্টন এখনো হয়নি। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১০.১১.২০২৪, এলিনা)

## ঝাড়খণ্ডে বিজেপি ক্ষমতায় এলে প্রত্যেক বাংলাদেশিকে ঝেঁটিয়ে বিদায় করা হবে

ভারতের ক্ষমতাসীন দল বিজেপির জাতীয় সভাপতি ও কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ (জেপি) নাড্ডা বলেছেন, ”ঝাড়খণ্ডে বিজেপি ক্ষমতায় এলে প্রত্যেক বাংলাদেশিকে ঝেঁটিয়ে বিদায় করা হবে। এমনকি, যেসব বাংলাদেশি অনুপ্রবেশকারী স্থানীয় নারীদের বিয়ে করেছেন, তাঁদের ও তাঁদের সন্তানদের আদিবাসী অধিকার দেওয়া হবে না।” গতকাল (শনিবার) ঝাড়খণ্ডের পালামৌতে আয়োজিত এক জনসভায় তিনি এই হুঁশিয়ারি দেন বলে ভারতীয় সংবাদ সংস্থা এএনআইয়ের প্রতিবেদনে বলা হয়েছে।

এএনআই জানিয়েছে, জেপি নাড্ডা ঝাড়খণ্ডে ক্ষমতাসীন জনমুক্তি মোর্চা ও কংগ্রেসের জোট সরকারকে রাজ্যে কথিত বাংলাদেশি অনুপ্রবেশকারীদের জন্য দায়ী করেন এবং বিজেপি অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে বলে ঘোষণা করেন। নাড্ডা বলেন, প্রত্যেক বাংলাদেশিকে ঝাড়খণ্ড থেকে বিদায় করা হবে এবং তারা যেভাবে আমাদের আদিবাসী বোনদের বিয়ে করে আদিবাসী জমির অধিকার পেতে চায়, তাদের সেই অধিকার তো দেওয়া হবেই না, তাদের সন্তানদেরও আদিবাসী অধিকার দেওয়া হবে না। নাড্ডা ঝাড়খণ্ডে ক্ষমতাসীন জেএমএম-কংগ্রেস সরকারের সমালোচনা করে অভিযোগ করেন, বেকার ভাতা, সরকারি চাকরি এবং নারীর অগ্রগতির জন্য আর্থিক সাহায্যের মতো গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি পূরণ করতে ব্যর্থ হয়েছে এই সরকার।

এর আগে, কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী ও বিজেপি নেতা অমিত শাহও বাংলাদেশি অনুপ্রবেশকারী ইস্যুতে ঝাড়খণ্ডের সরকারের ব্যাপক সমালোচনা করেন। তিনি ঝাড়খণ্ডের জেএমএম-কংগ্রেস সরকারকে দেশের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত সরকার বলে অভিযুক্ত করেন। তিনি জনগণের প্রতি এই সরকারকে ক্ষমতা থেকে সরানোর আহ্বান জানান। এদিকে, ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী জেএমএম নেতা হেমন্ত সরেন সম্প্রতি বলেছেন, বিজেপির একদিকে অনুপ্রবেশ অনুপ্রবেশ করে পাড়া মাথায় তুলছে, অন্যদিকে, শেখ হাসিনাকে আশ্রয় দিয়েছে। হাসিনা ভারতে আশ্রয় নেওয়ার পর অমিত শাহ ঝাড়খণ্ডের সভায় অনুপ্রবেশকারীদের উল্টো করে ঝুলিয়ে দেওয়ার হুমকি দিলে তীব্র প্রতিবাদ জানায় মুহাম্মদ ইউনুসের সরকার।

অন্যদিকে, দেশে বিরোধীরা প্রশ্ন তুলেছে, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী অনুপ্রবেশ নিয়ে চিৎকার করছেন, অথচ তাদের হাতেই রয়েছে সীমান্ত রক্ষী বাহিনী। কী করছে বিএসএফ? অনুপ্রবেশ হয়ে থাকলে তার দায় কেন্দ্রের।” উল্লেখ্য, ঝাড়খণ্ডের ৮১ আসনের বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ দুই দফায় আগামী ১৩ ও ২০ নভেম্বর অনুষ্ঠিত হবে এবং ভোট গণনা হবে ২৩ নভেম্বর। এর আগে, ২০১৯ সালের বিধানসভা নির্বাচনে জেএমএম ৩০টি আসন, বিজেপি ২৫টি এবং কংগ্রেস ১৬টি আসনে বিজয়ী হয়। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১০.১১.২০২৪, এলিনা)

## হাসিনাকে দেশে ফেরাতে জারি হচ্ছে ইন্টারপোলের রেড নোটিশ: আসিফ নজরুল

জুলাই গণহত্যার অভিযোগে বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বিদেশে পলাতকদের ধরতে আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের মাধ্যমে ‘রেড নোটিশ, জারি করা হচ্ছে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল। আজ (রোববার) সকালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পুরাতন ভবনের সংস্কার কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

ড. আসিফ নজরুল বলেন, ‘যে খুনি গোষ্ঠী জুলাই-আগস্ট মাসে গণহত্যা চালিয়েছেন, যারা পালিয়ে আছেন তাদের ধরার জন্য আমরা ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারি করতে যাচ্ছি। এটা খুবই দ্রুত হবে। তারা যেখানেই থাকুন না কেন, তাদের গ্রেফতার করে বাংলাদেশে নিয়ে আসার জন্য সর্বোচ্চ পদক্ষেপ ও আন্তরিকতা নিয়ে কাজ করব।,

আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) দেয়া আওয়ামী লীগের অভিযোগের বিষয়ে উপদেষ্টা বলেন, ’দেশের মর্যাদা ক্ষুণ্ণ করতে আন্তর্জাতিক অপরাধ আদালতে সরকারের বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ দাখিল করেছে আওয়ামী লীগ। যা সরকার আমলে নিচ্ছে না। এটা কোনো মামলা না, এটা আইসিসির প্রসিকিউশন অফিসকে একটা পিটিশন লিখে জানানো। এটা পৃথিবীর যেকোনো মানুষ করতে পারে। দীর্ঘ প্রসেসের মধ্য দিয়ে এটি যায়। এটা এতই একটা অবিশ্বাস্য ও বস্তুনিষ্ঠহীনতামূলক মামলা, যা কোনোভাবেই গৃহীত হওয়ার কোনো কারণ নাই।,

আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল আরও বলেন, ‘ফ্যাসিস্ট চক্র বিশ্ব জনমত ও বাংলাদেশের মানুষকে বিভ্রান্ত এবং নিজেদের আত্মরক্ষার জন্য মিথ্যা প্রচারণার চালানোর উপায় হিসেবে এ মামলাটা করেছে।, আন্তর্জাতিক অপরাধ আদালতে দেয়া অভিযোগ ধর্তব্যের মধ্যে নিচ্ছেন বলে জানান আইন উপদেষ্টা।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১০.১১.২০২৪, এলিনা)

## এনএইচকে

### থাইল্যান্ডে বায়ু দূষণ কমাতে সাহায্য করবে জাপানের কৃত্রিম উপগ্রহ হিমাওয়ারীর

থাইল্যান্ডে বায়ু দূষণ কমাতে সাহায্য করার জন্য আগামী মাসে শুরু হওয়া একটি প্রকল্পে জাপানের আবহাওয়া পর্যবেক্ষণ উপগ্রহ 'হিমাওয়ারী' গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। পিএম ২.৫ নামক বায়ু দূষণ উপাদান কমাতে একটি প্রকল্পে থাই সরকারের সাথে যৌথভাবে কাজ করবে জাপান আন্তর্জাতিক সহযোগিতা এজেন্সি বা জাইকা। প্রধানত শুষ্ক মৌসুমে প্রাকৃতিকভাবে বনে আগুন লাগাকালীন এবং কৃষকরা আখ কাটার পরে খোলা আকাশে ভস্মীকরণের কার্যক্রম চালানোর সময়ে, পিএম ২.৫-এর ঘনত্ব প্রায়শই থাইল্যান্ডে অনুমোদিত মান অতিক্রম করে। গত সপ্তাহে, ব্যাংককের অদূরে মহাকাশের থিমযুক্ত একটি আন্তর্জাতিক বাণিজ্য মেলা চলাকালে এই প্রকল্পের ব্যাখ্যা উপস্থাপন করা হয়। বিশেষজ্ঞরা এই বিষয়ে উদ্বিগ্ন যে ক্রমবর্ধমান দূষণ মানুষের স্বাস্থ্যের ক্ষতি করতে পারে এবং দেশের প্রধান শিল্প পর্যটনকে প্রভাবিত করতে পারে। উন্মুক্ত আকাশের নিচে জ্বলতে থাকা আগুন এবং দাবানলের সঠিক অবস্থানগুলো প্রায় তাৎক্ষণিকভাবে সনাক্ত করতে নতুন প্রকল্পটি কৃত্রিম উপগ্রহ 'হিমাওয়ারী' থেকে প্রাপ্ত পর্যবেক্ষণ উপাত্ত ব্যবহার করবে। এই উপাত্ত থাই সরকার এবং স্থানীয় কর্তৃপক্ষকে দ্রুত আগুন সনাক্ত করতে এবং এর বিস্তার রোধে ব্যবস্থা নিতে সহায়তা করবে। এছাড়া, কৃষকদের উন্মুক্ত আকাশের নিচে ভস্মীকরণের কার্যক্রম কমানোর প্রচেষ্টায় কর্তৃপক্ষের নির্দেশনা দেয়াকালীনও এই উপাত্ত ব্যবহার করা হবে। (এনএইচকে ওয়েব পেজ : ১০.১১.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### আওয়ামী লীগের থাকা, না থাকা

শহীদ নূর হোসেন দিবসে রবিবার ঢাকার গুলিস্তানের জিরো পয়েন্টে আওয়ামী লীগের কর্মসূচিকে কেন্দ্র করে হঠাৎ মাঠের রাজনীতি উত্তপ্ত হলেও সেখানে সমাবেশ করেছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। আর ওই এলাকার বিভিন্ন পয়েন্টে বিএনপিসহ আরো কয়েকটি রাজনৈতিক দলের নেতা-কর্মীরা অবস্থান নেন। আর ছিলো বিপুল সংখ্যক পুলিশ। তবে আওয়ামী লীগ সন্দেহে ওই এলাকায় প্রায় অর্ধশত ব্যক্তিকে মারধরের পর তাদের পুলিশের হাতে তুলে দেয়া হয়েছে। একজন মুক্তিযোদ্ধাও মারপিটের শিকার হয়েছেন বলে খবর পাওয়া গেছে। অন্যদিকে গুলিস্তানের বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগ অফিসের সামনে বিক্ষোভ করেছে বিএনপি। আওয়ামী লীগ রবিবার বিকেল তিনটায় তাদের বিক্ষোভ কর্মসূচি দিয়েছিলো। তবে তাদের এই কর্মসূচির তৎপরতা প্রধানত ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমেই দেখা গেছে। আর ওই কর্মসূচি ঘোষণার পর বৈষম্যবিরোধী ছাত্ররা শনিবারই ওই এলাকায় ”ফ্যাসিস্ট বিরোধী„ সমাবেশ ঘোষণা করে।

রবিবার সকাল ১১টায় কর্মসূচির সময় দেয়া হলেও শনিবার রাত থেকেই তারা জিরো পয়েন্টে অবস্থান নেয়। রবিবার সারাদিনই সেখানে ছিলো। এদিকে আওয়ামী লীগ কর্মসূচি ঘোষণার পর শনিবার প্রধান উপদেষ্টার প্রেস সচিব সচিব শফিকুল আলম তার এক ফেসবুক পোস্টে বলেন, ``বর্তমানে আওয়ামী লীগ একটি ফ্যাসিস্ট দল। বাংলাদেশে এই ফ্যাসিস্ট দলকে বিক্ষোভ করতে দেয়ার কোনো সুযোগ নেই।„ তার কথা,”গণহত্যাকারী ও স্বৈরশাসক শেখ হাসিনার নির্দেশে যদি কেউ র‌্যালি, সমবেত হওয়া ও মিছিলের চেষ্টা করে তাহলে তাদের আইনশৃঙ্খলা বাহিনীর সর্বোচ্চ শক্তির মুখোমুখি হতে হবে।'' অন্তর্বর্তী সরকার কোনো ধরনের সহিংসতা কিংবা আইন-শৃঙ্খলা ভঙ্গের চেষ্টা সহ্য করবে না বলেও উল্লেখ করেন প্রেস সচিব। আর শনিবার রাত থেকে ঢাকাসহ সারাদেশে সতর্ক অবস্থান নেয় আইনশৃঙ্খলা বাহিনী। সারাদেশে মোতায়েন করা হয় ১১৯ প্ল্যাটুন বিজিবি।

৫ আগস্ট শেখ আওয়ামী লীগ সরকারের পতন এবং ওই সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতে পালিয়ে যাওয়ার পর রবিবার তারা প্রথম কোনো আনুষ্ঠানিক কর্মসূচি দেয়। তারা কর্মসূচি ঘোষণা করে দলটির ভেরিফায়েড ফেসবুক পেজের মাধ্যমে। দলটির অধিকাংশ নেতা হয় গ্রেপ্তার অথবা পলাতক আছেন। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সমন্বয়ক আব্দুল হান্নান মাসুদ মনে করেন আওয়ামী লীগ এদেশের মানুষের কাছে নিষিদ্ধ হয়ে গেছে। ”দলটিকে ৫ আগস্টের পরে আসলে এদেশের মানুষ অনানুষ্ঠানিকভাবে নিষিদ্ধ করে দিয়েছে। ফলে তারা যখনই কোনো কর্মসূচির নামে বিশৃঙ্খলা সৃষ্টি করতে আসে মানুষ তাদের প্রতিরোধ করে। এবারও তাই হয়েছে,„ বলেন তিনি। তার কথা, ”তাদের আর রাজপথে আসার কোনো সুযোগ নেই। যারা অপরাধ করেছে, গণহত্যা করেছে তাদের আইনের আওতায় নিয়ে আসা হবে। আর যারা সাধারণ সমর্থক বা অপরাধ করেনি তাদের মধ্যে সচেতনতা গড়ে তুলে কীভাবে মূল ধারার রাজনীতিতে আনা যায় সেটা রাজনৈতিক দলগুলো বসে সিদ্ধান্ত নেবে।„

আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগকে সরকার এরইমধ্যে নিষিদ্ধ করেছে। কিন্তু আওয়ামী লীগকে এখনো আইনগতভাবে নিষিদ্ধ করা হয়নি। তাহলে তাদের সভা সমাবেশে সরকার বাধা দেবে কেন? এই প্রশ্নের জবাবে তিনি

বলেন, ”তাদের ডাকে মানুষ সাড়া দেয়নি। তাদের ডাকে তো কেউ রাস্তায় নেমে আসেনি। মানুষ তাদের নিষিদ্ধ করেছে। ফলে দেশের মানুষ তাদের সাথে নাই। সরকার কোনো বাধা দেয় নাই।„ আর বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে সক্রিয়ভাবে অংশ নেয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সাইফুল ইসলাম বলেন, ”তাদের নিশ্চয়ই রাজনীতি করার অধিকার আছে যেহেতু সরকার এখনো তাদের নিষিদ্ধ করেনি। কিন্তু আমাদের কথা হলো, তারা ফ্যাসিস্ট। তারা গণহত্যা চালিয়েছে। তাই আগে তাদের বিচার করতে হবে। তাদের বিচার না হওয়া পর্যন্ত তারা কোনো রাজনৈতিক কর্মকান্ড চালাতে পারেবনা। তারা এখনো অনুতপ্ত নয়, তারা গণহত্যার জন্য ক্ষমাও চায়নি। এখনো তারা দম্ভ করছে। এই খুনি, ফ্যাসিস্টদের রাজনীতি করার কোনো অধিকার নাই,„ বলেন তিনি।

মানবতা বিরোধী আইনের যে সংশোধন প্রক্রিয়ায় সরকার যাচ্ছে তাতে দলের বিচারও অন্তর্ভুক্ত করা হচ্ছে। এরইমধ্যে অবশ্য গণহত্যার দায়ে শেখ হাসিনাসহ আরো অনেক নেতার বিচার শুরু হয়েছে। আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল রবিবার বলেছে, ”শেখ হাসিনাকে ধরে আনতে ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিস জারি করা হবে।„ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পরিদর্শনে গিয়ে তিনি একথা বলেন। আর ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর অ্যাডভোকেট তজুল ইসলাম বলেছেন, দল হিসাবে আওয়ামী লীগের বিচারের জন্য তদন্ত প্রক্রিয়া এখনো শুরু হয়নি। শুরু হলে তথ্য প্রমাণ সংগ্রহ করা হবে। বৈষম্য বিরোধী ছাত্ররা শুরু থেকেই আওয়ামী লীগকে নিষিদ্ধের দাবি জানিয়ে আসছে। তাদের দাবীতেই সরকার আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগকে নিষিদ্ধ করেছে।

বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেন, ”এই দলটি দেশে গণহত্যার সঙ্গে জড়িত। শেখ হাসিনা ভারতে গিয়ে আশ্রয় নিয়েছেন। তার তো এই দেশে রাজনীতি করার কোনো অধিকার নাই।„ তার কথা, ”রাজনীতি করার অধিকার সবারই আছে। কিন্তু যারা দেশের জনগণকে হত্যা করে, যারা ফ্যাসিস্ট তারা কীভাবে রাজনীতি করে? তাদের ব্যাপারে দেশের মানুষই সিদ্ধান্ত নেবে। এই দেশের মানুষ তাদের রাজনীতি আর গ্রহণ করবেনা। তারা এখনো দেশের মানুষের কাছে ক্ষমা চায়নি।„ আর বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেন, ”আমরা কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ করার বিপক্ষে। তাতে ওই দলটির প্রতি মানুষের সহানুভূতি তৈরি হয়। কিন্তু আওয়ামী লীগকে বিচারের মধ্য দিয়ে আসতে হবে। আওয়ামী লীগ যে অপরাধ করেছে তার বিচার এবং তারা জাতির কাছে এর জন্য অনুশোচনা এবং ক্ষমা চাওয়ার মাধ্যমে কীভাবে ফিরতে চায় তার ওপর দলটির রাজনৈতিক ভবিষ্যৎ নির্ভর করছে,„ বলেন তিনি।

আর সাবেক আওয়ামী লীগ সরকারের পরিকল্পনামন্ত্রী এম এ মন্নান বলেন, ”আমি মন্ত্রী ছিলাম কিন্তু এখন আওয়ামী লীগের নির্বাহী কমিটিতে আমি নাই। আমি সংবাদ মাধ্যমে আওয়ামী লীগের কর্মসূচির কথা জেনেছি। নেতারা কে কোথায় আছেন তাও জানিনা। আমি আমার গ্রামের বাড়িতে অবস্থান করছি।„ এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”নিষিদ্ধ না হলেও আওয়ামী লীগকে সভা সমাবেশ করতে কেন দেয়া হচ্ছে না তা তো সরকার বলতে পারবে। এটা সরকারের বিষয়। আর দলের পরবর্তী পরিকল্পনা নিয়ে আমার কিছু জানা নাই,„ বলেন তিনি।

এদিকে সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার মাহবুব শফিক বলেন, ”আওয়ামী লীগ যেহেতু কোনো নিষিদ্ধ দল নয় তাই সংবিধান অনুযায়ী সভা সমাবেশসহ সব ধরনের রাজনৈতিক কর্মকান্ডের অধিকার তাদের আছে।„ ৫ আগস্টের পর পরিবর্তিত পরিস্থিতিতে দলটির রাজনৈতিক ভবিষ্যৎ সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, ”গণতান্ত্রিক প্রক্রিয়া শক্তিশালী করার কোনো প্রক্রিয়া যদি ভবিষ্যতে দেখা যায় তাহলে আওয়ামী লীগ আবার ফিরে আসবে বলে আমার বিশ্বাস। আর তাতে গণতান্ত্রিক প্রক্রিয়া আরো শক্তিশালী হবে বলে মনে করি।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ:১০.১১.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### ড. মুহাম্মদ ইউনূসের উপদেষ্টা পরিষদে যুক্ত হলেন আরও তিনজন

ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারে যুক্ত হলেন আরও তিনজন উপদেষ্টা। রোববার সন্ধ্যায় বঙ্গভবনে তাদেরকে শপথ করান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। যে তিনজন উপদেষ্টা হয়েছেন তারা হলেন আকিজ-বশির গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক শেখ বশির উদ্দিন, চলচ্চিত্র পরিচালক মোস্তফা সরোয়ার ফারুকী ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম। ছাত্র জনতার অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর গত ৮ ই আগস্ট ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তবর্তী সরকার গঠিত হয়। প্রধান উপদেষ্টা সহ একই সরকারের সদস্য সংখ্যা ছিল ২১। সরকারের কার্যক্রমে গতিশীলতা আনতে উপদেষ্টা পরিষদে আরও সদস্য নিয়োগের পরামর্শ আসছিল বিভিন্ন মহল থেকে। নতুন এই তিনজন উপদেষ্টা মিলিয়ে উপদেষ্টা পরিষদের সদস্য সংখ্যা এখন ২৪।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## আওয়ামী লীগ ফিরবে ফাঁসির কাষ্ঠে ঝোলার জন্য, রাজনীতি করার জন্য নয়: হাসানাত আব্দুল্লাহ

আওয়ামী লীগ ন্যাৎসি বাহিনীর চেয়েও নৃশংস মন্তব্য করে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহবায়ক হাসানাত আব্দুল্লাহ বলেছেন গণহত্যার সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচার না হওয়া পর্যন্ত আওয়ামী লীগের জনসম্মুখে আসার অধিকার নেই। শহীদ নূর হোসেন দিবসে রোববার দুপুরে ফ্যাসিবাদ প্রতিরোধ মঞ্চের ব্যানারে গুলিস্তানের জিরো পয়েন্ট এলাকায় গণজমায়েত করে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন। আওয়ামী লীগের পূর্ব ঘোষিত বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঠেকাতে এই গণজমায়েতের আয়োজন করা হয়। সেখানে হাসনাত আব্দুল্লাহ বলেন আওয়ামী লীগ ফিরবে বিচারের জন্য, ফাঁসির কাস্টে ঝোলানোর জন্য। তাদের রাজনীতি করার অধিকার নেই। আওয়ামী লীগকে যারা পুনর্বাসনের চেষ্টা করবে তাদেরও প্রতিহত করা হবে বলে ঘোষণা দেন হাসনাত। একই মঞ্চে পৃথিবীর কাছে খুনি হাসিনার নির্মম হত্যাকাণ্ডের তথ্য পৌঁছে দিতে চান উল্লেখ করে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সারজিস আলম বলেন যারা হাসপাতালে এখনো  আহত অবস্থায় আছেন, যাদের কাছে রক্তাক্ত স্মৃতি রয়েছে সেই ঘটনাগুলো সোশ্যাল মিডিয়াতে এবং টেলিভিশনে ছড়িয়ে দিতে হবে। রক্তাক্ত এই দাগ গুলো পুরো পৃথিবীর সামনে নিয়ে আসতে হবে। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## দুর্নীতি দমন কমিশন পুনর্গঠনে উদ্যোগ নিয়েছে অন্তর্বর্তী কালীন সরকার

দুর্নীতি দমন কমিশন পুনর্গঠনে উদ্যোগ নিয়েছে সরকার। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান ও কমিশনার নিয়োগে সুপারিশ দিতে বাছাই কমিটি গঠন করা হয়েছে। পাঁচ সদস্যের এই কমিটির সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হক। রোববার বাছাই কমিটি গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে আদেশ জারি করা হয়েছে। মন্ত্রী পরিষদ বিভাগের আদেশে বলা হয় দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও কমিশনার নিয়োগের সুপারিশ দিতে দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ এর (৭) ধারা অনুযায়ী এই বাছাই কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন হাইকোর্ট বিভাগের বিচারপতি ফারাহ মাহবুব, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক মো. নুরুল ইসলাম, পিএসসির চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেম ও মো. মাহবুব হোসেন।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরো পাঁচ জনের মৃত্যু হয়েছে

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও ৫ জন মারা গেছেন। এ নিয়ে চলতি বছরে ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫৫ জনে। নভেম্বরের ১০ দিনে মারা গেছেন ৫৮  জন আর আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন ১০ হাজার ৫৭৬ জন। ডেঙ্গুতে একদিনে নতুন করে আরও ১ হাজার ৩৩৭ রোগী বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ বছরে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭২ হাজার ৩৯৩ জনে রোববার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক তথ্যে এটা জানানো হয়।  এতে বলা হয়, ডেঙ্গু আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় সারা দেশে আরও ১ হাজার ৩৩৭ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এ সময়ে ডেঙ্গুতে ৫ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্তদের মধ্যে ঢাকার দুই সিটি করপোরেশন এলাকার হাসপাতালে ৪২৯ জন ভর্তিকৃত রোগী রয়েছেন।

(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## পলাতক আসামিদের ফিরিয়ে আনতে ইন্টারপোলের মাধ্যমে রেড এলার্ট জারি করতে যাচ্ছে সরকার

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দায়ের করা জুলাই-আগস্ট গণহত্যা মামলায় শেখ হাসিনা সহ পলাতক আসামিদের ফিরিয়ে আনতে ইন্টারপোলের মাধ্যমে রেড এলার্ট জারি করতে যাচ্ছে অন্তর্বর্তী সরকার। রোববার সকালে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের পুরাতন ভবনের সংস্কার কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা জানান আইন বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা ডক্টর আসিফ নজরুল। এ সময় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম সেখানে উপস্থিত ছিলেন। ড. আসিফ নজরুল বলেন, দেশের মর্যাদা ক্ষুণ্ণ করতে আন্তর্জাতিক অপরাধ আদালতে সরকারের বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ দাখিল করেছে আওয়ামী লীগ, যা সরকার আমলে নিচ্ছে না। এ বিষয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম বলেন, সরকার সিদ্ধান্ত জানালে দল হিসেবে আওয়ামী লীগের বিচারের পদক্ষেপ নেয়া হবে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## সিঙ্গাপুরের অনাবাসিক কমিশনার ডুরেক লু সহ দূতাবাস কর্মকর্তাদের সঙ্গে বিএনপি'র বৈঠক

বিভিন্ন ইস্যুকে কেন্দ্র করে ভিন্নরূপে ফিরতে চাওয়া আওয়ামী লীগ রাজনৈতিক দৈন্য বলে মন্তব্য করেছেন বিএনপি স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী। আজ রোববার সকালে রাজধানীর গুলশান কার্যালয়ে এই মন্তব্য করেন তিনি। এ সময় আমির খসরু বলেন, দেশে সুষ্ঠু নির্বাচন চান সিঙ্গাপুর সহ বিভিন্ন দেশের কূটনীতিকরা। তারা চান জনগণের ভোটে নির্বাচিত সরকার দেশ পরিচালনা করুক। নির্বাচিত সরকার দেশ চালালে বিদেশী বিনিয়োগ বাড়বে

বলেও জানান তিনি। এর আগে সকাল সাড়ে নয়টায় গুলশান কার্যালয়ে বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের অনাবাসিক কমিশনার ডুরেক লু সহ দূতাবাস কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে বিএনপি'র প্রতিনিধিদল। এর নেতৃত্ব দেন দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৈঠকে বাণিজ্য, কর্মসংস্থান সহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যানসহ ১৯ জনকে আসামি করে মামলা দায়ের

গ্রামীণ টেলিকম ভবনে হামলা ও দখলের অভিযোগে গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদ সহ ১৯ জনকে আসামি করে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে একটি মামলা করা হয়েছে। রোববার ঢাকা মেট্রোপলিটন আদালতের বিচারক পার্থ প্রতিম মামলাটি গ্রহণ করেন। রাজধানীর শাহ আলী থানাকে তদন্ত করে এফআইআর দায়ের করতে বলা হয়েছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় খালেদা জিয়ার লিভ টু আপিলের শুনানি আগামীকাল

জিয়া অরফানেজ ট্রাস্ট দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ১০ বছরের সাজার বিরুদ্ধে লিভ টু আপিলের আদেশের জন্য আগামীকাল সোমবার দিন ধার্য করেছে আদালত। রোববার আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি মোহাম্মদ  আশফাকুল ইসলামের নেতৃত্বাধীন বেঞ্চ এই আদেশ দেয়। আদালতে খালেদা জিয়ার পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী জয়নুল আবেদীন, ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল ও ব্যারিস্টার কায়সার কামাল। রাষ্ট্রপক্ষে ছিলেন এটর্নি জেনারেল মোহাম্মদ আসাদুজ্জামান। দুদকের আইনজীবী জানান, জিয়া অরফানেজ ট্রাস্টের অর্থ একাউন্টেই জমা রয়েছে। সেই অর্থ হাত বদল বা চেক হস্তান্তরের ঘটনার প্রমাণ পাওয়া যায়নি খালেদা জিয়াকে রাজনীতি ও নির্বাচন থেকে দূরে রাখতেই এই রায় দেয়া হয়েছে বলেও অভিযোগ খালেদা জিয়ার আইনজীবীর।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতে ঢাকার প্রবেশ মুখে পুলিশের তল্লাশি

জনসাধারণের নিরাপত্তা নিশ্চিতে ঢাকার প্রবেশ মুখ সাভারে চেকপোস্ট বসিয়ে তল্লাশি চালাচ্ছে পুলিশ। শনিবার রাত থেকে ঢাকা-আরিচা মহাসড়কের আমিন বাজার এলাকায় ঢাকাগামী লেনে ব্যারিকেড বসানো হয়। এ সময় গণপরিবহন, মাইক্রোবাস ও প্রাইভেটকার থামিয়ে তল্লাশি ও যাত্রীদের জিজ্ঞাসাবাদ করে পুলিশ। ঢাকাগামী দূর পাল্লার বিভিন্ন যাত্রীবাহী বাস, গণপরিবহন প্রাইভেট কার, হাইস মাইক্রোবাস, মোটরসাইকেলের পুলিশের বিশেষ নজর লক্ষ্য করা গেছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## আজ সকাল থেকে ফাঁকা ছিল রাজধানীর বেশিরভাগ সড়ক

আজ সকাল থেকে রাজধানীর বেশিরভাগ সড়ক ছিল ফাঁকা। এ সময় যান চলাচল স্বাভাবিকের চেয়ে সীমিত লক্ষ্য করা গেছে। রাজধানীর ব্যস্ততম গাবতলী, মিরপুর, কল্যাণপুর, বাংলা মোটর, ফার্মগেট এলাকায় সড়ক অনেকটা ফাঁকা লক্ষ্য করা যাচ্ছে। সড়কে যানবাহনের উপস্থিতিও কম। অনেককে রাস্তায় দীর্ঘ সময় ধরে গাড়ির জন্য অপেক্ষা করতে দেখা গেছে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ, ৩৫ কি.মি. যানজট

গাজীপুর মহানগরের মালিকের বাড়ি এলাকায় টিএনজেড গ্রুপের শ্রমিকরা প্রায় ৩০ ঘন্টা ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে রেখেছে। এতে মহাসড়কের উভয় পাশে প্রায় ৩৫ কিলোমিটার এলাকায় যানজট সৃষ্টি হয়েছে। তৈরি হয়েছে জনদুর্ভোগ। পাওনা বেতন ও ভাতার দাবিতে শনিবার সকাল সাড়ে ন'টায় সড়ক অবরোধ করে শ্রমিকরা। রোববার গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার ইব্রাহিম খান জানান, শনিবার সকাল সাড়ে ন'টায় শুরু হওয়ার শ্রমিক আন্দোলন রাতভর চলছিল। টানা মহাসড়কে অবস্থানের কারণে উভয় পাশে তীব্র যানজটের সৃষ্টি হয়েছে। তিনি বলছেন, যানজটে আটকে পড়ে মহাসড়কে চলাচলকারী যাত্রীরা বিকল্প পথে চলাচল করছে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## আওয়ামী লীগের কর্মসূচির প্রতিবাদে কর্মসূচি শুরু করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন

ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের পূর্ব ঘোষিত কর্মসূচি রুখতে ঢাকার বঙ্গবন্ধু এভিনিউয়ে দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে অবস্থান নিয়েছেন বিএনপি নেতাকর্মীরা। সকাল থেকে বিএনপি সহ দলটির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের খন্ড খন্ড মিছিল নিয়ে বঙ্গবন্ধু এভিনিউ সহ আশপাশের সড়কগুলো প্রদক্ষিণ করতে দেখা যাচ্ছে। বেলা বারোটায় ফ্যাসিবাদ প্রতিরোধ মঞ্চের ব্যানারে গুলিস্তানের জিরো পয়েন্টে কর্মসূচি সামনে রেখে সেখানে জড়ো হতে শুরু করেছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা। ৫ ই আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর গতকাল প্রথমবারের মতো শহীদ নূর হোসেন দিবস উপলক্ষ্যে কর্মসূচি ঘোষণা করে আওয়ামী

লীগ। জিরো পয়েন্টে আজ বিকেল তিনটায় বিক্ষোভের ঘোষণা দিয়ে রেখেছে দলটি। গতকাল আওয়ামী লীগের ভেরিফাইড ফেসবুক পেজে এই কর্মসূচি উপলক্ষ্যে তাদের নেতাকর্মীদের ঢাকায় আসার আহ্বান জানানো হয়। তবে আওয়ামী লীগের এই কর্মসূচি ঘোষণার পরপরই তা প্রতিহতের ঘোষণা দিয়ে ওই এলাকায় রাত থেকে অবস্থান নিয়ে আছে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতাকর্মীরা। ১৯৮৭ সালে এরশাদ বিরোধী আন্দোলনের সময় সে সময়ের যুবলীগ কর্মী নূর হোসেন বুকে ও পিঠে 'স্বৈরাচার নিপাত যাক গণতন্ত্র মুক্তি পাক' স্লোগান লিখে রাজপথে মিছিলে নেমেছিলেন। সেদিন পুলিশের গুলিতে তিনি মারা যান। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## শহীদ নূর হোসেন দিবস উপলক্ষ্যে জিরো পয়েন্টে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন

সকালে শহীদ নুর হোসেন দিবস উপলক্ষে জিরো পয়েন্টে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন তার পরিবারের সদস্যরা। এরপর বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও রাজনৈতিক, সামাজিক সংগঠনগুলো এখানে শ্রদ্ধা জানাতে শুরু করে। অন্যদিকে অনুমতি ছাড়া জামায়াতের ডাক দেওয়া আওয়ামী লীগের কর্মসূচি ঘিরে বিশৃঙ্খলা এড়াতে ব্যাপক প্রস্তুতি নেওয়ার কথা জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের উপকমিশনার মো. তালেবুর রহমান। তিনি জানান, রোববার সকাল থেকে জিরো পয়েন্ট ও আশপাশের এলাকায় বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন রয়েছে পুলিশের সাঁজোয়া যান ও জলকামান। পুলিশ সূত্রে জানা গেছে, আজ সকাল থেকে সব মিলিয়ে আট আওয়ামী লীগ কর্মীকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা প্রক্রিয়াধীন। এছাড়া আওয়ামী লীগ কার্যালয়ের সামনে কয়েকজনকে বেধড়ক পেটুনি দেওয়ার ঘটনাও ঘটেছে। এমন পরিস্থিতিতে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে ঢাকা সহ সারাদেশে ১৯১ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। রোববার সকালে বিজিবি সদর দপ্তর থেকে পাঠানো এক বার্তায় এই তথ্য জানানো হয়। সাধারণত প্রতি প্লাটুনে ৩০ জন বিজিবি সদস্য থাকেন। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ১০.১১.২০২৪ এলিনা)

## বাংলাদেশ থেকে পাচার হওয়া অর্থ ফেরত আনতে সিঙ্গাপুরের সহায়তা চেয়েছেন প্রধান উপদেষ্টা

বাংলাদেশ থেকে পাচার হওয়া অর্থ পুনরুদ্ধার এবং বাংলাদেশ থেকে অভিবাসনের ব্যয় কমাতে সহায়তা করার জন্য সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস। রোববার বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরিক লো প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করেন। প্রায় ঘন্টা ব্যাপী এই সাক্ষাতে ড. ইউনুস সিঙ্গাপুরের হাই কমিশনার কে বলেন বাংলাদেশ থেকে সিঙ্গাপুরসহ অনেক দেশে প্রচুর অর্থ পাচার করা হয়েছে। সিঙ্গাপুরের কাছ থেকে এ বিষয়ে পূর্ণ সহযোগিতা প্রয়োজন। জবাবে হাইকমিশনার লো এ বিষয়ে অন্তবর্তী সরকারকে সহযোগিতা করার প্রতিশ্রুতি দেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## দেশের মর্যাদা ক্ষুণ্ণ করতেই আন্তর্জাতিক আদালতে অভিযোগ দিয়েছে আওয়ামী লীগ: আইন উপদেষ্টা

জুলাই-আগস্টের গণহত্যার অভিযোগে শেখ হাসিনা সহ বিদেশে পলাতকদের ধরতে ইন্টার পোলের মাধ্যমে রেড নোটিশ জারি করা হচ্ছে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সংস্কার কাজের অগ্রগতি পরিদর্শনে গিয়ে রোববার এ কথা বলেন তিনি। আইন উপদেষ্টা বলেন বিশ্ব জনমতকে বিভ্রান্ত করতে নেদারল্যান্ডসের হেগে আন্তর্জাতিক অপরাধ আদালতে প্রধান উপদেষ্টা সহ অন্যদের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। দেশের মর্যাদা ক্ষুণ্ণ করতেই সরকারের বিরুদ্ধে এই অভিযোগ দিয়েছে আওয়ামী লীগ। অভিযোগটি কোনোভাবেই গৃহীত হবার কারণ নেই  আসিফ নজরুল আরো বলেন এটা কোন মামলা নয় এটা আইস শিশুর কৃষি টিউশন অফিসকে একটা পিটিশন লিখে জানানো। এটা পৃথিবীর যেকোন মানুষ করতে পারে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## আওয়ামী লীগের কর্মসূচি রুখতে আজ মাঠে ছিল বিএনপি জামায়াত ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন

শহীদ নূর হোসেন দিবসে আওয়ামী লীগের পূর্ব ঘোষিত বিক্ষোভ মিছিলের কর্মসূচি রুখতে ঢাকার বঙ্গবন্ধু এভিনিউয়ে দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে আজ দিনভর অবস্থান করেছে বিএনপির নেতা কর্মীরা। এদিন আওয়ামী লীগের কর্মসূচি রুখতে গুলিস্তানের জিরো পয়েন্টে গণজমায়েতের আয়োজন করে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন। রোববার দুপুর সাড়ে বারোটার দিকে ফ্যাসিবাদ প্রতিরোধ মঞ্চ থেকে এই কর্মসূচি শুরু হয়। সেখানে দেওয়া বক্তব্যে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহবায়ক হাসনাত আব্দুল্লাহ বলেন বাংলাদেশের যারা গণহত্যার সাথে জড়িত যতদিন পর্যন্ত তাদের বিচার নিশ্চিত না হয় ততদিন তাদের জনসম্মুখে আসার কোন অধিকার নেই। আওয়ামী লীগের বিচার লগি বৈঠা থেকে শুরু হতে হবে। তিনি বলেন আওয়ামী লীগ ফিরবে তবে তারি বিচারের জন্য ফিরতে হবে। গণহত্যার বিচার না হওয়া পর্যন্ত আওয়ামী লীগ এবং তার অঙ্গ সংগঠনের নেতাদের রাজনীতি করার কোন অধিকার নেই। এদিন আওয়ামী লীগের কর্মসূচি রুখতে রাজধানীতে স্বরূপ ছিল জামাত শিবির ও। বিকেলে রাজধানীর শাহবাগ থেকে শিবিরের একটি বিশাল মিছিল জিরো পয়েন্টের দিকে যেতে দেখা যায়। আওয়ামী লীগ ও বৈষম্য বিরোধী আন্দোলনের

পাল্টাপাল্টি কর্মসূচি ঘিরে আজ জিরো পয়েন্ট ও তার আশপাশের এলাকায় বিপুল সংখ্যক পুলিশ মোতায়ন করা হয়। ঢাকা থেকে সারাদেশের মতন করা হয় ১৯১ প্লাটুন বিজিবি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

**বিভিন্ন ইস্যুকে কেন্দ্র করে ভিন্নরূপে ফিরতে চাইছে আওয়ামী লীগ আমির খসরু**

বিভিন্ন ইস্যুকে কেন্দ্র করে ভিন্নরূপে ফিরতে চাওয়া আওয়ামী লীগের রাজনৈতিক ধন্যবাদের মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসর মাহমুদ চৌধুরী। রোববার সকালে বিএনপি চেয়ারপার্সনের গুলশান কার্যালয়ে এই মন্তব্য করেন তিনি। আমির খসরু বলেন দেশে সুষ্ঠু নির্বাচন চান সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশের কূটনীতিকরা। তারা চান জনগণের ভোটে নির্বাচিত সরকার দেশ পরিচালনা করুক। নির্বাচিত সরকার দেশ পরিচালনা করলে বিদেশি বিনিয়োগ বাড়বে বলেও জানান তিনি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

**অন্তর্বর্তীকালীন সরকারকে বৈধতা দিতে অধ্যাদেশ জারি হচ্ছে: শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা**

বর্তমান অর্থ অন্তবর্তী কালীন সরকারের বৈধতা গণঅভ্যুত্থান বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। রোববার সচিবালয়ে বর্তমান শ্রম পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক সমন্বয় সভা শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সরকারকে বৈধতা দিতে অধ্যাদেশ হচ্ছে একই সঙ্গে সংস্কার কাজ কতদূর এগুলো সাংবাদিকদের এসব প্রশ্নের জবাবে আসিফ মাহমুদ বলেন এই সরকারের বৈধতা হল গণঅভ্যুত্থান। যেটা সিদ্ধান্ত হয়েছে সেটা হচ্ছে। লিগ্যাল গ্রাটিফিকেশন এবং অন্যান্য বিষয়ে। তিনি জানান সংস্কার কমিশন গুলোর সঙ্গে প্রধান উপদেষ্টা নিয়মিত বসছেন। রিপোর্টের ভিত্তিতে সংস্কার কাজ চলবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

**সিলেটের কানাইঘাটে নিখোঁজ আলোচিত শিশু মুনতাহার হত্যায় চারজনকে আটক করেছে পুলিশ**

সিলেটের কানাইঘাট থেকে নিখোঁজ আলোচিত শিশু মুনতাহা আক্তারকে অপহরণের পর হত্যা করে লাশ গুম করার জন্য ডোবায় পুতে রাখা হয়েছিল। পরে ঘটনাকে ভিন্নখাতে নিতে ডোবা থেকে লাশ তুলে পুকুরে ফেলার দেওয়ার চেষ্টা করা হয়। ঘটনা সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত মোট চারজনকে গ্রেফতার দেখিয়েছে পুলিশ। তারা হলেন মুনতাহার প্রতিবেশী কানাইঘাট সদরের বীরদল গ্রামের মার্জিয়া আক্তার, তার মা আলেকজান বেগম, প্রতিবেশী নাজমা বেগম ও ইসলাম উদ্দিন। আরো কয়েকজনকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেয়া হয়েছে। তবে তাদের নাম পরিচয় জানায়নি পুলিশ। নিহত মুনতাহা কানাইঘাট সদরের বীরদল গ্রামের শামীম আহমেদের মেয়ে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

**ঝাড়খন্ডে বিজেপি ক্ষমতায় এলে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের তাড়িয়ে দেয়া হবে: জেপি নাড্ডা**

ভারতের ক্ষমতাসীন রাজনৈতিক দল ভারতীয় জনতা পার্টি বিজেপির কেন্দ্রীয় সভাপতি জেপি নাড্ডা বলেছেন ঝাড়খণ্ডে বিজেপি ক্ষমতায় এলে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের তাড়িয়ে দেয়া হবে। এমনকি সেখানে স্থানীয় নারীদের বিয়ে করা বাংলাদেশি অনুপ্রবেশকারী ও তাদের সন্তানদের দেওয়া আদিবাসী অধিকার ও কেড়ে নেয়ার হুমকি দিয়েছেন তিনি। শনিবার ঝাড়খণ্ডের পালা মৌতে এক জনসভায় জেপি নাড্ডা এসব হুমকি দেন। রাজ্যের ক্ষমতাসীন ঝাড়খন্ড মুক্তি মোর্চা জে এম এম কংগ্রেস জোটের দুর্বল শাসনের সুযোগে বাংলাদেশি অনুপ্রবেশকারীরা সেখানে বসতি গড়ছেন বলেও অভিযোগ করছেন তিনি। জনতার উদ্দেশ্যে দেওয়া ভাষণে জেপিনাড্ডা বলেন ঝাড়খণ্ডে বিজেপি ক্ষমতায় এলে বাংলাদেশকে অনুপ্রবেশকারী বাবা ও আদিবাসী মায়ের সন্তানরা ও আদিবাসী অধিকার থেকে বঞ্চিত হবেন। এই রাজ্যে আর অনুপ্রবেশ চলতে দেওয়া হবে না। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১০.১১.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**প্রধান উপদেষ্টার অধীনে ৪ মন্ত্রণালয়-বিভাগ**

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের অধীনে আগে ছয়টি মন্ত্রণালয় ও বিভাগ থাকলেও এখন তা কমিয়ে চারটি করা হয়েছে। রোববার (১০ নভেম্বর) রাতে নতুন শপথ নেওয়া উপদেষ্টাদের দপ্তর বণ্টন এবং পুরনোদের পুনর্বণ্টন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপন অনুযায়ী এখন থেকে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয় প্রধান উপদেষ্টার দায়িত্বে থাকবে। আগে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় প্রধান উপদেষ্টার অধীনে ছিল। এখন খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত উপদেষ্টা আলী ইমাম মজুমদার। এছাড়া বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্ব সামলাবেন উপদেষ্টা এ এফ হাসান আরিফ। রোববার সন্ধ্যায় বঙ্গভবনে শপথ নেন নতুন তিন জন উপদেষ্টা। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাদের শপথ পড়ান। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## ট্রাম্পের ছবি আশ্রয় করে বাঁচতে চান হাসিনা: মেজর হাফিজ

আওয়ামী লীগ সভাপতি ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন অন্য দেশে (ভারতে) বসে যুক্তরাষ্ট্রের সদ্য নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ছবি আশ্রয় করে বাঁচতে চান বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ। রোববার (১০ নভেম্বর) জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে জিয়া পরিষদ আয়োজিত `ঐতিহাসিক ৭ নভেম্বর: শহীদ রাষ্ট্রনায়ক জিয়াউর রহমান ও বাংলাদেশের উন্নয়ন, শীর্ষক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। হাফিজ উদ্দিন আহমেদ বলেন, হাসিনা কত নিষ্ঠুর, কত ছাত্র হত্যা করেছে। রাষ্ট্রক্ষমতার জন্য কত নির্মম ছিল এরা। আল্লাহর গজব এদের ওপর পড়েছে। এখন আরেক দেশে বসে ট্রাম্পের ছবি আশ্রয় করে উনি বাঁচতে চান। `আসেন না বাংলাদেশে, এত বড় বড় কথা বলেন...বাংলাদেশে আসেন। এখন জিয়াউর রহমান নাই, তার দল বিএনপি এখনো আছে। আর বাংলাদেশের জাতীয়বাদ আছে। আমরা সবাই মিলে এই দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষা করবো।, তিনি বলেন, বিগত ১৬ বছর আমাদের জন্য কঠিন সময় গিয়েছে। বাংলাদেশে আমরা আওয়ামী লীগ সরকারের সমালোচনা করেছি। কিন্তু এরা যে কত নিষ্ঠুর নির্মম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় তাদের আসল রূপটি প্রকাশ পেয়েছে। তবে বিগত ১৭ বছর ধরে বিএনপি এবং তার অঙ্গসংগঠনগুলো কঠিন আন্দোলনে লিপ্ত ছিল।

আওয়ামী লীগ জিয়াউর রহমানকে উপযুক্ত মর্যাদা দেয়নি মন্তব্য করে মেজর হাফিজ বলেন, শহীদ রাষ্ট্রপতি বাংলাদেশের এক বিরল ব্যক্তিত্ব, কিংবদন্তির নাম। বাঙালির সংকটের সময় ত্রাতা হয়ে আবির্ভূত হয়েছিল ইস্ট বেঙ্গল রেজিমেন্ট। আর স্বাধীনতা যুদ্ধের সূচনা করেন অষ্টম ইস্ট বেঙ্গল রেজিমেন্টের উপ-অধিনায়ক মেজর জিয়াউর রহমান। কিন্তু এই দুঃসময়ে যিনি প্রতিরোধ সংগ্রাম গড়ে তুলেছেন, সৈনিকদের আহ্বান জানিয়েছেন, ছাত্রদের আহ্বান জানিয়েছেন, স্বাধীনতা সংগ্রামের সূচনা করেছেন, সেই মহান নেতা জিয়াউর রহমানকে উপযুক্ত মর্যাদা কখনোই আওয়ামী লীগ দেয়নি। তারা সেই আগের বর্ণিত স্বাধিকার আন্দোলন স্বায়ত্তশাসনের আন্দোলনকেই স্বাধীনতার আন্দোলন বলে চালিয়ে দিলেন। তিনি আরও বলেন, জিয়াউর রহমানকে `ক্যান্টনমেন্টের নেতা, বলে আখ্যায়িত করা হয়। কিন্তু তিনি মনেপ্রাণে ছিলেন একজন দেশপ্রেমিক গণতান্ত্রিক। তিনি নির্বাচিত রাষ্ট্রপতি ছিলেন এই দেশের।

বিএনপির এই নেতা আরও বলেন, জিয়াউর রহমান তার জীবন দিয়ে, জীবনাচরণ দিয়ে, প্রমাণ করেছেন একজন মুক্তিযোদ্ধার চরিত্র কেমন হওয়া উচিত। তিনি এমনই মুক্তিযোদ্ধা যিনি ছয় বছর রাষ্ট্র পরিচালনা করার পর দেখা গেল তার এক ইঞ্চি জমি নেই, ব্যাংকে কোন টাকা নেই। এ ধরনের সৎ নির্লোভ রাষ্ট্রনায়ক আর কোথায় পাবে বাংলাদেশ। জিয়া পরিষদের ভাইস চেয়ারম্যান প্রফেসর ড. শফিকুল ইসলামের সভাপতিত্বে এসময় আরও উপস্থিত ছিলেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল, নির্বাহী কমিটির সদস্য রফিক শিকদার ও জিয়া পরিষদের মহাসচিব ইন্তাজ হোসেন প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.১১.২০২৪ নারগীস)

## বাংলাদেশে ট্রাম্পের সমর্থকদের গ্রেফতার-দমনের ঘটনা ঘটেনি: সিএ প্রেস উইং

বাংলাদেশে যুক্তরাষ্ট্রের নবনির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমর্থকদের কোনো গ্রেফতার বা দমন অভিযানের ঘটনা ঘটেনি। ভারতীয় একটি গণমাধ্যমে এ ধরনের প্রকাশিত সংবাদকে জাল বলে দাবি করেছে অন্তর্বর্তী সরকারের প্রেস উইং ফ্যাকটস। রোববার (১০ নভেম্বর) দিনগত রাতে সিএ প্রেস উইং ফ্যাকটস-এর ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এমন দাবি করা হয়েছে। সেখানে বলা হয়েছে, রাজধানীতে নাশকতামূলক কর্মকাণ্ডের পরিকল্পনার অভিযোগে রোববার দেশে গণহত্যা, দুর্নীতি ও কোটি কোটি ডলার পাচারের অভিযোগে আওয়ামী লীগের কয়েক ডজন নেতাকর্মী, কর্মকর্তা ও সদস্যদের ঢাকা থেকে গ্রেফতার করা হয়েছে।

ঢাকা মেট্রোপলিটন পুলিশ এ বিষয়ে একটি বিবৃতি দিয়েছে। সেখানে বলা হয়েছে, পলাতক আওয়ামী লীগ নেতা শেখ হাসিনা তার সমর্থকদের ডোনাল্ড ট্রাম্পের পোস্টার বহন করার এবং গ্রেফতারের বিরুদ্ধে ঢাল হিসেবে ব্যবহার করার নির্দেশ দেওয়ার কারণে তারা সেগুলো বহন করছিল। আটকরা পুলিশকে বলেছে যে, তারা মার্কিন রাজনীতি অনুসরণ করে না, শুধু হাসিনার নির্দেশে ট্রাম্পের পোস্টার বহন করেছিল। প্রেস উইং আরও জানায়, আগস্টে অভূতপূর্ব বিপ্লবের পর শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে কিছু ভারতীয় সংবাদপত্র ছাত্র নেতৃত্বাধীন গণঅভ্যুত্থান সম্পর্কে আক্রমণাত্মকভাবে ভুল তথ্য প্রচার করছে। তারা বিপ্লবোত্তর দিনগুলোতে সংখ্যালঘুদের বিরুদ্ধে সহিংসতার ঘটনাগুলোকে ব্যাপকভাবে অতিরঞ্জিত করেছে। আজকে আওয়ামী লীগ সমর্থকদের গ্রেফতারের ঘটনায়ও তারা একইভাবে অতিরঞ্জিত করেছে।

শহীদ নূর হোসেন দিবস উপলক্ষে ১০ নভেম্বর রাজধানীতে বিক্ষোভ মিছিলের ডাক দেয় আওয়ামী লীগ। শনিবার সংগঠনটির ভেরিফায়েড ফেসবুক পেজে একাধিক পোস্টে এ কর্মসূচির কথা জানানো হয়েছে। ওইদিনই প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানান, দেশে এখন আওয়ামী লীগের সমাবেশ বা মিছিল করার কোনো সুযোগ

নেই। অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া হুঁশিয়ারি দিয়ে বলেন, গণহত্যাকারী বা নিষিদ্ধ সংগঠনের কেউ কর্মসূচির চেষ্টা করলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এরপর শনিবার রাতেই আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার ভাইরাল হওয়া কথিত অডিও ক্লিপের নির্দেশনা বাস্তবায়নকারীসহ ১০ জনকে গ্রেফতার করে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। তাদের কাছ থেকে বিপুল পরিমাণ আলামত উদ্ধার করা হয়। রোববার পর্যন্ত ৫০ জনকে গ্রেফতারের তথ্য জানায় ডিএমপি। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.১১.২০২৪ নারগীস)

## খুনি হাসিনার তেলবাজরাও উপদেষ্টা হচ্ছেন: সমন্বয়ক সারজিস

অন্তর্বর্তীকালীন সরকারে আরও তিনজন উপদেষ্টা হিসেবে রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে শপথ নিয়েছেন। এর পরপরই বিস্ফোরক মন্তব্য করেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক ও জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক সারজিস আলম। তার দাবি, সরকারের উপদেষ্টাদের মধ্যে আওয়ামী লীগ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার তেলবাজরাও রয়েছেন। রোববার (১০ নভেম্বর) দিনগত রাত ১২টা ২৯ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে এক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

সারজিস আলম ফেসবুক পোস্টে লেখেন, `শুধু ১টা বিভাগ থেকে ১৩ জন উপদেষ্টা! অথচ উত্তরবঙ্গের রংপুর, রাজশাহী বিভাগের ১৬টা জেলা থেকে কোনো উপদেষ্টা নেই! তার ওপর খুনি হাসিনার তেলবাজরাও উপদেষ্টা হচ্ছেন!, রোববার সন্ধ্যায় অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা হিসেবে তিনজন শপথ নেন। বঙ্গভবনে তাদের শপথ পড়ান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। তারা হলেন- শিল্পগোষ্ঠী আকিজ-বশির গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সেখ বশির উদ্দিন, চলচ্চিত্র পরিচালক মোস্তফা সরয়ার ফারুকী ও প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম। একই দিন অন্তর্বর্তী সরকারের ছয় উপদেষ্টার দপ্তর পুনর্বণ্টন করা হয়েছে। এর মধ্যে দুজন উপদেষ্টার দায়িত্ব কমেছে। তিনজনের মন্ত্রণালয় অদল-বদল হয়েছে, দায়িত্ব কমেনি। এছাড়া প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত উপদেষ্টা আলী ইমাম মজুমদারকে খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে।

এছাড়া খোদা বকশ চৌধুরী, ড. সায়েদুর রহমান এবং অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম প্রতিমন্ত্রীর পদমর্যাদায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সহকারী হিসেবে নিয়োগ পেয়েছেন। একই সঙ্গে তিনজনের হাতে তিনটি মন্ত্রণালয়ের নির্বাহী ক্ষমতা দেওয়া হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ রাতে জারি করা এ সংক্রান্ত প্রজ্ঞাপনে জানিয়েছে, খোদা বকশ চৌধুরীকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সায়েদুর রহমানকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং আমিনুল ইসলামকে শিক্ষা মন্ত্রণালয়ের নির্বাহী ক্ষমতা অর্পণ করা হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১১.১১.২০২৪ নারগীস)

## পাচারের অর্থ ফেরাতে বিদেশি পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ অনুমোদন

দেশ থেকে পাচার হওয়া অর্থ ফিরিয়ে আনতে বিদেশি আইনি সংস্থা বা পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে অনুমোদন দিয়েছে বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদ। এর আগে বিদেশে পাচার করা টাকা ফেরত আনার বিষয়ে গঠিত টাস্কফোর্সে গত ৩১ আগস্ট এ বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয়। রোববার (১০ নভেম্বর) বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুরের সভাপতিত্বে অনুষ্ঠিত বোর্ড সভায় বিদেশি আইনি সংস্থা বা পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে অনুমোদন দিয়েছেন। বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র হুসনে আরা শিখা এ তথ্য নিশ্চিত করেন। বিদেশি প্রতিষ্ঠান নিয়োগের আগে আইনগত দিক খতিয়ে দেখে ইতিবাচক সংকেত দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক), পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি), জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) অধীন শুল্ক গোয়েন্দা, কেন্দ্রীয় গোয়েন্দা সেল (সিআইসি) এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)।

কমিশনভিত্তিক এজেন্টের মাধ্যমে পাচার করা অর্থ ফেরত আনার নজির আছে। এর আগে ২০০৯ সালে `অক্টোখান, নামের একটি পরামর্শক প্রতিষ্ঠানকে চুক্তিভিত্তিক নিয়োগ দিয়ে সিঙ্গাপুরে পাচার করা অর্থ ফেরত আনা হয়েছে। পরে দুই দফা চুক্তির নবায়ন হলেও ২০১৫ সালের পর প্রতিষ্ঠানটির সঙ্গে আর চুক্তি নবায়ন করা হয়নি। হুসনে আরা শিখা বলেন, রোববার বাংলাদেশ ব্যাংকের বোর্ড মিটিংয়ে মোবাইল ফাইন্যান্সিয়াল কোম্পানিটির জালিয়াতি ও অনিয়ম তদন্তে ফরেনসিক নিরীক্ষা এই সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে ডিজিটাল আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান `নগদ, জালিয়াতি ও অনিয়ম ক্ষতিয়ে দেখার নির্দেশনা দিয়েছিল বাংলাদেশ ব্যাংক। নগদের এক কর্মকর্তা এ বিষয়ে বলেন, এই ধরনের কোনো নির্দেশনা এখনও পাইনি। আমাদের নতুন প্রশাসক দায়িত্ব গ্রহণের পর ফরেনসিক নিরীক্ষার যে উদ্যোগ নিয়েছিলেন সেটি এখনো শুরু করতে পারেননি তিনি। ২০১৯ সালের মার্চে নগদ বাংলাদেশ ব্যাংকের অস্থায়ী লাইসেন্স পায়। গত জুনে সাবেক গভর্নর আব্দুর রউফ তালুকদারের নেতৃত্বাধীন বোর্ড মিটিংয়ে কেন্দ্রীয় ব্যাংক সপ্তমবারের মতো অস্থায়ী লাইসেন্সের মেয়াদ বাড়ায়। যা আগামী ২০২৫ সালের জুন পর্যন্ত কার্যকর হবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## খাদ্য মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্বে আলী ইমাম মজুমদার

খাদ্য মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্ব পেয়েছেন আলী ইমাম মজুমদার। তিনি প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত ছিলেন। রোববার (১০ নভেম্বর) নতুন শপথ নেওয়া উপদেষ্টাদের দপ্তর বন্টন এবং পুরনোদের পুনর্বণ্টন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সাবেক মন্ত্রিপরিষদ সচিব আলী ইমাম মজুমদারকে গত ১২ আগস্ট প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিশেষ সরকারী নিয়োগ দেওয়া হয়। ১৬ আগস্ট তার সেই নিয়োগ বাতিল করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ওইদিনই উপদেষ্টা হিসেবে শপথ নেন আলী ইমাম। উপদেষ্টা নিয়োগের পর তাকে প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত করা হয়। এখন তাকে খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হলো। এতদিন খাদ্য মন্ত্রণালয় প্রধান উপদেষ্টার অধীনে ছিল।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## ফের সরানো হলো সাখাওয়াত হোসেনকে

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) সাখাওয়াত হোসেনের দায়িত্বে আবারও পরিবর্তন আনা হয়েছে। বস্ত্র ও পাট মন্ত্রণালয় থেকে সরিয়ে তাকে নৌ পরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। রোববার (১০ নভেম্বর) রাতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বর্তমান উপদেষ্টারদের দায়িত্ব পুনর্বণ্টন করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর ব্রিগেডিয়ার জেনারেল (অব.) সাখাওয়াত হোসেনকে প্রথমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা করা হয়। পরে তাকে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়।
আজ রোববার বেড়েছে উপদেষ্টা পরিষদের আকার। এদিন শপথ নিয়েছেন নতুন তিন উপদেষ্টা। তাদের মধ্যে শীর্ষস্থানীয় শিল্প গোষ্ঠী আকিজ-বশির গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সেখ বশির উদ্দিনকে বাণিজ্য মন্ত্রণালয় এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয় মন্ত্রণালয়ের উপদেষ্টা করা হয়েছে। চলচ্চিত্র পরিচালক ও নাট্যকার মোস্তফা সরয়ার ফারুকী সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টার দায়িত্ব পেয়েছেন। তবে এতদিন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর দায়িত্ব পালন করা মাহফুজ আলমকে এখনো কোনো দপ্তর দেওয়া হয়নি। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## রাজশাহী কলেজের ডিজিটাল বোর্ডে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের বার্তা

রাজশাহী কলেজের প্রশাসনিক ভবনের ডিজিটাল স্ক্রলিং বোর্ডে `রাজশাহী কলেজের শিক্ষার্থীদের ক্লাসে ৭০ শতাংশ উপস্থিতি বাধ্যতামূলক, লেখার পরিবর্তে `বাংলাদেশ ছাত্রলীগ আবারও আসবে ভয়ংকর রূপে, সাবধান, লেখাটি ভেসে উঠেছে। এ ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে সমালোচনা শুরু হয়েছে। কলেজের প্রশাসনিক ভবনের সামনেও অবস্থান নিয়ে বিক্ষোভ করতে থাকেন শিক্ষার্থীরা। রোববার (১০ নভেম্বর) বিকেলে ডিজিটাল স্ক্রলিং বোর্ডে ওই বার্তাটি স্ক্রল হতে দেখা যায়। মুহূর্তেই এর ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে সন্ধ্যায় জরুরি একাডেমিক কাউন্সিলের মিটিংয়ে বসে কলেজ প্রশাসন। ছাত্রলীগের বার্তা প্রচারের বিষয়টি নিশ্চিত করেছেন রাজশাহীর কলেজের অধ্যক্ষ অধ্যাপক মু. যহুর আলী। তিনি বলেন, বিষয়টা আমরা এখনো সুস্পষ্ট বর্ণনা দিতে পারছি না যে কে বা কারা করলো কিংবা কীভাবে ঘটলো। সন্ধ্যার সময় সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়ার পর বিষয়টি আমাদের নজরে আসে। আমরা জানার চেষ্টা করছি কীভাবে এটি ঘটলো। অধ্যক্ষ আরও বলেন, `আমরা কলেজ প্রশাসন বিষয়টা তদারকি করছি। আশা করছি অপরাধীকে দ্রুত শনাক্ত করতে সক্ষম হবো। আমরা তাৎক্ষণিক মিটিং ডেকেছি। আমরা এটা শনাক্ত করবো।,
কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ড. ইব্রাহিম আলী বলেন, `বিষয়টি সম্পর্কে আমি এখনো সঠিকভাবে অবগত নই। সবেমাত্র অধ্যক্ষ স্যার আমাকে এ বিষয়ে জানালেন। আমরা অপরাধীকে শনাক্তের জন্য আইটি বিশেষজ্ঞকে ডাকছি। দ্রুত শনাক্ত করবো আশা করছি।, কলেজের আইটির দায়িত্বে থাকা আসলাম বলেন, `আমি বিকেল ৫টায় কম্পিউটার অফ করে চলে গেছি। কে করলো বা কীভাবে ঘটলো জানি না।, তিনি বলেন, `এই অ্যাপটি এখন হ্যাক করা সম্ভব। হয়তো বাইরে থেকে কেউ ল্যাপটপ বা ফোন দিয়ে লেখাটি পরিচালনা করেছে।,
এ ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন কলেজের শিক্ষার্থীরা। ইয়াসির আরাফাত নামের এক শিক্ষার্থী বলেন, `এত বড় একটা কলেজের প্রশাসনিক ব্যবস্থা এত দুর্বল কীভাবে হয়? এভাবে চলতে থাকলে সাধারণ শিক্ষার্থীরা কলেজের বর্তমান প্রশাসনের ওপর ভরসা হারিয়ে ফেলবে। এর দ্রুত সমাধান চাই।,
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## ছয় উপদেষ্টার দপ্তর পুনর্বণ্টন

অন্তর্বর্তী সরকারের ছয় উপদেষ্টার দপ্তর পুনর্বণ্টন করা হয়েছে। এর মধ্যে দু,জন উপদেষ্টার দায়িত্ব কমেছে। তিনজনের মন্ত্রণালয় অদল-বদল হয়েছে, দায়িত্ব কমেনি। এছাড়া প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত উপদেষ্টা আলী ইমাম

মজুমদারকে একটি মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। রোববার (১০ নভেম্বর) নতুন শপথ নেওয়া উপদেষ্টাদের দপ্তর বণ্টন এবং পুরোনোদের পুনর্বণ্টন করে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

সালেহ উদ্দিন আহমেদের দায়িত্ব কমেছে। আগে অর্থ মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্বে থাকলেও এখন তিনি শুধু অর্থ মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। বাণিজ্য মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন নতুন উপদেষ্টা শেখ বশির উদ্দিন। উপদেষ্টা আসিফ নজরুলের দায়িত্ব ভারও কিছুটা কমেছে। তাকে আর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সামলাতে হবে না। এ মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন নতুন উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী। উপদেষ্টা এ এফ হাসান আরিফের আগের মতোই দুটি মন্ত্রণালয় রয়েছে। আগে তিনি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ের দায়িত্ব সামলাতেন। এখন ভূমি মন্ত্রণালয় তার অধীনে থাকলেও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পরিবর্তে তাকে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা ছিলেন আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। এখন যুব ও ক্রীড়া মন্ত্রণালয় তার অধীনে থাকলেও শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রণালয়ের পরিবর্তে তিনি পেয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্ব। ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেন এখন থেকে নৌপরিবহন মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। আগে তার অধীনে ছিল বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং নৌপরিবহন মন্ত্রণালয়। উপদেষ্টা আলী ইমাম মজুমদার আগে প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত ছিলেন। এখন তাকে খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ নারগীস)

## এই সরকারের বৈধতা হলো গণঅভ্যুত্থান : উপদেষ্টা আসিফ মাহমুদ

এই অন্তর্বর্তী সরকারের বৈধতা গণঅভ্যুত্থান বলে মন্তব্য করেছেন শ্রম ও কর্মসংস্থান উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। রোববার (১০ নভেম্বর) সচিবালয়ে বর্তমান শ্রম পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক সমন্বয় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা বলেন। সরকারকে বৈধতা দিতে অধ্যাদেশ হচ্ছে, একইসঙ্গে সংস্কারকাজ কতদূর এগোলো- জানতে চাইলে উপদেষ্টা বলেন, ‵এই সরকারের বৈধতা হলো গণঅভ্যুত্থান। যেটা সিদ্ধান্ত হয়েছে সেটা হচ্ছে লিগ্যাল রেটিফিকেশন এবং অন্যান্য বিষয়। গত তিনমাস আমাদের কার্যক্রমের অগ্রগতি আপনারা দেখেছেন। সংস্কার কমিশনগুলোর সঙ্গে আমাদের প্রধান উপদেষ্টা নিয়মিত বসছেন। রিপোর্টের ভিত্তিতে সংস্কার কার্যক্রম চলবে।, তিনি বলেন, ফ্যাসিবাদী ব্যবস্থা বিলোপের জন্যই সংস্কার কমিশনগুলো গঠন করা হয়েছে।

সংস্কার কমিশনের প্রস্তাবনার ভিত্তিতে স্টেকহোল্ডারদের সঙ্গে বসে, রাজনৈতিক দলগুলোর সঙ্গে বসে সংস্কার কার্যক্রম শেষ করার রূপরেখা ইতোমধ্যে দেওয়া হয়েছে। এর মাধ্যমে আমরা আশা করি একটি নতুন বাংলাদেশ যেটার কথা আমরা মুখে বলছি, সেটার বাস্তবায়ন সম্ভব হবে। ‵ইতোমধ্যে গঠনের আগেই ১০৬-এ (সংবিধানের ১০৬ অনুচ্ছেদ) এ সরকারের বৈধতা দেওয়া হয়েছে। যে অর্ডিন্যান্সের কথা বলা হচ্ছে সেটার মাধ্যমে আরও লিগ্যাল রেটিফিকেশন হবে, বলেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ।

উপদেষ্টা বলেন, আওয়ামী লীগের যে অফিসিয়াল পেজ আছে, দেশের বাইরে বসে বসে পোস্ট করে, সেখানে কিন্তু শ্রমিকদের উসকে দেওয়ার মতো কিছু পোস্ট গতকাল আপনাদের দেখার কথা, আমার চোখে পড়েছে। ষড়যন্ত্র তো ঘোষণা দিয়ে হচ্ছে ভাই। সেটা তো সোশ্যাল মিডিয়ার সবাই দেখছে। এগুলো কাউন্টার করার ক্ষেত্রে আপনাদের (সাংবাদিক) একটা ভূমিকা থাকা উচিত, আমরা কাজ করছি। তিনি বলেন, ‵(আওয়ামী লীগের) এই কথায় বিশেষ বড় অংশের কেউ কনভিন্স না। না হলে আওয়ামী লীগের আহ্বানে শ্রমিকরা আজ মিছিল নিয়ে আসতো ঢাকার দিকে। কেউ তো আসেনি।, (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## শেখ হাসিনাসহ পলাতকদের ফেরাতে ইন্টারপোলের সহায়তা নেওয়া হচ্ছে : আইন উপদেষ্টা

শেখ হাসিনাসহ বিদেশে পলাতকদের ফেরাতে আন্তর্জাতিক সংস্থা ইন্টারন্যাশনাল ক্রিমিনাল পুলিশ অর্গানাইজেশনের (ইন্টারপোল) সহায়তা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল। রোববার (১০ নভেম্বর) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ভবন সংস্কারের কাজ পরিদর্শন শেষে তিনি এসব কথা বলেন। এ সময় অন্য প্রসিকিউটরাও উপস্থিত ছিলেন। বাংলাদেশকে বিপদে ফেলতে পারে এমন অপচেষ্টা রুখে দেওয়া হবে জানিয়ে আসিফ নজরুল বলেন, সরকারের বিরুদ্ধে ভিত্তিহীন অভিযোগ দিয়েছে আওয়ামী লীগ, যা নিয়ে মাথাব্যথা নেই অন্তর্বর্তী সরকারের। ট্রাইব্যুনালের সংস্কারাধীন মূল ভবন পরিদর্শন করে আইন উপদেষ্টা জানান, আগামী সপ্তাহে ট্রাইব্যুনালের মূল ভবনে শুরু হবে জুলাই হত্যাকাণ্ডের বিচার। এদিকে, চিফ প্রসিকিউটর তাজুল ইসলাম বলেছেন, ব্যক্তি পর্যায়ে জুলাই-আগস্ট হত্যাকাণ্ডের তদন্ত কাজ এগিয়ে যাচ্ছে। সরকারের সিদ্ধান্ত পেলে দল হিসেবে আওয়ামী লীগের বিচার কাজ শুরু করবে ট্রাইব্যুনাল। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## জয় বাংলা বলে স্লোগান, গণপিটুনি দিয়ে পুলিশে সোপর্দ

শহীদ নূর হোসেন দিবস উপলক্ষ্যে গুলিস্তানে আওয়ামী লীগের কার্যালয়ের সামনে `জয় বাংলা, স্লোগান ও শেখ হাসিনা দেশে আবারও ফিরে আসবেন বলায় গণপিটুনি দিয়ে এক ব্যক্তিকে পুলিশে সোপর্দ করেছে বিএনপি ও অন্যান্য রাজনৈতিক দলের নেতাকর্মীরা। যদিও তাৎক্ষণিকভাবে ওই ব্যক্তির পরিচয় পাওয়া যায়নি। বর্তমানে তিনি পুলিশের হেফাজতে রয়েছেন। রোববার (১০ নভেম্বর) দুপুর পৌনে ১২টার দিকে আওয়ামী লীগের কার্যালয়ের সামনে এ ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানান, ওই ব্যক্তি বিক্ষোভের মাঝে হঠাৎ এসে বলেন, শেখ হাসিনা চলে আসবেন। আমি একজন মুক্তিযোদ্ধা। জয় বাংলা বলে স্লোগান দেওয়া শুরু করেন। এরপরই বিক্ষোভকারীরা তাকে বেধড়ক পিটুনি দেন।

গুলশান কমার্স কলেজের শিক্ষার্থী হাবিবুর রহমান বলেন, কেউ এসে নিজেকে ছাত্রলীগ বা আওয়ামী লীগ বললেই মারার আগে যাচাই-বাছাই করা উচিত। যারা প্রকৃত আওয়ামী লীগ তারা গোপনে ষড়যন্ত্র করে মাঠে নিরীহ লোকদের পাঠাচ্ছেন। আর কাউকে পেলেই মারতে হবে কেনো? তাকে পুলিশে দিয়ে দিলেই তো ভালো। তিনি আরও বলেন, আমরা না থাকলে এই মুরুব্বি মারা যেতো। আমরা চাই না কোনো মব জাস্টিস হোক। ফ্যাসিবাদীরা চাচ্ছে, নিরীহ লোকদের পাঠিয়ে গণপিটুনি খাওয়াতে। এতে তারা সুযোগ নেবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## বাড়ছে উপদেষ্টা পরিষদের আকার, শপথ নিচ্ছেন আরও ৫ জন

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদের আকার বাড়ছে। নতুন করে আরও পাঁচজন উপদেষ্টা রোববার (১০ নভেম্বর) সন্ধ্যায় বঙ্গভবনে শপথ নিতে পারেন। মন্ত্রিপরিষদ বিভাগ ও সরকারি যানবাহন অধিদপ্তর সূত্রে এ তথ্য জানা গেছে। সরকারি যানবাহন অধিদপ্তরের পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব) মো. আবুল হাছানাত হুমায়ুন কবীর জাগো নিউজকে বলেন, গাড়ি প্রস্তুত করার নির্দেশনা আমরা পেয়েছি। আমরা পাঁচটি গাড়ি প্রস্তুত রাখছি। বর্তমানে প্রধান উপদেষ্টাসহ উপদেষ্টা পরিষদের সদস্য ২১ জন। নতুন করে আরও পাঁচজন যুক্ত হলে সংখ্যা বেড়ে হবে ২৬ জন।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## ঢাকার রাস্তায় ৫ কোটির রোলস রয়েস, মালিক কে?

অনলাইন ভিডিও শেয়ারিং প্ল্যাটফর্ম ইউটিউবে একটি গাড়ির ভিডিও রিল ভাইরাল হয়েছে। বিশ্বখ্যাত রোলস রয়েস ব্র্যান্ডের গাড়িটিতে কোনো রেজিস্ট্রেশন নম্বর নেই। নম্বর প্লেটের জায়গায় দেখা যাচ্ছে গাড়ি পরিবেশক প্রতিষ্ঠানের নাম। ভাইরাল ভিডিওতে রাজধানীর বনানীর একটি রাস্তায় বিশ্বখ্যাত রোলস রয়েস ব্র্যান্ডের গাড়িটি পড়ে থাকতে দেখা গেছে। বিলাসবহুল ও দামি গাড়িটির মালিক কে, তা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে চলছে তুমুল আলোচনা। কিন্তু নম্বর প্লেট না থাকায় গাড়ি কার নামে নিবন্ধিত, সে তথ্য পাওয়া সম্ভব হয়নি। কয়েক বছর ধরে ঢাকার রাস্তায় মার্সিডিজ, বিএমডব্লিউ ও অডি গাড়ির চলাচল পরিচিত দৃশ্য হয়ে গেছে। বিলাসবহুল এসব গাড়ি আমদানির সংখ্যা দুই হাজার ছাড়িয়ে গেছে। তবে রোলস রয়েসের দেখা তেমন মেলে না। এ জন্যই হয়তো ভিডিওটি আপলোডের পর অনেকেই মন্তব্য করেছেন। একজন লিখেছেন, `এটি বাংলাদেশের একটি বড় গ্রুপ অব ইন্ডাস্ট্রির মালিকের গাড়ি।, আরেকজন দাবি করেছেন, `গাড়িটি তিনি বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) মিরপুর কার্যালয়ে দেখেছেন।, আরেকজন লিখেছেন, `এমন গাড়ি বাংলাদেশে আরও তিনটা রয়েছে।, ফেসবুকে অনেকে গাড়িটির মালিক কে তা জানতে চাইছেন, আবার কেউ গাড়ির দাম জানার আগ্রহ দেখিয়েছেন।

গাড়িটির ছবি ও মডেল অনুসন্ধানে জানা যায়, রোলস রয়েস স্পেক্টার হলো ব্রিটিশ বিলাসবহুল গাড়ি প্রস্তুতকারক রোলস রয়েসের প্রথম সম্পূর্ণ বৈদ্যুতিক গাড়ি। এটি ব্র্যান্ডটির একটি আধুনিক `গ্র্যান্ড ট্যুরার, মডেল, যা বৈদ্যুতিক ড্রাইভ ট্রেনসহ বিলাসিতা ও পারফরম্যান্সের জন্য বিখ্যাত। রোলস রয়েস স্পেক্টার আনুষ্ঠানিকভাবে ২০২২ সালে উন্মুক্ত করা হয়। প্রথম ডেলিভারি শুরু হয় ২০২৩ সালের শেষের দিকে। গাড়িটির দাম ৪ লাখ ২২ হাজার ৭৫০ ডলার, যা বাংলাদেশি টাকায় দাঁড়ায় ৫ কোটি ৫ লাখ ৪২ হাজার ৪৮৪ টাকা। তবে বৈদ্যুতিক গাড়ি না হলে (চার হাজার সিসির বেশি ধরে) শুল্ক-কর দিতে হতো ৮২৬ দশমিক ৬০ শতাংশ বা প্রায় ৪১ কোটি ৭৪ লাখ টাকা। বনানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রাসেল সরোয়ার জাগো নিউজকে বলেন, `গাড়িটির বিষয়ে এখন পর্যন্ত আমাদের কেউ কিছু জানায়নি। জানতে পারলে ব্যবস্থা গ্রহণ করা হবে।,(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## প্রধান উপদেষ্টার সঙ্গে সেনাপ্রধানের সাক্ষাৎ

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। রোববার (১০ নভেম্বর) তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## নাটোরে আওয়ামী লীগের ৩৩ নেতাকর্মী গ্রেফতার

পুলিশের অভিযানে নাটোরে আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের ৩৩ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। বিভিন্ন মামলায় তাদের গ্রেফতার দেখানো হয়েছে। রোববার (১০ নভেম্বর) গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন পুলিশ সুপার মারুফাত হোসাইন। গ্রেফতারদের মধ্যে নাটোর সদর উপজেলার হরিশপুর ইউপি চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের উপদেষ্টা ওসমান গনি ভূইয়াসহ ১৮, বড়াইগ্রাম পৌরসভার সাবেক মেয়র ও পৌর আওয়ামী লীগের সদস্য আব্দুল বারেক, নলডাঙ্গা পৌর আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি সায়েব আলীসহ দুজন, বাগাতিপাড়ায় ২, লালপুরে ৪, গুরুদাসপুরে এক ও সিংড়ায় পৌর শ্রমিক লীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা সেন্টুসহ পাঁচজন রয়েছেন। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম রমজান বলেন, শুক্রবার দিবাগত রাতে গণগ্রেফতার চালানো হয়েছে। সেখানে বয়জ্যেষ্ঠ জেলা আওয়ামী লীগের উপদেষ্টাকেও গ্রেফতার করা হয়েছে। পুলিশ সুপার মারুফাত হোসাইন বলেন, আইনশৃঙ্খলার স্বার্থে শনিবার রাতে পুলিশের বিশেষ অভিযান পরিচালনা করা হয়। সেখানে জেলায় ৩৩ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের বেশিরভাগের নামেই মামলা রয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## শ্রমিক অসন্তোষের পরেও পোশাক খাতে বেড়েছে রপ্তানি

অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার পর শ্রমিক অসন্তোষ থাকলেও চলতি অক্টোবর মাসে পোশাক খাতে রপ্তানি বেড়েছে। পোশাক খাতে রপ্তানি গত বছরের তুলনায় এবার অক্টোবরে ৬০০ মিলিয়ন এবং গত চার মাসে (জুলাই থেকে অক্টোবর) এক দশমিক ৩ বিলিয়ন ডলার বেড়েছে। রোববার (১০ নভেম্বর) সচিবালয়ে বর্তমান শ্রম পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক সমন্বয় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ভাইস চেয়ারম্যান ও বাংলাদেশ তৈরী পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) প্রশাসক আনোয়ার হোসেন এ তথ্য জানান। এ সময় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া উপস্থিত ছিলেন।

শ্রম অসন্তোষের ফলে রপ্তানিতে কোনো প্রভাব পড়েছে কিনা- জানতে চাইলে আনোয়ার হোসেন বলেন, আমরা প্রতি মাসে রপ্তানির ডাটা দিয়ে থাকি, আজকে একটা আপডেট দেওয়া হচ্ছে। আমাদের ২০২৩ সালের অক্টোবর মাসে রপ্তানি হয়েছিল ২ দশমিক ৭ বিলিয়ন ডলার। আর ২০২৪ সালের অক্টোবরে দাঁড়িয়েছে ৩ দশমিক ৩ বিলিয়ন ডলার। এর মানে আমাদের রপ্তানি গত বছরের তুলনায় প্রায় ৬০০ মিলিয়ন ডলারের মতো বেড়েছে। আমাদের ২৩ শতাংশ গ্রোথ (প্রবৃদ্ধি) হয়েছে। তিনি বলেন, গত বছরের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত রপ্তানি হয়েছে ১১ দশমিক ৫ বিলিয়ন ডলার। আর ২০২৪ সালের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত রপ্তানি হয়েছে ১২ দশমিক ৮ বিলিয়ন ডলার। সেই হিসেবে আমাদের ১ দশমিক ৩ বিলিয়ন ডলার বেশি রপ্তানি হয়েছে। তিনি বলেন, আমাদের ২ হাজার ১৪০ টি কারখানার মধ্যে ২ হাজার ১৩০টি কারখানা চালু রয়েছে। বাকিগুলো কোনটিই একেবারে বন্ধ হয়নি। দুই একটা কারখানা দুই একদিন বন্ধ থাকে আবার চালু হয়। শুধু টিএনজেড ও নেক্সাসসহ চারটি কারখানা বন্ধ। আর বাকিগুলো সব চালু আছে। আগে তো এর থেকে বেশি বন্ধ থাকতো।

উপদেষ্টা আসিফ মাহমুদ বলেন, আমরা ডাটার বিষয়ে খুবই প্রমিসড। আগের মতো কারচুপি করে ডাটা দেখানো হবে না। আমাদের ভুয়া উন্নয়নের দরকার নেই। আমরা ফ্যাক্টে যাবো, আমরা কি অবস্থায় আছি, এটাই আমরা আপনাদেরকে দেখাবো। পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে যে পরিসংখ্যান বিভাগ রয়েছে তাদেরকেও প্রধান উপদেষ্টা এভাবেই নির্দেশনা দিয়েছেন- যেটা ফ্যাক্ট সেটাই। বাড়িয়ে উন্নয়ন দেখিয়ে অলীক স্বপ্নের মধ্যে রাখার কোনো মানে হয় না। আমরা যখন বাস্তবে আসছি, বাস্তবতার কথাগুলোই বলতে হবে, আমরা কোন পর্যায়ে আছি। বাংলাদেশ নিটওয়্যার প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতির কার্যকরী সভাপতি মো. হাতেম আলী বলেন, ব্যাংক থেকে কোনো ধরনের সহযোগিতা পাওয়া যাচ্ছে না। আমাদের চেক ফেরত দেওয়া হচ্ছে। তিনি বলেন, সবচেয়ে বড় সমস্যা হচ্ছে ব্যাংক। আমাদের ব্যাংকে টাকা আছে। কিন্তু ১০-১২টি ব্যাংক থেকে আমরা সম্পূর্ণ সহযোগিতা পাচ্ছি। আমাদের চেকগুলো ফেরত দেওয়া হচ্ছে। এই ব্যাপারে সরকারের সহযোগিতা চাই। হাতেম আলী আরও বলেন, আইনশৃঙ্খলা বাহিনী, সেনাবাহিনী এবং স্থানীয় জেলা প্রশাসনের সহযোগিতা পাওয়া যাচ্ছে। হাতেগোনা কয়েকটি কারখানায় কিছু বেতনের ইস্যু ছাড়া আর কোনো বিষয় নেই। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## ফ্যাসিবাদের ঠাঁই এই বাংলায় হবে না : ঢাবি শিবির সভাপতি

শেখ হাসিনা ও তাদের দোসররা দেশে-বিদেশে বসে নানা ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেছেন বাংলাদেশ ইসলামি ছাত্রশিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি সাদিক কায়েম। তিনি বলেন, এই ষড়যন্ত্রকারীদের রুখে দিতে হবে। ফ্যাসিবাদের দোসররা যে যেখানে আছে তাদের বিচারের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে ধরিয়ে দিতে হবে। কোনো ফ্যাসিবাদের ঠাঁই এই বাংলায় হবে না। রোববার (১০ অক্টোবর) রাজধানীর গুলিস্তানের জিরো পয়েন্টে

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন আয়োজিত সমাবেশে তিনি এ কথা কথা বলেন। সাদিক কায়েম বলেন, `গুজবলীগ, শেখ হাসিনা ও ফ্যাসিবাদের দোসররা কেউ রাজপথে নেই। অথচ শহীদ আবু সাঈদ, শহীদ মুগ্ধের উত্তরসূরীরা সারাদেশের রাজপথ-অলিগলিতে ছড়িয়ে আছে। তবে হাসিনা এবং তার দোসররা এখনও বিভিন্ন ষড়যন্ত্র করে যাচ্ছে। আমরা তাদের হুশিয়ার করতে চাই, আমরা আবু সাইদের রক্তকে বৃথা যেতে দেবো না। শহীদেরা আমাদের পথপ্রদর্শক। প্রয়োজন হলে আবারও আমরা শহীদদের পথ ধরে জীবন দিতে প্রস্তুত আছি।,

অন্তর্বর্তী সরকারকে হৃণহত্যার বিচার করার দাবি জানিয়ে তিনি আরও বলেন, যারা গণহত্যার সঙ্গে জড়িত ছিল তাদের বিচার করতে হবে। এখনও স্বৈরাচারের অনেক দোসর প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। তারা দেশকে অস্থিতিশীল করতে চাচ্ছে। সেজন্য ২০০৬ সালের ২৮ অক্টোবর থেকে শুরু করে ২০২৪ সালের আগস্ট মাস পর্যন্ত যত হত্যাকাণ্ড হয়েছে সেগুলোর বিচার করতে হবে। তিনি বলেন, `আমি ছাত্র-জনতাকে অনুরোধ করছি, ফ্যাসিবাদের দোসররা যে যেখানে আছে তাদের আপনারা ধরিয়ে দিন। তাদের বিরুদ্ধে মামলা করুন। বাংলাদেশ ইসলামি ছাত্রশিবির এ ব্যাপারে সহযোগিতা করবে।, এই মুহূর্তে সবচেয়ে বড় কাজ ঐক্যবদ্ধ থাকা উল্লেখ করে তিনি আরও বলেন, আমাদের ঐক্যকে বিনষ্ট করার জন্য ভেতরে-বাইরে ষড়যন্ত্র হচ্ছে। এই ষড়যন্ত্রের ফাঁদে পা দেওয়া যাবে না। দেশের স্বাধীনতার সার্বভৌমত্ব ও অখণ্ডতার প্রশ্নে সবাইকে একসঙ্গে থাকতে হবে বলেও মন্তব্য করেছেন তিনি। এদিকে বিকেল ৩টায় জিরো পয়েন্টে আওয়ামী লীগের সমাবেশ অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও দলটির নেতাকর্মীদের কাউকে দেখা যায়নি। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নতুন সচিব মহিউদ্দিন

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নতুন সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন অর্থবিভাগে সংযুক্ত অতিরিক্ত সচিব মো. মহিউদ্দিন। সচিব পদে পদোন্নতির পর তাকে এই নিয়োগ দিয়ে রোববার (১০ নভেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব মো. ইসমাইল হোসেনকে ২২ অক্টোবর বাধ্যতামূলক অবসরে পাঠায় সরকার। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## নানা ষড়যন্ত্রের শিকার হচ্ছে অন্তর্বর্তীকালীন সরকার : এ্যানি

বিএনপির যুগ্ম-মহাসচিব শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, অন্তর্বর্তীকালীন সরকার অল্প সময়ের জন্য ক্ষমতায় আছে। তারা দেশ পরিচালনা করতে যেখানেই যাচ্ছে, সেখানেই নানা ষড়যন্ত্রের শিকার হচ্ছে। আইনশৃঙ্খলার অবনতি কিভাবে ঘটানো যায় এ চক্রান্তে একটি গোষ্ঠী লেগে আছে। রোববার (১০ নভেম্বর) দুপুরে ব্যবসায়ী হত্যার বিচার ও জড়িতদের গ্রেফতারের দাবিতে আয়োজিত মানববন্ধনে তিনি এসব কথা বলেন। এ্যানি বলেন, বিগত দিনে যারা অত্যাচার-নির্যাতন, খুনের সঙ্গে জড়িত ছিল, ডাকাতি-সন্ত্রাসের সঙ্গে জড়িত ছিল সেই চক্রই বিভিন্নভাবে আঘাত হানছে। তারা এ সরকারকে দেশ পরিচালনায় ব্যর্থতার অভিযোগ এনে দেওয়ার চেষ্টা করছে। বাজুস লক্ষ্মীপুরের ব্যানারে ঘণ্টাব্যাপী এ মানববন্ধনে হত্যাকারীদের গ্রেফতার ও স্বর্ণ ব্যবসায়ীদের নিরাপত্তার দাবি জানিয়ে জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কাছে স্মারকলিপি দেওয়া হয়।

এ্যানি বলেন, অতীতে কারা হিন্দু সম্প্রদায়ের বাড়িঘর, জমি ও ব্যবসাপ্রতিষ্ঠান দখল করেছে। সেটি বুঝতে কারো বাকি নেই। তারা কিন্তু সবাই পালিয়ে যায়নি, দেশে আছে। ষড়যন্ত্রের মধ্যদিয়ে হিন্দু সম্প্রদায়কে আঘাত করছে। আর পাশের দেশকে বুঝাতে চায় যে বাংলাদেশে হিন্দু সম্প্রদায় নিরাপদ নয়। তিনি বলেন, আমাদের দায়িত্ব হল ষড়যন্ত্রের বিরুদ্ধে আরও বেশি সজাগ থাকা। কারণ দেশটা আমাদের সবার। দেশটাকে আমাদের রক্ষা করতে হবে। জাতিকে রক্ষা করতে হবে। আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশের সবাইকে একত্রিত করেছেন এবং চেষ্টা করেছেন। সব রাজনৈতিক দলসহ আমরা সবাই মিলে ছাত্র-জনতার আন্দোলন তৈরি করেছি।

মানববন্ধনে বক্তব্য রাখেন জেলা জামায়াতের সেক্রেটারি ফারুক হোসাইন নুর নবী, বণিক সমিতির সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি শংকর মজুমদার, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট মিলন মণ্ডল, জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি স্বপন দেবনাথ, সাধারণ সম্পাদক শিমুল সাহা, বাজুস জেলা সভাপতি সমীর কর্মকার, সাধারণ সম্পাদক পরেশ কর্মকার ও নিহত হিরার ছেলে প্রিতম দেবনাথ প্রমুখ। হিরা লাল দেবনাথ সদর উপজেলার কাজীর দিঘির পাড় বাজারের মাতৃ শিল্পালয়ের মালিক। শুক্রবার রাতে তিনি ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ করে বাইসাইকেলযোগে বাড়ি যাওয়ার পথে দুর্বৃত্তরা গতিরোধ করে ছুরিকাঘাতে তাকে হত্যা করে। স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## ড. ইউনূসের ছয় প্রতিষ্ঠানে ভাঙচুর, ১৯ জনের বিরুদ্ধে মামলা

নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের মালিকানাধীন গ্রামীণ কল্যাণ, গ্রামীণ টেলিকমসহ গ্রামীণের আরও ছয়টি প্রতিষ্ঠানে **অনধিকার** প্রবেশ করে হামলা ও দখলের চেষ্টা করার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। মামলায় গ্রামীণ ব্যাংকের সাবেক চেয়ারম্যান ড. এ কে এম সাইফুল মজিদসহ ১৯ জনকে আসামি করা হয়েছে। রোববার (১০ নভেম্বর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট পার্থ প্রতীমের আদালতে এ মামলা করেন গ্রামীণ কল্যাণের ব্যবস্থাপনা পরিচালক আবুল কালাম মোহাম্মদ মাঈনুদ্দীন চৌধুরী। আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে রাজধানীর শাহ আলী থানাকে এজহার হিসেবে গ্রহণের নির্দেশ দিয়েছেন।

মামলার অপর আসামিরা হলেন- মাসুদ আখতার অ্যান্ড অ্যাসোসিয়েটসের ব্যারিস্টার মাসুদ আখতার, মাসুদ আখতার অ্যান্ড অ্যাসোসিয়েটসের কনসালটেন্ট জীম যোবায়েদ, অবসরপ্রাপ্ত লে. কর্নেল মো. জাহাঙ্গীর হাসান, অবসরপ্রাপ্ত কর্নেল রাশেদ আলী, অবসরপ্রাপ্ত সার্জেন জিয়াউর রহমান, নুরুজ্জামান মৃধা, গ্রামীণ ব্যাংকের গবেষণা ও উন্নয়ন বিভাগের সদস্য রাজু মিয়া, গ্রামীণ ব্যাংকের গবেষণা ও উন্নয়ন বিভাগের উপদেষ্টা এস আব্দুর রশীদ, সাবেক এনএসআই কর্মকর্তা ও গ্রামীণ ব্যাংকের গবেষণা ও উন্নয়ন বিভাগের সদস্য রাজু মিয়া মিজানুর রহমান, গ্রামীণ ব্যাংকের গবেষণা ও উন্নয়ন বিভাগের গণসংযোগ কর্মকর্তা তানন খান, গ্রামীণ ব্যাংকের উপ ব্যবস্থাপনা পরিচালক প্রদীপ কুমার সাহা, গ্রামীণ ব্যাংকের সহকারী ব্যবস্থাপনা পরিচালক ফয়জুল হক, গ্রামীণ ব্যাংকের উপ-মহা ব্যবস্থাপক মামুনুর রশীদ, গ্রামীণ ব্যাংকের সিনিয়ার প্রিন্সিপাল অফিসার গোলাম জাকারিয়া, হারুন অর রশীদ, তরিকুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার গবীন্দ সাহা ও কৃষ্ণ কান্ত রায়। মামলার অভিযোগ থেকে জানা যায়, গত ২ ফেব্রুয়ারি আসামিরা গ্রামীণ কল্যাণ অফিসে উপস্থিত হয়ে ভয়-ভীতি প্রদর্শনপূর্বক নিজেদের গ্রামীণ ব্যাংক কর্তৃক মনোনীত গ্রামীণ কল্যাণের নতুন পরিচালক পরিচয় দিয়ে অপরাধমূলক অনধিকারে টেলিকম ভবনে পঞ্চম ফ্লোরে অবস্থিত গ্রামীণ কল্যাণের অফিসে প্রবেশ করে কোম্পানির মানহানি ও সংরক্ষিত মূল্যবান নথিপত্র ও আসবাবপত্রের ক্ষতিসাধন করেন।

মামলার অভিযোগ থেকে আরও জানা যায়, গত ২ ফেব্রুয়ারি আসামিরা টেলিকম ভবনে প্রবেশের সময় দায়িত্বরত গার্ড তাদের পরিচয় জানতে চাইলে আসামিদের মধ্যে একজন নিজেকে `কর্নেল রাশেদ (আসামি নং-৫) বলে পরিচয় দেন এবং গ্রামীণ ব্যাংক থেকে এসেছেন বলে ধমকের সুরে জানান এবং দায়িত্বরত গার্ডকে কোনো কথা বলার সুযোগ না দিয়ে গাল-মন্দ করতে থাকেন। এক পর্যায়ে লবিতে অবস্থিত সিকিউরিটি এক্সেস কন্ট্রোল সিস্টেমের ওপর দিয়ে ডিঙ্গিয়ে জোরপূর্বক কিছু ব্যক্তি লিফ্ট লবির সামনে এবং কিছু ব্যক্তি সিঁড়ি দিয়ে গ্রামীণ কল্যাণ, গ্রামীণ টেলিকমসহ গ্রামীণের আরও ৬টি প্রতিষ্ঠানে প্রবেশ করে হামলা ও দখলের চেষ্টা করেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## পাচার হওয়া অর্থ ফেরত আনতে সিঙ্গাপুরের সহযোগিতা চাইলেন ড. ইউনূস

বাংলাদেশ থেকে অনেক অর্থ বিভিন্ন দেশে পাচার হয়েছে, যার মধ্যে সিঙ্গাপুরও রয়েছে। এ অর্থ ফেরত আনতে সিঙ্গাপুরের সহযোগিতা কামনা করেছেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস। রোববার (১০ নভেম্বর) সিঙ্গাপুরের রাষ্ট্রদূত ডেরেক লো এর সঙ্গে সাক্ষাতের সময় প্রধান উপদেষ্টা এ সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রদূত লো ঢাকার প্রতি সহযোগিতার অঙ্গীকার করেন। ড. ইউনূস সিঙ্গাপুরের কাছে বাংলাদেশি শ্রমিকদের নিয়োগ খরচ কমাতে সহযোগিতার আহ্বান জানান। তিনি জানান, অভিবাসনের খরচ কমালে দেশের প্রবাসী শ্রমিকরা তাদের পরিবারের জন্য আরও বেশি অর্থ পাঠানোর সুযোগ পাবে। ডেরেক লো নিয়োগ প্রস্তাব দেন যে, বাংলাদেশ বৈদেশিক নিয়োগ ব্যবস্থাকে ডিজিটালাইজ করতে পারে, যা শ্রমিকদের মানব পাচার এবং শোষণের ঝুঁকি কমাতে সহায়ক হবে। এসময় তারা বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা, অন্তর্বর্তী সরকারের বৈদেশিক নীতি, শিপিং, শিক্ষা এবং উভয় দেশের জনগণের স্বাস্থ্যসেবার বিষয়েও আলোচনা করেন।

সিঙ্গাপুরের বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র ডিরেক্টর ফ্রান্সিস চং জানান, বাংলাদেশ ২০২১ সালে সিঙ্গাপুরের সঙ্গে একটি মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) প্রস্তাব দিয়েছিল। এফটিএর একটি সম্ভাব্যতা যাচাই সম্পন্ন হয়েছে এবং উভয় দেশ এখন আলোচনা শুরু করার ক্ষেত্র নির্ধারণ করবে। লো উল্লেখ করেন যে, সিঙ্গাপুর পানির পরিশোধন এবং বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে তাদের অভিজ্ঞতা ভাগাভাগি করতে আগ্রহী। দুই দেশের খাদ্য সংস্থাগুলোর মধ্যে সহযোগিতার প্রস্তাব দেন তিনি। বৈদেশিক নীতির বিষয়ে ড. ইউনূস বলেন, এ সরকার প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে এবং সার্ককে পুনরুজ্জীবিত করে দক্ষিণ এশীয় প্রতিবেশীদের সঙ্গে আরও বিস্তৃতভাবে যুক্ত হতে চায়। বাংলাদেশকে আসিয়ানের সেক্টরাল ডায়ালগ পার্টনার হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য সিঙ্গাপুরের সমর্থন চান তিনি।

প্রধান উপদেষ্টা বলেন, আমরা পূর্ব ও পশ্চিমের মধ্যে পার্থক্য করি না। আমাদের সর্বত্র সেতুবন্ধ করতে হবে। এ বৈঠকে বিশেষ দূত লুৎফে সিদ্দিকী, এসডিজি বিষয়ক সিনিয়র সচিব ও প্রধান সমন্বয়ক লামিয়া মুরশেদ এবং ঢাকায় নিযুক্ত সিঙ্গাপুরের চার্জ দ্য অ্যাফেয়ার্স মাইকেল লিও উপস্থিত ছিলেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## বাংলাদেশিদের বের করে দেওয়ার হুমকি দিলেন বিজেপি সভাপতি

ভারতের স্বাস্থ্যমন্ত্রী ও ভারতীয় জনতা পার্টির (বিজেপি) জাতীয় সভাপতি জেপি নাড্ডা বলেছেন, ঝাড়খণ্ডে বিজেপি ক্ষমতায় এলে প্রত্যেক বাংলাদেশি অনুপ্রবেশকারীকে বের করে দেওয়া হবে। এছাড়া যেসব অনুপ্রবেশকারী ঝাড়খণ্ডের স্থানীয় নারীদের বিয়ে করেছেন, তাদের সন্তানদের আদিবাসী অধিকার দেওয়া হবে না। ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুসারে, শনিবার (৯ নভেম্বর) ঝাড়খণ্ডের পালামৌতে এক জনসভার ভাষণ দেন জেপি নাড্ডা। সেখানেই তিনি এসব মন্তব্য করেন। কেন্দ্রীয় এই মন্ত্রী বলেন, প্রত্যেক বাংলাদেশি অনুপ্রেবশকারীদের ঝাড়খণ্ড থেকে `ঝেঁটিয়ে, বিদায় করা হবে। তারা আমাদের স্থানীয় আদিবাসী বোনদের বিয়ে করে আদিবাসী জমির অধিকার পেতে চায়। তাদের সে ইচ্ছা পূরণ হবে না। তাদের কখনোই আদিবাসী অধিকার দেওয়া হবে না। এমনকী তাদের সন্তাদেরও আদিবাসী অধিকার দেওয়া হবে না। এসময় জেপি নাড্ডা ঝাড়খণ্ডে বাংলাদেশিদের অবৈধ অনুপ্রবেশের পেছনে ক্ষমতাসীন জনমুক্তি মোর্চা ও কংগ্রেসের জোট সরকার দায়ী বলে অভিযোগ করেন। তিনি বলেন, কংগ্রেস ও জনমুক্তি মোর্চার ইন্ধনে বাংলাদেশি অনুপ্রবেশকারী বেড়েছে। বিজেপি ঝাড়খণ্ডে ক্ষমতায় এলে অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে।

জেএমএম-কংগ্রেস জোট সরকারকে প্রতারক, মিথ্যাবাদী ও চোরদের সরকার আখ্যা দিয়ে জেপি নাড্ডা বলেন, বেকার ভাতা, সরকারি চাকরি ও নারীর অগ্রগতির জন্য আর্থিক সাহায্যের মতো গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি পূরণ করতে ব্যর্থ হয়েছে এই সরকার। এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও বাংলাদেশি অনুপ্রবেশকারীদের নিয়ে নেতিবাচক মন্তব্য করেছিলেন। গত সেপ্টেম্বরে ঝাঢ়খণ্ডে এক নির্বাচনি জনসভায় অমিত শাহ বলেছিলেন, ঝাড়খন্ড রাজ্যে বিজেপি সরকার গড়তে পারলে বাংলাদেশি অনুপ্রবেশকারীদের উল্টো করে ঝুলিয়ে রাখা হবে।

এদিকে, ঝাড়খণ্ডের বিধানসভা নির্বাচনের প্রচারে অংশ নিতে প্রথমবারের মতো গত সোমবার ঝাড়খণ্ডে যান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। জনসমাবেশে তিনি রাজ্যে ক্ষমতাসীন জোটকে উদ্দেশ্য করে বলেন, বাংলাদেশি অনুপ্রবেশকারীদের জন্য ঝাড়খণ্ড মুক্তি মোর্চা, কংগ্রেস আর আরজেডি দায়ী। তারা তোষামুদে রাজনীতিকে চরম পর্যায়ে নিয়ে গেছে। নির্বাচনে ভোট পাওয়ার জন্য তারা বাংলাদেশিদের ঢোকার সুযোগ করে দিয়েছে। ঝাড়খণ্ডের ৮১ আসনের বিধানসভা নির্বাচনের ভোটগ্রহণ হবে ১৩ ও ২০ নভেম্বর। ভোট গণনা হবে ২৩ নভেম্বর। এবার নির্বাচনের আগে রাজ্যের রাজনীতিতে বাংলাদেশি অনুপ্রবেশকারী ও সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভারতে আশ্রয় নিয়ে ব্যাপক উত্তাপ ছড়িয়েছে।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## ৯ দিনে এলো ৭ হাজার ৮৬০ কোটি টাকার প্রবাসী আয়

চলতি ২০২৪-২৫ অর্থবছরের শুরু থেকেই ধারাবাহিক বাড়ছে রেমিট্যান্স বা প্রবাসী আয়। প্রথম মাস জুলাইয়ে যে পরিমাণ রেমিট্যান্স এসেছে তার পরের মাসগুলোতে কিছুটা করে বেড়েছে রেমিট্যান্সের পরিমাণ। সেপ্টেম্বরের মতো সদস্য বিদায়ী অক্টোবর মাসেও প্রবাসী আয়ের গতি ঊর্ধ্বমুখী ছিল। অক্টোবরের পুরো সময়ে রেমিট্যান্স এসেছে প্রায় ২৪০ কোটি ডলার। চলতি মাস নভেম্বরেও রেমিট্যান্সের গতি প্রবাহ ভালো। নভেম্বরের প্রথম ৯ দিনে এসেছে ৬৫ কোটি ৫০ লাখ ডলারের রেমিট্যান্স। দেশীয় মুদ্রায় (প্রতি ডলার ১২০ টাকা ধরে) এর পরিমাণ প্রায় ৭ হাজার ৮৬০ কোটি টাকা। এ সময়ে প্রতিদিন গড়ে এসেছে ৮৭৩ কোটি টাকার বেশি প্রবাসী আয়। রোববার (১০ নভেম্বর) কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ তথ্য বলছে, চলতি মাস নভেম্বরের ৯ দিনে এসেছে ৬৫ কোটি ৫০ লাখ ডলারের রেমিট্যান্স। এর মধ্যে রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকের মাধ্যমে এসেছে প্রায় ২০ কোটি ডলার। বিশেষায়িত দুই ব্যাংকের মধ্যে কৃষি ব্যাংকের মাধ্যমে এসেছে ৩ কোটি ১৫ লাখ ৬০ হাজার ডলার। বেসরকারি ব্যাংকের মাধ্যমে এসেছে ৪২ কোটি ১৯ লাখ ৪০ হাজার ডলার। এছাড়া ১৭ লাখ ৫০ হাজার ডলার এসেছে বিদেশি ব্যাংকের মাধ্যমে। তবে এ সময়ের মধ্যে কোনো রেমিট্যান্স আসেনি এমন ব্যাংকের সংখ্যা ১১টি। এসব ব্যাংকের মধ্যে রয়েছে- রাষ্ট্র মালিকানাধীন বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক (বিডিবিএল), বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাবাক)। বেসরকারি ব্যাংকের মধ্যে রয়েছে- কমিউনিটি ব্যাংক, সিটিজেনস ব্যাংক, আইসিবি ইসলামিক ব্যাংক, পদ্মা ব্যাংক ও সীমান্ত ব্যাংক। এছাড়া বিদেশি খাতের মধ্যে রয়েছে ব্যাংক আল-ফালাহ, হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া।

এর আগে আগের মাস সেপ্টেম্বরের পুরো সময়ে ২৪০ কোটি ৪৮ লাখ ডলার (২.৪০ বিলিয়ন) পাঠিয়েছেন বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা। যা বাংলাদেশি মুদ্রায় (প্রতি ডলার ১২০ টাকা হিসাবে) ২৮ হাজার ৮৫৬ কোটি টাকার বেশি। চলতি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে দেশে ১৯০ কোটি মার্কিন ডলারের রেমিট্যান্স আসে। এছাড়া জুন মাসে রেমিট্যান্স এসেছিল ২৫৪ কোটি ১৬ লাখ মার্কিন ডলার। তার আগের মাস মে মাসে আসে ২২৫ কোটি ৩৮ লাখ ডলার। এছাড়া এপ্রিলে ২০৪ কোটি ৪২ লাখ, মার্চে ১৯৯ কোটি ৭০ লাখ, ফেব্রুয়ারিতে ২১৬ কোটি ৪৫ লাখ এবং জানুয়ারিতে ২১১ কোটি ৩১ লাখ মার্কিন ডলার পাঠিয়েছিলেন প্রবাসী বাংলাদেশিরা। এর আগে দেশের ইতিহাসে একক মাসে সর্বোচ্চ ২৬০ কোটি ডলার রেমিট্যান্স এসেছিল ২০২০ সালের জুলাই মাসে। বছরওয়ারি হিসাবে সর্বোচ্চ রেমিট্যান্স আসে ২০২০-২১ অর্থবছরে। ওই অর্থবছরে মোট রেমিট্যান্স আসে ২৪ দশমিক ৭৮ বিলিয়ন বা ২ হাজার ৪৭৮ কোটি ডলার। এছাড়া চলতি বছরের জুন মাসে ব্যাংকিং চ্যানেলে মোট ২৫৪ কোটি ডলারের প্রবাসী আয় দেশে এসেছে।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## উপদেষ্টা হচ্ছেন যারা, দায়িত্ব পাচ্ছেন যেসব মন্ত্রণালয়ের

নোবেলজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারে আরও কয়েকজন উপদেষ্টা যুক্ত হচ্ছেন। নতুন উপদেষ্টামণ্ডলীতে যুক্ত হচ্ছেন চলচ্চিত্র নির্মাতা মোস্তফা সরওয়ার ফারুকী। তিনি সংস্কৃতি মন্ত্রণালয়ের উপদেষ্টা হচ্ছেন। বাণিজ্য উপদেষ্টা হচ্ছেন ব্যবসায়ী সেখ বশির উদ্দিন, স্বাস্থ্য উপদেষ্টা অধ্যাপক মো. সায়েদুর রহমান। এছাড়া প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলমও উপদেষ্টা হিসেবে শপথ নিচ্ছেন। সরকারের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা জাগো নিউজকে এসব তথ্য নিশ্চিত করেন। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, মন্ত্রণালয়ে দায়িত্বে কিছুটা পরিবর্তন আসছে। উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়ার মন্ত্রণালয় পরিবর্তন হচ্ছে, একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের দায়িত্ব পাচ্ছেন তিনি। ফলে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে আসছেন নতুন উপদেষ্টা। এছাড়া নতুন মন্ত্রণালয়ের দায়িত্ব পেতে পারেন উপদেষ্টা নাহিদ ইসলামও।

জানা গেছে, রোববার নতুন উপদেষ্টাদের শপথ অনুষ্ঠান হবে। উপদেষ্টাদের জন্য গাড়ি প্রস্তুত করা হয়েছে। সন্ধ্যা ৭টায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নতুন উপদেষ্টাদের শপথ পড়াবেন। সরকারি যানবাহন অধিদপ্তরের পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব) মো. আবুল হাছানাত হুমায়ুন কবীর জাগো নিউজকে বলেন, নতুন উপদেষ্টাদের গাড়ি প্রস্তুত করার নির্দেশনা আমরা পেয়েছি। ছাত্র-জনতার আন্দোলনের মুখে শেখ হাসিনা সরকারের পতনের পর গত ৮ আগস্ট ড. মুহাম্মদ ইউনূসকে প্রধান উপদেষ্টা করে অন্তর্বর্তী সরকার গঠিত হয়। প্রধান উপদেষ্টাসহ এই সরকারের সদস্যসংখ্যা এখন ২১। নতুন পাঁচজন যুক্ত হলে সংখ্যা দাঁড়াবে ২৬-এ।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## উপদেষ্টা হিসেবে শপথ নিতে যাচ্ছেন ৩ জন

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা পরিষদে যুক্ত হচ্ছেন আরও তিনজন। রোববার (১০ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নতুন উপদেষ্টাদের শপথ পড়াবেন। রোববার (১০ নভেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশীদ এ তথ্য জানান। বর্তমানে প্রধান উপদেষ্টাসহ উপদেষ্টা পরিষদের সদস্য ২১ জন। নতুন করে আরও তিনজন যুক্ত হলে সদস্য সংখ্যা বেড়ে হবে ২৪ জন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## সিঙ্গাপুরের সঙ্গে এফটিএ সইয়ের আনুষ্ঠানিকতা শুরু

এলডিসি গ্রাজুয়েশন পরবর্তী সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলার অংশ হিসেবে সিঙ্গাপুরের সঙ্গে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (এফটিএ) সই করতে যাচ্ছে বাংলাদেশ। এই চুক্তি সইয়ের আনুষ্ঠানিকতা শুরু হয়েছে। রোববার (১০ নভেম্বর) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয় সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এই চুক্তি সইয়ের আনুষ্ঠানিকতা শুরুর ঘোষণা দেওয়া হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়, বাংলাদেশ ২০২৬ সালে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হবে। এ অর্জন বিশ্বে বাংলাদেশের ইতিবাচক ভাবমূর্তি সৃষ্টি এবং বিনিয়োগ ও বাণিজ্যে নতুন সম্ভাবনা সৃষ্টির পাশাপাশি বেশ কিছু চ্যালেঞ্জও তৈরি করবে। যার মধ্যে স্বল্পোন্নত দেশ হিসেবে উন্নত ও উন্নয়নশীল দেশে পণ্য রপ্তানিকালে শুল্কমুক্ত কোটামুক্ত প্রবেশাধিকার সুবিধা হারানো অন্যতম। এর ফলে বাংলাদেশের রপ্তানি পণ্যকে ওইসব দেশের বাজারে প্রবেশের সময় সাধারণভাবে আরোপিও শুল্কের সম্মুখীন হতে হবে। ফলে ওই সব দেশে বাংলাদেশের রপ্তানি বাজার সংকোচনের আশঙ্কা রয়েছে বলে জানিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়।

বাণিজ্য মন্ত্রণালয় আরও জানায়, বাংলাদেশের এলডিসি গ্রাজুয়েশন পরবর্তী সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। এরই মধ্যে বাংলাদেশের রপ্তানি বাজার সংরক্ষণ ও সম্প্রসারণে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ

বিভিন্ন দেশ ও ট্রেড ব্লকের সঙ্গে আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ অন্যতম। সিঙ্গাপুর বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ এবং এটি বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদার। সিঙ্গাপুর বিশ্বের অন্যতম বাণিজ্যিক কেন্দ্র। সিঙ্গাপুর বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণের জন্য একটি বাণিজ্য সম্ভাবনাময় এলাকা। পণ্য ছাড়াও সেবা ও বিনিয়োগ খাতেও সিঙ্গাপুরের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক উন্নয়নের সম্ভাবনা রয়েছে। এ প্রেক্ষিতে বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিকভাবে দুই দেশের মধ্যে এফটিএ সইয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্যোগের অংশ হিসেবে সিঙ্গাপুর ও বাংলাদেশ নিজ নিজে পক্ষে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করেছে। এরই ধারাবাহিকতায় আজ উভয় দেশ নেগোসিয়েশন শুরুর আনুষ্ঠানিক ঘোষণা দেয়। যৌথ ঘোষণায় বাণিজ্য উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ, প্রধান উপদেষ্টার পররাষ্ট্র বিষয়ক বিশেষ দূত লুৎফে সিদ্দিকী, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন, বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব সেলিম উদ্দিন, বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লো, এবং সফররত সিঙ্গাপুরের প্রতিনিধিদল ও বাণিজ্য মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে বাণিজ্য উপদেষ্টা বলেন, যত দেশের সঙ্গে পারি আমরা এফটিএ সই করবো। আমরা চেষ্টা করছি আসিয়ানে যাওয়ার জন্য। সিঙ্গাপুর এ বিষয়ে সাহায্য করবে। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## জিয়া অরফানেজ ট্রাস্টের কোনো টাকা আত্মসাৎ হয়নি : দুদক

বহুল আলোচিত জিয়া অরফানেজ ট্রাস্টের কোনো টাকা আত্মসাৎ হয়নি বলে সর্বোচ্চ আদালতকে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) আইনজীবী। শুনানিতে দুদকের পক্ষে আইনজীবী মো. আসিফ হাসান আদালতকে বলেন, এই ট্রাস্টের টাকা আত্মসাৎ হয়নি। জাস্ট ফান্ডটা মুভ হয়েছে। তবে সুদে আসলে অ্যাকাউন্টেই টাকাটা জমা আছে। কোনো টাকা ব্যয় হয়নি। দুদক আইনজীবী মামলায় এজাহার, অভিযোগপত্র ও সাক্ষ্যের অংশ তুলে ধরেন। তিনি মামলার ডকুমেন্টস থেকে খালেদা জিয়া এ মামলার অভিযোগের সঙ্গে সম্পৃক্ত নন এমন উপাদান পেশ করেন। জিয়া অরফানেজ ট্রাস্টের অর্থ আত্মসাৎ সংক্রান্ত দুর্নীতির মামলায় বিচারিক আদালত বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়াকে ৫ বছরের কারাদণ্ড দিয়ে রায় দেয়। এ সাজা বাড়িয়ে হাইকোর্ট ১০ বছরের কারাদণ্ড দেন। সেই রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে করা লিভ টু আপিলের (আপিলের অনুমতি চেয়ে আবেদন) শুনানি হয় আজ। শুনানিতে আদেশের জন্যে সোমবার (১১ নভেম্বর) দিন ঠিক করেছেন আদালত। সুপ্রিম কোর্টের আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি মো. আশফাকুল ইসলামের নেতৃত্বে তিন বিচারপতির আপিল বিভাগে বিষয়টি নিয়ে দায়েরকৃত লিভ টু আপিলের আদেশের জন্য সোমবার দিন ধার্য করেন। আদালতে খালেদা জিয়ার পক্ষে শুনানিতে ছিলেন সিনিয়র আইনজীবী জয়নুল আবেদীন, ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন, ব্যারিস্টার বদরুদ্দোজা বাদল, ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল, ব্যারিস্টার কায়সার কামাল। আর রাষ্ট্র পক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। সিনিয়র অ্যাডভোকেট জয়নুল আবেদীন হাইকোর্ট রায়ের বিরুদ্ধে লিভ মঞ্জুরের পক্ষে যুক্তি তুলে ধরেন। হাইকোর্ট রায়টি আদালতে পড়ে শোনান ব্যারিস্টার কায়সার কামাল।

আদালতের অনুমতি নিয়ে এ মামলায় বিচারিক আদালতে ফৌজদারী কার্যবিধির ৩৪২ ধারায় বেগম খালেদা জিয়ার দেওয়া জবানবন্দী উপস্থাপন করেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। অ্যাটর্নি জেনারেল বলেন, বিদ্রোহী কবি কাজী নজরুলের জবানবন্দি ইতিহাসে একটি বিশেষ স্থান দখল করে আছে। খালেদা জিয়ার এ জবানবন্দি তার চেয়েও বেশি গুরুত্ব বহন করে। জবানবন্দিতে খালেদা জিয়া তার বিরুদ্ধে বিচারের প্রেক্ষাপট, হয়রানির বিষয় তুলে ধরেন। বিচার বিভাগের উপর তৎকালীন আওয়ামী লীগ সরকারের নিয়ন্ত্রণের নানা দিক তুলে ধরা হয় এ জবানবন্দিতে।

২০১৮ সালের ৮ ফেব্রুয়ারি বকশীবাজারে কারা অধিদপ্তরের প্যারেড গ্রাউন্ডে স্থাপিত ঢাকার বিশেষ জজ আদালত-৫ এর বিচারক ড. মো. আখতারুজ্জামান অরফানেজ ট্রাস্ট মামলায় খালেদা জিয়ার পাঁচ বছরের কারাদণ্ড দেন। একই সঙ্গে খালেদা জিয়ার ছেলে ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মাগুরার সাবেক এমপি কাজী সালিমুল হক কামাল, ব্যবসায়ী শরফুদ্দিন আহমেদ, ড. কামাল উদ্দিন সিদ্দিকী ও মমিনুর রহমানকে ১০ বছর করে কারাদণ্ড দেন আদালত। একই বছরের ২৮ মার্চ খালেদা জিয়ার সাজা বৃদ্ধি চেয়ে দুদকের করা আবেদনে রুল দেন হাইকোর্ট। এরপর সাজা বৃদ্ধিতে দুদকের আবেদনে জারি করা রুল যথাযথ ঘোষণা করে ২০১৮ সালের ৩০ অক্টোবর হাইকোর্টের বিচারপতি এম. ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. মোস্তাফিজুর রহমানের সমন্বয়ে গঠিত বেঞ্চ খালেদা জিয়ার সাজা পাঁচ বছর থেকে বাড়িয়ে ১০ বছর করেন। এদিকে, শেখ হাসিনা সরকারের পতনের পর জিয়া অরফানেজ ট্রাস্ট ও জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলায় সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার দণ্ড মওকুফ করেছেন রাষ্ট্রপতি। তবে রাষ্ট্রপতির এই ক্ষমার পরেও মামলা দুটি আইনগতভাবে লড়ার কথা জানিয়ে বিএনপির আইনজীবী বলেন, খালেদা জিয়া আইনের প্রতি শ্রদ্ধাশীল। রাষ্ট্রপতি তার সাজা মওকুফ করেছেন। সেখানে ক্ষমার কথা আছে। খালেদা জিয়া ক্ষমার প্রতি বিশ্বাসী নন।

তিনি অপরাধ করেননি। তিনি ক্ষমাও চাননি। তাই এটা আইনগতভাবে মোকাবিলা করতে তিনি আইনজীবীদের বলেছেন।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

**হয়রানিমূলক মামলা প্রত্যাহারে কমিটি হয়েছে : জেলা প্রশাসক**

নওগাঁয় হয়রানিমূলক মামলা প্রত্যাহারে কমিটি গঠন করা হয়েছে। শিগগির ওই কমিটির সভা আয়োজনের মধ্যে দিয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হবে। রোববার (১০ নভেম্বর) দুপুরে জেলার আইনশৃঙ্খলা বিষয়ক সভায় এ কথা জানান জেলা প্রশাসক আব্দুল আউয়াল। তিনি বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে জেলার শহীদদের তালিকা চূড়ান্ত করা হয়েছে। আহতদের চূড়ান্ত তালিকা প্রস্তুতের কার্যক্রম চলছে। পরিবর্তিত প্রেক্ষাপটেও জেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে। ভবিষ্যতে যাতে অবনতি না হয় সেদিকে সার্বক্ষণিক গোয়েন্দা নজরদারি রয়েছে। তিনি বলেন, দুই মাসে জেলায় ১৫২টি ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ৪১ মামলা, ৬ লাখ ৫৯ হাজার ৯৫০ টাকা জরিমানা ও ১৪০ জনকে কারাদণ্ড দেন। সীমান্তে আইনশৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে এবং চোরাচালন রোধে বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ৩৩১টি অভিযান পরিচালনা করে ২১৪ মামলা, ২৩৪ জনকে আটক করেছে। এসময় দুই কোটি ৬৭ লাখ ৩৯ হাজার ৯২ টাকা সমমূল্যের মালামাল উদ্ধার করা হয়েছে। তিনি বলেন, নিষিদ্ধ পলিথিন ব্যবহারের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত চলমান রয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন বাজার ও চালকলে ব্যবসায়ী, বিক্রেতা ও ক্রেতাদের মাঝে লিফলেট বিতরণ করা হয়েছে। একই সঙ্গে নিষিদ্ধ পলিথিন ব্যবহারের অপরাধে ১৭টি মামলায় ১৫ হাজার ৬০০ টাকা জরিমানা আদায় করা হয়েছে। সংবাদ সম্মেলনে পুলিশ সুপার কুতুব উদ্দিনসহ সেনাবাহিনী, র‍্যাব ও প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

**দুদক চেয়ারম্যান-কমিশনার নিয়োগে বাছাই কমিটি**

দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ও কমিশনার নিয়োগে সুপারিশ দিতে বাছাই কমিটি গঠন করেছে সরকার। পাঁচ সদস্যের এই কমিটির সভাপতি বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি মো. রেজাউল হক। রোববার (১০ নভেম্বর) বাছাই কমিটি গঠন করে আদেশ জারি করেছে মন্ত্রিপরিষদ বিভাগ। ‵দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪, অনুযায়ী, কমিশন তিনজন কমিশনারের সমন্বয়ে গঠিত হয়। তাদের মধ্য থেকে একজন হন চেয়ারম্যান। কমিশনারদের মেয়াদ পাঁচ বছর। গত ২৯ অক্টোবর দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ এবং কমিশনার (তদন্ত) মো. জহুরুল হক ও কমিশনার (অনুসন্ধান) আছিয়া খাতুন পদত্যাগ করেন। সবাই আওয়ামী লীগ সরকারের সময়ে নিয়োগ পেয়েছিলেন। ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে ভারতে পালিয়ে যান।

বাছাই কমিটি গঠনের আদেশে বলা হয়, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও কমিশনার নিয়োগের সুপারিশ দিতে ‵দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪, এর ৭ ধারা অনুযায়ী এই বাছাই কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন- হাইকোর্ট বিভাগের বিচারপতি ফারাহ মাহবুব, বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক মো. নুরুল ইসলাম, বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাশ্বের মোনেম ও মো. মাহবুব হোসেন (সর্বশেষ অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব)। বাছাই কমিটি কমিশনার নিয়োগে সুপারিশ দিতে উপস্থিত সদস্যদের কমপক্ষে ৩ জনের সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনারের প্রতিটি শূন্য পদের বিপরীতে ২ জন ব্যক্তির নামের তালিকা প্রণয়ন করবে। এরপর আইনের ধারা ৬-এর অধীনে নিয়োগের জন্য রাষ্ট্রপতির কাছে পাঠাবেন বলে আদেশে উল্লেখ করা হয়েছে। এতে আরও বা হয়, কমপেক্ষে ৪ জন সদস্যের উপস্থিতিতে বাছাই কমিটির কোরাম হবে। এই বাছাই কমিটির কার্য-সম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা দেবে মন্ত্রিপরিষদ বিভাগ।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

**আমেরিকায় ক্ষমতায় কে এলো কে এলো না সেটা বড় বিষয় নয় : পার্বত্য উপদেষ্টা**

আমেরিকায় ক্ষমতায় কে এলো, কে এলো না সেটা বড় বিষয় নয়; আমাদের সম্পর্কটা ঠিক রাখাটাই জরুরি বলে মন্তব্য করেছেন পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা সুপ্রদীপ চাকমা। তিনি বলেন, সেভাবে আমরা নিজেরাই অগ্রসর হচ্ছি। একইভাবে আমাদের প্রতিবেশীর সঙ্গে চিন্তাভাবনা করছি কীভাবে সম্পর্কে অগ্রসর হবো। সবকিছুই ঠিকমতো চলছে। রোববার (১০ নভেম্বর) দুপুরে রাঙ্গামাটি জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত কাপ্তাই হ্রদে মৎস্য সম্পদ উন্নয়নে স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন সুপ্রদীপ চাকমা। কাপ্তাই হ্রদে শুধু মৎস্য সম্পদ উন্নয়নই নয়; হ্রদের বহুমুখী ব্যবহারের মাধ্যমে স্থানীয়দের জীবনমান কীভাবে উন্নত করা যায়, সে বিষয়ে প্রস্তাব ও পরামর্শ দেওয়ার আহ্বান জানান উপদেষ্টা। একইসঙ্গে কাপ্তাই হ্রদ খননের যে পরিকল্পনা করা হয়েছে, সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ারও আশ্বাস দেন তিনি।

উপদেষ্টা সুপ্রদীপ চাকমা বলেন, আগে ঢাকা থেকে সিদ্ধান্ত নিয়ে বিভিন্ন অঞ্চলের উন্নয়ন কার্যক্রমের পরিকল্পনা গ্রহণ করা হতো, যা মাঠ পর্যায়ে ফলপ্রসূ হতো না। আমরা এই ধারা ভাঙতে চাই। স্থানীয় পরিকল্পনাগুলো মাঠ পর্যায়ে বসেই গ্রহণ করতে চাই। জেলা প্রশাসক মোহাম্মদ মোশারফ হোসেন খানের সভাপতিত্বে মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান রিপন চাকমা, পুলিশ সুপার ড. ফরহাদ হোসেন, জেলা মৎস্য কর্মকর্তা অধীর চন্দ্র দাস, বিএফডিসি কমান্ডার আশরাফুল ইসলাম ভূঁইয়া, কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্রের ব্যবস্থাপক এটিএম আবুজ্জাহের, পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী তনয় ত্রিপুরা প্রমুখ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## দুই ব্যবসায়ীকে প্রত্যর্পণ; বাংলাদেশের আবেদনের ব্যাখ্যা চায় মালয়েশিয়া

মানবপাচারে জড়িত দুই ব্যবসায়ীকে ফেরত পাঠাতে বাংলাদেশ যে অনুরোধ করেছে তার ব্যাখ্যা চায় মালয়েশিয়া। ফ্রি মালয়েশিয়া টু ডের এক প্রতিবেদনে বলা হয়, মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন নাসুশন বলেছেন বেস্টিনেট এসডিএন বিএইচডির প্রতিষ্ঠাতা আমিনুল ইসলাম এবং তার সহযোগী রুহুল আমিনকে প্রত্যর্পণের অনুরোধের যে উদ্দেশ্য বাংলাদেশের পক্ষ থেকে তা স্পষ্ট করতে বলেছেন মালয়েশিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন। রোববার এক অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সাইফুদ্দিন নাসুসন ইসমাইল সাংবাদিকদের বলেন, আমিনুল ও রুহুলকে কি শুধু তদন্তের অংশ হিসেবে জিজ্ঞাসাবাদ করা হবে না কি তাদের আদালতে অভিযুক্ত করা হবে বাংলাদেশের সেটা পরিষ্কার করা উচিত। প্রত্যর্পণে বাংলাদেশের অনুরোধে উদ্দেশ্য প্রকাশ পায়নি বলেও জানান তিনি। তিনি বলেন, আগে বিষয়টি স্পষ্ট করতে হবে। যদি বাংলাদেশের উদ্দেশ্য হয় তদন্ত করা, তাহলে তাদের উচিত পারস্পরিক আইনি সহায়তা চ্যানেল ব্যবহার করা। আর যদি বাংলাদেশের উদ্দেশ্য হয় এই ব্যক্তিদের আদালতে অভিযুক্ত করা, তাহলে তাদের বলা উচিত এটাই প্রত্যর্পণের উদ্দেশ্য। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশ যদি তাদের বিরুদ্ধে অভিযোগ আনে তবেই কেবল তাদের প্রত্যর্পণ করা যেতে পারে। বাংলাদেশের প্রত্যর্পণের অনুরোধ নিয়ে অ্যাটর্নি জেনারেল ও পুলিশের আইজিপির সঙ্গে এ বিষয়ে তাদের মতামত জানতে আলোচনা করেছেন এবং আইজিপি বিষয়টি সামাল দেবেন এবং বাংলাদেশের কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করবেন বলেও জানান তিনি।

গত ২৪ অক্টোবর মালয়েশিয়ায় পাঠানো এক চিঠিতে এই অনুরোধ জানায় বাংলাদেশ পুলিশ। দুজন অভিযুক্তের একজন মালয়েশিয়ান নাগরিক দাতুক সেরি আমিনুল ইসলাম। আরেকজন ঢাকার জনশক্তি ব্যবসায়ী ক্যাথারসিস ইন্টারন্যাশনালের স্বত্বাধিকারী রুহুল আমিন স্বপন। পুলিশ সদর দপ্তর সূত্রে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে। এছাড়া মার্কিন গণমাধ্যম ব্লুমবার্গের এক প্রতিবেদনেও এ তথ্য জানা গেছে। বাংলাদেশে জন্মগ্রহণ করা আমিনুলের মালয়েশিয়ান পাসপোর্ট তথা নাগরিকত্ব রয়েছে। মালয়েশিয়ায় বিদেশি কর্মীদের ব্যবস্থাপনা সংক্রান্ত কারিগরি পদ্ধতি সরবরাহ করে তার প্রতিষ্ঠান বেস্টিনেট।

বাংলাদেশ পুলিশ আমিনুলের প্রতিষ্ঠিত কোম্পানি বেস্টিনেট এসডিএনের সফটওয়্যার ব্যবহার সাময়িক বন্ধ রাখারও অনুরোধ জানিয়েছে। বেস্টিনেট সম্প্রতি মালয়েশিয়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে ফরেন ওয়ার্কার্স সেন্ট্রালাইজড ম্যানেজমেন্ট সিস্টেম (এফডব্লিউসিএমএস) রক্ষণাবেক্ষণের জন্য ছয় বছরের চুক্তি করেছে। গত জুলাই মাসে মালয়েশিয়ার পাবলিক অ্যাকাউন্টস কমিটি জানায়, এফডাব্লুসিএমএসে বেস্টিনেটের ২৪ জন অননুমোদিত ব্যবহারকারী বিদেশিকর্মী নেওয়ার আবেদন অনুমোদনের সঙ্গে জড়িত। ২০২২ সালের অডিটর-জেনারেলের প্রতিবেদনেও দেখা যায় কর্মী নেওয়ার পদ্ধতিতে সরকার ও বেস্টিনেটের মধ্যে কোনো আনুষ্ঠানিক চুক্তি ছিল না। এদিকে আমিনুলকে নিয়ে করা অভিযোগ অস্বীকার করেছেন তিনি। বুধবার (৬ নভেম্বর) মালয়েশিয়ার জাতীয় পত্রিকা মালয় মেইলের এক প্রতিবেদনে দাবি করা হয়েছে, আমিনুল বা বেস্টিনেট মানবপাচারে জড়িত নয়, অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন।

আমিনুলের আইনজীবী শিবনান্থন এক বিবৃতিতে ব্যাখ্যা করেছেন, আমিনুল বেস্টিনেটের একজন শেয়ারহোল্ডার এবং তিনি মালয়েশিয়ার একটি প্রযুক্তি কোম্পানি ফরেন ওয়ার্কার সেন্ট্রালাইজড ম্যানেজমেন্ট সিস্টেম (এফডব্লিউসিএমএস) সরকারি অনুমোদনের অধীনে পরিচালনা করে। অপর অভিযুক্ত রুহুল আমিন স্বপনের মন্তব্য জানতে তার প্রতিষ্ঠান ক্যাথারসিস ইন্টারন্যাশনালের সঙ্গে ফোনে যোগাযোগ করে ব্লুমবার্গ। ঢাকাভিত্তিক এই রিক্রুটিং এজেন্সির স্বত্বাধিকারী হচ্ছেন রুহুল আমিন স্বপন। ক্যাথারসিসের একজন প্রতিনিধি ইমেইলে ব্লুমবার্গকে জানান, রুহুল এসব অভিযোগ অস্বীকার করেছেন এবং দাবি করেছেন, তিনি সবসময় `আইন মেনে, বৈধভাবে ও নৈতিকতার সাথে, ব্যবসা পরিচালনা করেছেন। এদিকে বাংলাদেশ পুলিশের পরিদর্শক আশিকুর রহমান ব্লুমবার্গকে বলেন, অভিযুক্ত দুই ব্যবসায়ীকে সর্বশেষ কুয়ালালামপুরে দেখা গেছে। মালয়েশিয়ার কর্তৃপক্ষ বাংলাদেশের অনুরোধে সাড়া দিয়েছেন এবং বাংলাদেশ পুলিশকে তাদের প্রত্যর্পণের জন্য আনুষ্ঠানিক অনুরোধপত্র জমা দিতে বলেছেন। বর্তমানে এসব নথি প্রস্তুত করা হচ্ছে বলেও উল্লেখ করেন তিনি।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ হুট করে হবে না : বাণিজ্য উপদেষ্টা

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণে স্বাচ্ছন্দ্যকে প্রাধান্য দেবে উল্লেখ করে বাণিজ্য উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেছেন, হুট করে এটা হবে না, যৌক্তিক সময়ে হবে। এই উত্তরণ হবে বাংলাদেশের স্বার্থে, জনগণের স্বার্থে। রোববার (১০ নভেম্বর) বাংলাদেশ ও সিঙ্গাপুর মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) সম্পাদনের আলোচনার সূচনা শীর্ষক অনুষ্ঠান শেষে সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ কথা বলেন বাণিজ্য উপদেষ্টা। অর্থ ও বাণিজ্য উপদেষ্টা বলেন, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত করার প্রক্রিয়া হুট করে বাস্তবায়ন করবে না সরকার। সময় নিয়ে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। স্বাচ্ছন্দ্যে উত্তরণ করা যায় এমন পরিস্থিতি বিবেচনায় নিয়েই বিষয়টি দেখা হবে।

সালেহউদ্দিন বলেন, যত বেশি দেশের সঙ্গে সম্ভব, মুক্তবাণিজ্য চুক্তি করবে সরকার। বিশেষ করে জাপান, ইন্দোনেশিয়া, ইন্ডিয়ার সঙ্গে চুক্তি করবো। এছাড়া আসিয়ানে যাওয়ার চেষ্টা করবো। আমরা মালয়েশিয়ার সঙ্গেও কাজ করবো। তিনি বলেন, ব্যবসায়ীরা বাণিজ্য নিয়ে সবসময়ই উদ্বিগ্ন থাকে। তাদের নানা সুযোগ-সুবিধা দরকার, এ বিষয়টিও বিবেচনায় রয়েছে। উপদেষ্টা বলেন, সিঙ্গাপুর বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণের জন্য একটি সম্ভাবনাময় এলাকা। পণ্য ছাড়াও সেবা ও বিনিয়োগ খাতেও সিঙ্গাপুরের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক উন্নয়নের সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিকভাবে দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি সইয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুরের হাইকমিশনার ডেরেক লো বলেন, ভৌগোলিক অবস্থানের কারণে সিঙ্গাপুরের জন্য বাংলাদেশের বিশেষ করে চট্টগ্রাম খুবই গুরুত্বপূর্ণ। চট্টগ্রামের বে-টার্মিনালে সিঙ্গাপুরের শিপিং কোম্পানি পিএসএ বিনিয়োগ করছে, বে-টার্মিনাল ট্রান্সফরমেশনের মাধ্যমে এ আন্তর্জাতিক বৃহৎ বন্দরে উপনীত হবে। এ সূত্রে দু,দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি পাবে।

অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার আন্তর্জাতিক বিষয় সংক্রান্ত বিশেষ দূত লুৎফে সিদ্দিকী, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন ও বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মোহাং সেলিম উদ্দিন বক্তব্য রাখেন। এর আগে বাণিজ্য উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদের সঙ্গে সচিবালয়ে তার অফিস কক্ষে সিঙ্গাপুরের হাই কমিশনার ডেরেক লো সৌজন্য সাক্ষাৎ করেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## চেকপোস্টে র‍্যাবের ওপর হামলাচেষ্টায় ৪ যুবক গ্রেফতার

কক্সবাজারে তল্লাশিকালে চেকপোস্টে র‍্যাবের ওপর হামলার চেষ্টাকারী চারজনকে গ্রেফতার করা হয়েছে। রোববার (১০ নভেম্বর) ভোরে সৈকতের লাবণী পয়েন্ট মোড় থেকে তাদের গ্রেফতার করা হয়। তারা হলেন, কক্সবাজার পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডের মৃত মোক্তার আহম্মদের ছেলে আক্তার কামাল সোহেল (২৭), একই ওয়ার্ডের ঘোনারপাড়া এলাকার নুরুল কবিরের ছেলে সাইফুল ইসলাম (৩৫), ৬ নম্বর ওয়ার্ডের দক্ষিণ রুমালিয়ারছরার আবদুল হাকিমের ছেলে নুরুল আমিন হেলালি (৩৪) ও সদরের খুরুশকুল ইউনিয়নের কুলিয়াপাড়ার সৈয়দুল হকের ছেলে ইয়াছিন আরাফাত (২৪)।

র‍্যাব-১৫ কক্সবাজারের মিডিয়া কর্মকর্তা অতিরিক্ত পুলিশ সুপার মো. কামরুজ্জামান বলেন, রাতে সৈকতের লাবণী পয়েন্টের সুগন্ধা-হোটেল কক্স টুডে সংলগ্ন চেকপোস্ট বসানো হয়। রাত ৪টার দিকে সুগন্ধা পয়েন্ট থেকে দ্রুতগতিতে আসা কয়েকটি মোটরসাইকেলকে থামার সংকেত দেওয়া হয়। তাদের পরিচয় জানতে চাইলে তারা সেটি দিতে অস্বীকৃতি জানায়। এক পর্যায়ে র‍্যাব সদস্যদের মারতে উদ্ধত হন তারা। পরে হামলা চেষ্টার অভিযোগে চারজনকে গ্রেফতার করা হয়। এসময় অজ্ঞাতনামা আরও ৪-৫ জন পালিয়ে যায়। এসময় দুর্বৃত্তদের হেফাজত হতে ইয়ামাহা ব্রান্ডের তিনটি অত্যাধুনিক মোটরসাইকেল, দুটি কাঠের লাঠি এবং তিনটি মোবাইল জব্দ করা হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## উপদেষ্টা হিসেবে শপথ নিলেন বশির-মাহফুজ-ফারুকী

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা হিসেবে শপথ নিলেন আরও তিনজন। রোববার (১০ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন নতুন উপদেষ্টাদের শপথ পড়ান। উপদেষ্টা হিসেবে শপথ নিলেন শীর্ষস্থানীয় শিল্প গোষ্ঠী আকিজ-বশির গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক সেখ বশির উদ্দিন, চলচ্চিত্র পরিচালক ও নাট্যকার মোস্তফা সরয়ার ফারুকী এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম। তবে কে কোন দপ্তর পেয়েছেন তা এখনো জানা যায়নি। গত ৫ আগস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করে ভারতে পালিয়ে যান শেখ হাসিনা। ওইদিনই বিলুপ্ত হয় মন্ত্রিসভা। পরদিন ৬ আগস্ট দ্বাদশ জাতীয় সংসদ ভেঙে দেন রাষ্ট্রপতি। এরপর গত ৮ আগস্ট শপথ নেয় অন্তর্বর্তীকালীন সরকার। এ সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব নেন শান্তিতে নোবেলজয়ী

অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস। ওই সময় নিয়োগ পান ১৬ জন উপদেষ্টা। ঢাকা ও দেশের বাইরে থাকায় তিনজন উপদেষ্টা ওইদিন শপথ নিতে পারেননি। তারা পরে শপথ নেন। পরে আরও চারজন উপদেষ্টা অন্তর্বর্তী সরকারে যুক্ত হন।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## নৌ-মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নিয়োগ পেলেন সাবেক আমলা ইউসুফ

চুক্তিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন সাবেক আমলা মোহাম্মদ ইউসুফ। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪৯ ধারা অনুযায়ী দুই বছরের জন্য তাকে চুক্তিতে নিয়োগ দিয়ে রোববার (১০ নভেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। অন্য যে-কোনো পেশা, ব্যবসা কীংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে তিনি এ নিয়োগ পেয়েছেন। যোগদানের তারিখ থেকে তার এ নিয়োগ কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে।

এর আগে গত ২ সেপ্টেম্বর নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মোস্তফা কামালকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়। গত ৩০ সেপ্টেম্বর বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) মতিউর রহমানকে সচিব পদে পদোন্নতির পর নৌপরিবহন মন্ত্রণালয়ে পদায়ন করা হয়। কিন্তু দুদিন পর তাকে ওএসডি করা হয়।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## কৃষি উপদেষ্টার সঙ্গে অস্ট্রেলিয়ার হাইকমিশনারের সাক্ষাৎ

কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) এর সঙ্গে সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত অস্ট্রেলিয়ার হাই কমিশনার (ভারপ্রাপ্ত) নার্ডিয়া সিম্পসন। রোববার রাজধানীর সচিবালয়স্থ কৃষি মন্ত্রণালয়ের অফিস কক্ষে কৃষি উপদেষ্টা হাইকমিশনার ও তার প্রতিনিধিদলকে শুভেচ্ছা জানান। সাক্ষাৎকালে দুই দেশের কৃষি, কৃষি পণ্য রপ্তানি, কারিগরি প্রশিক্ষণ, গবেষণা, কৃষি খাতের দক্ষ শ্রম শক্তি রপ্তানি ও রোহিঙ্গাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। কৃষি উপদেষ্টা বলেন, অস্ট্রেলিয়ার সঙ্গে আমাদের বন্ধুত্ব দীর্ঘদিনের। দুই দেশের মধ্যে বাণিজ্য সম্পর্ক আরও বাড়ানো সম্ভব। বিশেষ করে শাক সবজি, আম এসব রপ্তানি বাড়ানো যায়। অস্ট্রেলিয়ার কৃষিখাতের পরিধি অনেক, আমাদের দেশ থেকে দক্ষ শ্রমিক নেওয়ার বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করা যেতে পারে বলে উপদেষ্টা যোগ করেন।

উপদেষ্টা কৃষি বিষয়ে গবেষণা জোরদারে অস্ট্রেলিয়াকে গবেষকদের বৃত্তির মাধ্যমে উচ্চশিক্ষার সুযোগ দিতে প্রতিনিধিদলকে বলেন। পাশাপাশি কারিগরি প্রশিক্ষণেও সহযোগিতা আশা করেন। মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জনগোষ্ঠীর সংখ্যা ক্রমান্বয়ে বাড়ছে উল্লেখ করে এ বিষয়ে সহযোগিতা বাড়ানোর পাশাপাশি কিছু সংখ রোহিঙ্গাকে অস্ট্রেলিয়ায় নেওয়ার জন্যও বলেন। হাইকমিশনার কৃষি পণ্য আমদানিতে তার দেশের আগ্রহের কথা জানিয়ে নির্দিষ্ট প্রটোকল মেনে পরিশোধন করে পণ্যের মান নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। হাইকমিশনার কৃষি গবেষণা ও কারিগরি প্রশিক্ষণে আরও সহযোগিতা বাড়ানোর কাজ করবেন বলে জানান। এ সময় কৃষি ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## অর্থপাচারবিরোধী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন যুক্তরাষ্ট্র দূতাবাসে

বাংলাদেশের আইনপ্রয়োগকারী সংস্থাগুলোর সহযোগিতায় পুলিশ স্টাফ কলেজে অর্থপাচারবিরোধী ও কাউন্টার-থ্রেট অর্থায়নবিরোধী (এএমএল/সিটিএফ) প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেছে ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস। যুক্তরাষ্ট্রের সিক্রেট সার্ভিসের নেতৃত্বে এবং যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্টের সন্ত্রাসবিরোধী ব্যুরোর অর্থায়নে এই উদ্যোগটি বাংলাদেশের কর্মকর্তাদের আর্থিক ও সাইবার অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে তদন্ত ও কারিগরি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য নিয়ে পরিচালিত হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশের ১১টি সংস্থার ৬০ জন আইন প্রয়োগকারী কর্মকর্তা অংশগ্রহণ করেন, যা আনুষ্ঠানিক সেমিনার, অনলাইন প্রশিক্ষণ এবং ব্যবহারিক তদন্তমূলক অনুশীলনসহ এক বছরের দীর্ঘ প্রশিক্ষণ কর্মসূচির সূচনা করে। সার্জে দ্য অ্যাফেয়ার্স (এ.আই) মেগান বোল্ডিন বলেন, যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশ উভয়ই সীমান্ত পেরিয়ে কাজ করা আন্তঃদেশীয় অপরাধী নেটওয়ার্কের অভিন্ন চ্যালেঞ্জের মুখোমুখি। আমাদের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে আমরা এই নেটওয়ার্কগুলোকে দুর্বল করতে এবং আমাদের নাগরিকদের জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত পরিবেশ নিশ্চিত করতে সক্ষম হবো।

সার্জে দ্য অ্যাফেয়ার্স (এ.আই.) মেগান বোল্ডিন তার বক্তব্যে এই বহুমুখী হুমকির- যার মধ্যে আর্থিক অপরাধ, মানবপাচার এবং সন্ত্রাসবাদ অন্তর্ভুক্ত- মোকাবিলায় দ্বিপাক্ষিক সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর বিশেষ গুরুত্বারোপ করেন। বছরব্যাপী এই প্রশিক্ষণ কর্মসূচিতে আর্থিক তদন্তের জন্য গুরুত্বপূর্ণ কৌশলসমূহ অন্তর্ভুক্ত থাকবে, যার মধ্যে রয়েছে ওপেন সোর্স ইন্টেলিজেন্স এবং ক্রিপ্টোকারেন্সি ট্রেসিং। এর মাধ্যমে বাংলাদেশের আইন প্রয়োগকারী কর্মকর্তাদের প্রমাণ সংগ্রহ এবং মামলার উপস্থাপনে আন্তর্জাতিক মানের দক্ষতা অর্জনের সুযোগ মিলবে। এই প্রোগ্রামটি আর্থিক ও সাইবার অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে বাংলাদেশের সক্ষমতা বৃদ্ধিতে যুক্তরাষ্ট্র সরকারের

প্রতিশ্রুতিকে পুনর্ব্যক্ত করে, যা নিরাপদ ইন্দো-প্যাসিফিক অঞ্চল এবং আরও সুরক্ষিত বৈশ্বিক অর্থনৈতিক ব্যবস্থার প্রচারে সহায়তা করবে।

২০১১ সাল থেকে, যুক্তরাষ্ট্র সরকার অপরাধস্থল ব্যবস্থাপনা, সহিংস চরমপন্থা প্রতিরোধ, নেতৃত্ব এবং মানবাধিকার বিষয়ে বাংলাদেশের ২৫ হাজার জনের বেশি পুলিশ ও ২৫০ জন অন্যান্য নিরাপত্তা কর্মকর্তার প্রশিক্ষণে সহায়তা করেছে। এর মধ্যে ভার্চুয়াল কারেন্সি তদন্ত এবং সামাজিকমাধ্যম কৌশলের মতো বিশেষ বিষয় নিয়ে সেশনের পাশাপাশি আন্তর্জাতিক প্রশিক্ষণের সুযোগও অন্তর্ভুক্ত রয়েছে, যেমন ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব চিফস অফ পুলিশ কনফারেন্স এবং উইমেন,স লিডারশিপ ইনস্টিটিউট। যুক্তরাষ্ট্রের সহায়তায় বাংলাদেশে আইন প্রয়োগকারী সংস্থাগুলোর দক্ষতা বৃদ্ধি পেয়েছে, যা দেশে পেশাগত উন্নয়ন এবং উন্নত নিরাপত্তা চর্চা প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## আরও বাংলাদেশি কর্মী নিতে চায় লিবিয়া

বাংলাদেশ থেকে আরও কর্মী নিতে আগ্রহ প্রকাশ করেছে লিবিয়া। বিশেষ করে চিকিৎসক ও প্রকৌশলী নিয়োগে আগ্রহ প্রকাশ করেছে দেশটি। এছাড়াও, বাংলাদেশি শিক্ষার্থীদের তাদের শীর্ষ বিশ্ববিদ্যালয়গুলোতে পড়াশোনার জন্য আমন্ত্রণ জানিয়েছে লিবিয়া। রোববার (১০ নভেম্বর) রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎকালে এ আগ্রহের কথা জানান ঢাকায় নিযুক্ত লিবিয়ার রাষ্ট্রদূত আবদুল মুতালিব এস এম সালিমান। রাষ্ট্রদূত সালিমান লিবিয়ায় বাংলাদেশি কর্মীদের গুরুত্বপূর্ণ অবদানের কথা উল্লেখ করেন। বিশেষ করে কৃষিক্ষেত্রে আরও অবদান রাখার সম্ভাবনার ওপর গুরুত্বারোপ করেন। লিবিয়ায় কর্মরত কিছু বাংলাদেশি চিকিৎসক বেতন সংক্রান্ত সমস্যার সম্মুখীন হচ্ছেন বলে তিনি স্বীকার করেন। তবে চলমান সংস্কার কার্যক্রমের মাধ্যমে শিগগির এ সমস্যা সমাধানের আশাবাদ ব্যক্ত করেন।

অধ্যাপক ইউনূস অবৈধ অভিবাসন ও মানব পাচার রোধে বাংলাদেশ ও লিবিয়ার যৌথ প্রচেষ্টার ওপর জোর দেন। তিনি বলেন, আমরা মানব পাচার সমর্থন করি না। এজন্য অনেক মানুষ কষ্ট পাচ্ছে। আমাদের একসঙ্গে কাজ করে এটি বন্ধ করতে হবে। প্রধান উপদেষ্টা এসময় বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও মজবুত করার জন্য রাষ্ট্রদূতকে অনুরোধ করেন। অধ্যাপক ইউনূস বাংলাদেশে লিবিয়া থেকে তেল আমদানির সম্ভাবনা নিয়েও আগ্রহ প্রকাশ করেন। জবাবে রাষ্ট্রদূত সালিমান বাংলাদেশ ও লিবিয়ার মধ্যে বিমান সংযোগ পুনরায় চালুর গুরুত্বের ওপর জোর দেন। এ বিষয়ে বাংলাদেশের সহযোগিতা কামনা করেন তিনি। (জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

## ডেঙ্গুতে আরও ৫ মৃত্যু, হাসপাতালে ১৩৩৭ জন

ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও এক হাজার ৩৩৭ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। এতে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭২ হাজার ৩৩৯ জনে। এ সময় নতুন করে আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। ফলে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৫৫ জনে। রোববার (১০ নভেম্বর) সন্ধ্যায় স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গু বিষয়ক এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। মৃতদের মধ্যে চারজন ঢাকার দুই সিটি করপোরেশন এবং একজন ঢাকা বিভাগের বাসিন্দা। আক্রান্তদের মধ্যে ঢাকার দুই সিটি করপোরেশন এলাকার ৪২৯ জন রয়েছেন। এছাড়াও ঢাকা বিভাগে ৩৫১ জন, চট্টগ্রাম বিভাগে ১৬২ জন, বরিশাল বিভাগে ১০১ জন, খুলনা বিভাগে ১৩৯ জন, ময়মনসিংহ বিভাগে ৪৮ জন, রাজশাহী বিভাগে ৬৯ জন, রংপুর বিভাগে ৩৩ জন এবং সিলেট বিভাগে ৫ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১০ নভেম্বর পর্যন্ত সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন মোট ৭২ হাজার ৩৯৩ জন। যাদের মধ্যে ৬৩ দশমিক ১০ শতাংশ পুরুষ এবং ৩৬ দশমিক ৯০ শতাংশ নারী। এছাড়া এখন পর্যন্ত মৃত ৩৫৫ জনের মধ্যে ৫১ শতাংশ নারী এবং ৪৯ শতাংশ পুরুষ। প্রতি বছর বর্ষাকালে ডেঙ্গুর প্রকোপ দেখা দেয়। ২০২৩ সালের জুন মাস থেকে ডেঙ্গু পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করে। গেল বছর দেশে ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নেন। এর মধ্যে ঢাকায় এক লাখ ১০ হাজার ৮ জন এবং ঢাকার বাইরে চিকিৎসা নিয়েছেন দুই লাখ ১১ হাজার ১৭১ জন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১০.১১.২০২৪ আলী আহমেদ)

# BBC

## RUSSIA SUFFERS WORST MONTH FOR CASUALTIES: UK DEFENCE CHIEF

Russia has suffered its worst ever month for casualties since the start of the war in Ukraine, the UK chief of defence staff has told the BBC. Admiral Sir Tony Radakin said Russia's forces suffered an average of about 1,500 dead and injured "every single day" in October, bringing its losses to 7,00,000 since the war began in February 2022. Russia does not

disclose the number of its war dead, but Western defence officials have said October's death toll was the heaviest so far. In an interview with BBC One's Sunday with Laura Kuenssberg programme, Sir Tony said the Russian people were paying an "extraordinary price" for Putin's invasion. (BBC Web Page: 10/11/24, FARUK)

**ISRAELI STRIKE ON GAZA HOUSE KILLS MANY: MEDICS AND RESCUERS SAY**

Dozens of people have been killed and wounded in an Israeli strike on a house in Jabalia in northern Gaza, Palestinian medics and rescuers say. The official Palestinian news agency Wafa and Gaza's Hamas-run Civil defence agency said at least 30 people had been killed. The civil defence said the dead included 13 children. The Israel Defence Forces (IDF) said it struck a site in Jabalia where "terrorists were operating", steps had been taken to mitigate civilian harm and the details were under review. Aid group say Jabalia and other parts of northern Gaza have been under siege since early October when Israel launched a new ground offensive against Hamas. (BBC Web Page: 10/11/24, FARUK)

**IRISH MAN SUSPECTED OF KILLING US NURSE ARRESTED IN HUNGARY**

A 37-year-old Irish man has been arrested in connection with the murder of an American nurse in Hungary, police say. Mackenzie Michalski, 31, from Portland, Oregon, was reported missing after a night out in Hungary's capital, Budapest, on Tuesday. Officers said the suspect was identified through CCTV footage and later confessed to killing Ms Mackenzie, but claimed her death had been an accident. In a statement, put out on Saturday, police said the man had attempted to conceal Ms Michalki's death by renting a car, putting her body in a suitcase and hiding it in woodland near the village of Szigliget in the country's west.
(BBC Web Page: 10/11/24, FARUK)

**QATAR SUSPENDS ROLE AS MEDIATOR BETWEEN ISRAEL AND HAMAS**

Qatar has suspended its work as a mediator in ceasefire and hostage release talks between Israel and Hamas, officials say. The country said it would resume its work when Hamas and Israel "show their willingness" to negotiate. It comes after senior US officials reportedly said Washington would no longer accept the presence of Hamas representatives in Qatar, accusing the Palestinian group of rejecting fresh proposals for an end to the war in Gaza. Qatar said initial reports it had withdrawn from mediation talks and said that Hamas's political office in Doha "no longer serves its purpose" were "inaccurate".
(BBC Web Page: 10/11/24, FARUK)

**TRUMP ALLY SAYS UKRAINE FOCUS MUST BE PEACE, NOT TERRITORY**

A former adviser to President elect Donald Trump says the incoming administration will focus on achieving peace in Ukraine rather than enabling the country to gain back territory occupied by Russia. Bryan Lanza, who worked on Trump's 2024 presidential campaign, told the BBC the incoming administration would ask Ukrainian President Volodymyr Zelensky for his version of a "realistic vision for peace". "And if President Zelensky comes to the table and says, well we can only have peace if we have Crimea, he shows to us that he's not serious," he said. "Crimea is gone." (BBC Web Page: 10/11/24, FARUK)

**OVER 1,00,000 PEOPLE PROTEST IN VALENCIA OVER FLOODS**

Huge numbers of people have protested in Valencia against authorities handling of recent deadly floods, demanding the resignation of regional head Carlos Mazon. Spanish outlets, including news agency Efe, cited a government body as saying 1,30,000 people took to the streets on Saturday - with protesters chanting "we are stained with mud, you are stained with blood". More than 200 people died in the flooding, which was caused by torrential rain hitting Valencia and neighbouring provinces in October. Eighty people are still missing.
(BBC Web Page: 10/11/24, FARUK)

**UK, US CARRY OUT AIR STRIKES ON YEMEN, INCLUDING SANAA**

The United States and the United Kingdom have launched air strikes in Yemen, including the capital Sanaa, a television station run by the Houthi rebel group has reported, with the Pentagon saying it targeted advanced weapons storage facilities in the raids. Al Masirah TV reported on Sunday that parts of Sanaa, the northern Amran governorate and other areas were hit overnight. There were no immediate reports of casualties. "Eyewitnesses said they heard intense flying, along with explosions in different parts of Sanaa," it said. The Pentagon told the AFP news agency that it targeted facilities, which contained various weapons used

to target military and civilian vessels navigating international waters throughout the Red Sea and the Gulf of Aden. (BBC Web Page: 10/11/24, FARUK)

**INDIA BETS ON MODI-TRUMP WARMTH TO NAVIGATE CHOPPY FUTURE WITH US**

During his campaign for re-election, Donald Trump repeatedly threatened major tariffs on imports from a range of countries. Beijing bore the brunt of his attention - he threatened a 60% tariff on Chinese products. But India was a major target, too - he described the country as a "major charger" of tariffs, and promised to do the same in return. Now, as Trump prepares to take office again after a stunning win over Vice President Kamala Harris in the US presidential election, his plans for trade barriers and his anti-immigrant rhetoric threaten to inject tensions into bilateral relations with India. The US is India's largest export destination and consistently ranks among its top two trade partners.
(BBC Web Page: 10/11/24, FARUK)

**::THE END::**